**৯. অনুমোদন :** বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত কোন তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান (Insurtech বা start up) বীমাকারীর সাথে বীমা পণ্য বা বীমা সেবা প্রদানের কার্যক্রমে যুক্ত হতে পারবে না।

**১০. অনুমোদন বাতিল/ স্থগিতকরণ** : কর্তৃপক্ষ যে কোন সময় নিম্নলিখিত কারণে প্রদত্ত অনুমোদন বাতিল/ স্থগিত করার অধিকার সংরক্ষণ করবে:-

(ক) এ গাইডলাইন্সে উল্লিখিত শর্তের লঙ্ঘন হলে;

(খ) বীমা আইন, ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি বা প্রবিধি বা অন্য কোন আইন বা বিধানের সাথে Insurtech/Start-up প্রতিষ্ঠানের কার্যক্রম সাংঘর্ষিক অথবা পরিপন্থী হলে;

(গ) স্যান্ডবক্সের আওতায় কোন কার্যক্রমের মাধ্যমে বীমা গ্রাহকের স্বার্থ ক্ষতিগ্রস্থ হলে এবং

(ঘ) কর্তৃপক্ষের নিকট রেগুলেটরি স্যান্ডবক্স এর কোন কার্যক্রম বেআইনী হিসেবে গণ্য হলে।

তবে শর্ত থাকে যে, অনুমোদন বাতিল বা স্থগিতের পূর্বে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হবে।

**১১. অনুমোদনের সময়কাল**: কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমোদন তিন বছরের জন্য বলবৎ থাকবে।

**১২) অনুমোদনের সময় বর্ধিতকরণ**: কর্তৃপক্ষ সন্তুষ্ট হলে নিম্নবর্ণিত শর্তে প্রদত্ত মেয়াদকাল বর্ধিত করতে পারবে:

ক) কার্যমূল্যায়ন প্রতিবেদনসহ সময় বর্ধিতকরণের যৌক্তিকতাসহ আবেদনপত্র;

খ) কর্তৃপক্ষ আবেদনের যথার্থতা মূল্যায়ন করে মেয়াদ বৃদ্ধি করবে;

গ) মেয়াদ বৃদ্ধি করা হলে অনুচ্ছেদ ১০ এর শর্তাদি বর্ধিত সময়ে একইভাবে প্রযোজ্য হবে।

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ কোনক্রমেই মেয়াদ এক বছরের অধিক বৃদ্ধি করবে না।

**১৩. সম্ভাব্য ঝুঁকি এবং প্রতিকার**:

'Sandbox' এর অধীনে কোন বীমা পণ্য বা সেবা প্রদানের পরীক্ষামূলক কার্যক্রম চলাকালীন যে সকল ঝুঁকির উদ্ভব হতে পারে সেগুলো যথাযথভাবে শনাক্ত করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে। যথা:

ক. বীমা গ্রাহকদের সাথে উত্তম ও ন্যায় সংগত আচরণ নিশ্চিত করতে হবে;

খ. মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়নের প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

গ. বীমা গ্রাহকদের তথ্যাদি গোপন রাখতে হবে;

ঘ. আর্থিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহকদের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে ক্ষতিপূরণের ব্যবস্থা প্রদান করতে হবে;

ঙ. বীমা গ্রাহকদের পর্যাপ্ত তথ্যাদি প্রদান করতে হবে; এবং

চ. পরীক্ষামূলক পদ্ধতিতে অংশগ্রহণকারী বীমা গ্রাহকদের অভিযোগ প্রতিকারের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানে 'অভিযোগ ও প্রতিকারমূলক ব্যবস্থা' পদ্ধতি থাকতে হবে।

**১৪. প্রতিবেদন দাখিল ও অনুমোদনের মেয়াদউত্তীর্ণের সময়**:

ক. স্যান্ডবক্সের অধীনে বীমা পরিকল্প বা সেবার পরীক্ষা করার সময়ে তার অগ্রগতিমূলক প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;

খ. বীমাপণ্য বা সেবার পরীক্ষা-নিরীক্ষার সকল রেকর্ড ও তথ্য যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে;

গ. অন্তবর্তীকালীন প্রতিবেদন: বীমা পণ্য বা সেবা পরীক্ষা প্রক্রিয়া শুরুর ৬ মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যের আলোকে অর্জিত লক্ষ্য, বিভিন্ন পরিসংখ্যান, পরিচালনগত অসুবিধাসমূহ সম্বলিত প্রতিবেদন কর্তৃপক্ষে দাখিল করতে হবে:

ঘ. চূড়ান্ত প্রতিবেদন: পরীক্ষা শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে গৃহীত উদ্ভাবন উদ্যোগের উদ্দেশ্যের বিপরীতে অর্জন পরীক্ষা পদ্ধতিতে অংশগ্রহণকারীদের মতামতের সংক্ষিপ্তসার, কোন অভিযোগ থাকলে তার উল্লেখসহ বিস্তারিত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;

**১৫. অভ্যন্তরীণ নিরীক্ষা পদ্ধতি:** কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রাপ্তির পর রেগুলেটরি স্যান্ডবক্স প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয় নিশ্চিত করতে হবে;

(ক) রেগুলেটরি স্যান্ডবক্সের জন্য স্থাপিত সিস্টেমের শুদ্ধতা (integrity) সর্বদা সংরক্ষণ করতে হবে;

(খ) বীমা গ্রাহকদের তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে; এবং

(গ) পর্যাপ্ত অভ্যন্তরীণ নিরীক্ষণ ব্যবস্থার মাধ্যমে সিস্টেমের গুণগতমান নিবিড় পরিবীক্ষণ এবং মূল্যায়ন করতে হবে।

**১৬. কর্তৃপক্ষের পরিদর্শন ও তথ্য চাওয়ার ক্ষমতা:**

(ক) কর্তৃপক্ষের নিযুক্ত কর্মকর্তা অথবা দল যে কোন সময় অনুমোদন প্রাপ্ত রেগুলেটরি স্যান্ডবক্স প্রতিষ্ঠানের যে কোন বই, তথ্য ভান্ডার/ই-তথ্য ভান্ডার, হিসাব, লেনদেন ও দলিলাদি পরিশর্দন করতে পারবে;

(খ) কর্তৃপক্ষ কোনো তথ্য/ পরিসংখ্যান/প্রমাণক লিখিতভাবে দাখিল করার নির্দেশ প্রদান করলে তা দাখিলের জন্য অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান বাধ্য থাকবে; এবং

(গ) যে কোনো অভিযোগের বিষয়ে রেগুলেটরি স্যান্ডবক্সের উপযুক্ত কর্মকর্তাদের কর্তৃপক্ষ শুনানিতে উপস্থিত হওয়ার নির্দেশ প্রদান করতে পারবে এবং শুনানী গ্রহণের পর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**১৭. উপদেষ্টা কমিটি:**

রেগুলেটরি স্যান্ডবক্সের কার্যক্রম সম্পর্কে পরামর্শ বা সুপারিশ প্রদানের জন্য কর্তৃপক্ষে নিম্নবর্ণিতভাবে একটি উপদেষ্টা কমিটি গঠিত হবে:

ক) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ- আহ্বায়ক;

খ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের দুইজন সদস্য;

গ) বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি;

ঘ) বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

ঙ) নির্বাহী পরিচালক আইন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সদস্য সচিব।

**১৮. গাইডলাইন সংশোধন করার ক্ষমতা:**

কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স গাইডলাইন্স'-২০২৩' এর পরিবর্তন, পরিমার্জন বা সংশোধন করতে পারবে। কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স গাইডলাইন্স, ২০২৩ বা উক্ত গাইডলাইন্সের যে কোন অনুচ্ছেদের বিষয়ে ব্যাখ্যা বা সার্কুলার বা নির্দেশনা জারি করতে পারবে।

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
সেবা শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

**বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন- ২০২৩ (প্রকাশের তারিখঃ ১৯-১০-২০২৩)**

জীবন ও সম্পত্তির ঝুঁকি মোকাবেলায় বীমা সেবার পরিধি বিস্তৃতির লক্ষ্যে বীমা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা, পেশাদারিত্ব, ও আর্থিক শৃঙ্খলা বৃদ্ধির মাধ্যমে সুশাসন নিশ্চিত করা জরুরি। বীমা আইন, ২০১০; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১৫ এবং জাতীয় বীমা নীতি ২০১৪ এর অনুচ্ছেদ ২.৫ এর উপ-অনুচ্ছেদ ৪৭ এর উদ্দেশ্য পূরণকল্পে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য আইন ও বিধি পরিপালন এবং সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে 'কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন' প্রণয়ন করা হলো।

**১. শিরোনাম:** এ গাইডলাইনটি **'বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন, ২০২৩'** নামে অভিহিত হবে।

**২. প্রবর্তন:** এ গাইডলাইনটি জারির তারিখ হতে কার্যকর হবে।

**৩. সংজ্ঞা:**

(ক) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০;

(খ) 'ব্যক্তি' অর্থ বীমা আইন, ২০১০ এর ২(৩২) ধারায় সংজ্ঞায়িত ব্যক্তি;

(গ) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর অধীনে গঠিত কর্তৃপক্ষ;

(ঘ) 'স্বার্থ সংশ্লিষ্ট লেনদেন (related party transaction)' অর্থ আর্থিক বা অর্থ সংশ্লিষ্ট নয় এমন কোন লেনদেন যেখানে-

(১) লেনদেনকারী পক্ষসমূহের পরস্পরের সাথে স্বার্থ সংশ্লিষ্ট সম্পর্ক বিদ্যমান, যার ফলে Arms length transaction এর মূল নীতিসমূহ পরিপালিত না হওয়ার আশঙ্কা রয়েছে; বা

(২) দুটি পক্ষের মধ্যে একটি চুক্তি বা ব্যবস্থা, যারা পূর্ব থেকে বিদ্যমান ব্যবসায়িক সম্পর্ক বা একইরকম স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে পরস্পরের সাথে যুক্ত;

(ঙ) "চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট" অর্থ বাংলাদেশ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অর্ডার, 1973 (1973 সালের রাষ্ট্রপতির আদেশ নং 2) এ সংজ্ঞায়িত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট;

(চ) "কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট" অর্থ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অধ্যাদেশ, 1977 (অর্ডিন্যান্স নং LIII অফ 1977) এ সংজ্ঞায়িত কস্ট এবং ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট;

(ছ) "চার্টার্ড সেক্রেটারি" অর্থ চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ (2010 সনের ২৫ নং আইন) এ সংজ্ঞায়িত চার্টার্ড সেক্রেটারি;

(জ) এ গাইডলাইনে যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হয়েছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয়নি, সে সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি ও প্রবিধানে যে অর্থে ব্যবহৃত হয়েছে এই নীতিমালায় উক্ত অর্থে প্রযোজ্য হবে।

**৪. প্রযোজ্যতা:** এ গাইডলাইনটি নিম্নলিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে:

(ক) কোন বীমাকারী;

(খ) জীবন বীমা কর্পোরেশন ও সাধারণ বীমা কর্পোরেশন; "বীমা কর্পোরেশন আইন, ২০১৯" এর ৩ ধারা সাপেক্ষে; এবং

(গ) কর্তৃপক্ষ নির্ধারিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

**৫. কর্পোরেট গভর্ন্যান্স কাঠামো (Governance Structure):**

(ক) কর্পোরেট গভর্ন্যান্স কাঠামোতে এমন একটি ব্যবস্থা থাকবে যা প্রশাসনিক দায়িত্ব ও তদারকির মধ্যে উপযুক্ত সীমারেখা, দায়িত্বের সুস্পষ্ট ও প্রকাশ্য নীতিমালা, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের যোগ্যতা ও দক্ষতা নিশ্চিতকরণের মাধ্যমে শেয়ারহোল্ডার, স্টেকহোল্ডার ও বীমাগ্রাহকদের অধিকার সংরক্ষণ নিশ্চিত করে।

(খ) কর্পোরেট গভর্ন্যান্স কাঠামোর প্রধান উপাদানসমূহ

- পরিচালনা পর্ষদ ও পরিচালক(গণ)
- পরিচালনা পর্ষদের কমিটিসমূহ
- ব্যবস্থাপনা কাঠামো
- উর্ধ্বতন ব্যবস্থাপক(গণ) (Senior Management) ও গুরুত্বপূর্ণ কর্মী (Key personnel)
- একচ্যুয়ারি
- বহিঃ নিরীক্ষা/সংবিধিবদ্ধ অডিটর
- প্রকাশযোগ্য তথ্য (Disclosures)
- স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক
- কর্তৃপক্ষের সাথে পারস্পরিক সম্পর্ক ও যোগাযোগ (Interaction)
- গুরুত্বপূর্ণ নীতিমালাসমূহ

**৬. পরিচালনা পর্ষদ ও পরিচালক(গণ):**

**৬.১ পরিচালনা পর্ষদের গঠন:**

বীমা আইন, ২০১০ এর ধারা ৭৬(১) এর বিধানাবলীর আলোকে বীমাকারীর পরিচালনা পর্ষদের মোট পরিচালকের সংখ্যা হবে সর্বোচ্চ ২০ (বিশ) জন। এর মধ্যে ২ (দুই) জন নিরপেক্ষ পরিচালক থাকবে।

**৬.২ পরিচালনা পর্ষদ ও পরিচালক(গণ)-**

পরিচালকের নিয়োগ এবং পুনঃনিয়োগের সুস্পষ্ট পদ্ধতি থাকবে এবং এক্ষেত্রে বীমা আইন, ২০১০ এবং এতদসংশ্লিষ্ট বিধি-বিধান ও কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণের পাশাপাশি অন্যান্য আইনের (প্রযোজ্য ক্ষেত্রে) বিধি-বিধান পালন করতে হবে । তবে শর্ত থাকে যে, বীমা আইন, ২০১০ ও সংশ্লিষ্ট বিধি-বিধান প্রাধান্য পাবে।

(ক) পরিচালক(গণ)-এর দায়িত্ব পালনের সক্ষমতা (fitness) সুনিশ্চিত করার জন্য পরিচালনা পর্ষদ নিশ্চিত করবে যে, কোন পরিচালক:

(১) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি এবং বাংলাদেশ বা অন্য কোথাও কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি সাব্যস্ত হননি।

(২) কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হননি কিম্বা কোনো জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্য কোন বেআইনি কার্যকলাপে জড়িত নন।

(৩) বাংলাদেশে বা অন্যত্র নিয়ন্ত্রক সংস্থার নিয়ম, প্রবিধান বা শৃঙ্খলা লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত হননি।

(৪) কোন আইনী প্রক্রিয়ায় দোষী সাব্যস্ত হননি।

(৫) বাংলাদেশে বা অন্য কোথাও বীমা এজেন্ট/মধ্যস্থতাকারী বা কোনো বীমা প্রতিষ্ঠানের বেতনভোগী কর্মচারী বা সুবিধাভোগী অডিটর/পরামর্শক/উপদেষ্টা/একচ্যুয়ারি হিসাবে নিযুক্ত নন।

(খ) (১) পরিচালনা পর্ষদের সভাপতি ও সহ-সভাপতি বীমা আইন, ২০১০ এর ৭৯ ধারা অনুযায়ী নির্বাচিত হবেন।

(২) পরিচালনা পর্ষদের সভাপতির অনুপস্থিতিতে, সহ-সভাপতি সভার সভাপতিত্ব করবেন।

(৩) পরিচালনা পর্ষদের সভাপতি এবং সহ-সভাপতি উভয়ের অনুপস্থিতিতে অবশিষ্ট সদস্যরা সেই নির্দিষ্ট পর্ষদ সভার জন্য নন-এক্সিকিউটিভ পরিচালকদের মধ্য থেকে একজনকে সভাপতি হিসেবে নির্বাচন করতে পারেন।

(৪) উপরোক্ত (২) ও (৩) ক্রমিকে সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতির কারণ কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

**৬.৩ নিরপেক্ষ (Independant) পরিচালক :**

(ক) "নিরপেক্ষ পরিচালক" অর্থ একজন পরিচালক, যিনি-

(১) বীমা কোম্পানিতে কোনো শেয়ার ধারণ করেন না;

(২) তিনি বা তার পরিবারের সদস্যগণ বীমাকারীর উদ্যোক্তা (Sponsor) নন বা বীমাকারীর উদ্যোক্তা (Sponsor) পরিচালক নন বা শেয়ারহোল্ডার পরিচালক নন বা মনোনীত পরিচালক নন;

(৩) তিনি বা তার পরিবারের সদস্যগণ বীমাকারী এর কোন সহযোগী (Associates), সহপ্রতিষ্ঠান (Sister Concern), সাবসিডিয়ারি প্রতিষ্ঠান (Subsidiary) বা প্যারেন্ট কোম্পানি (Parent Company) উদ্যোক্তা (Sponsor) নন বা বীমাকারীর উদ্যোক্তা (Sponsor) পরিচালক নন বা শেয়ারহোল্ডার পরিচালক নন বা মনোনীত পরিচালক নন;

(৪) তিনি বা তার পরিবারের সদস্য বীমাকারী এর কোন হোল্ডিং এন্টিটি (Holding entity) উদ্যোক্তা (Sponsor) নন বা উদ্যোক্তা (Sponsor) পরিচালক নন বা শেয়ারহোল্ডার পরিচালক নন বা মনোনীত পরিচালক নন বা হোল্ডিং এন্টিটি (Holding entity)-তে তিনি বা তার পরিবারের সদস্যগণ একত্রে বা আলাদাভাবে কোন শেয়ার ধারণ করেন না।

(৫) নিরপেক্ষ পরিচালক পদে নিয়োগের অব্যবহিত পূর্ববর্তী ২ (দুই) আর্থিক বছরে বীমাকারীর কোন নির্বাহী বা উপদেষ্টা পদে অধিষ্ঠিত ছিলেন না;

(৬) যার বীমা কোম্পানী বা এর সাবসিডিয়ারী কোম্পানি বা সংশ্লিষ্ট (Associated) কোম্পানির সাথে আর্থিক বা অন্য কোনরূপ সম্পর্ক নেই;

(৭) যিনি নিরপেক্ষ পরিচালক হিসেবে নিয়োগলাভের অব্যবহিত ৩ (তিন) বছর পূর্বের সময়কালে বীমাকারীর সংবিধিবদ্ধ অডিট বা অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম বা বিশেষ অডিট যুক্ত ছিলেন না;

(৮) যিনি ব্যাংক বা নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের ঋণখেলাপি সাব্যস্ত হননি;

(৯) উপযুক্ত আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত কারণে ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হননি;

(খ) (১) নিরপেক্ষ পরিচালক(দের) বোর্ড দ্বারা নিযুক্ত করা হবে এবং বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের দ্বারা অনুমোদিত হতে হবে;

(২) নিরপেক্ষ পরিচালক পদ ৯০ (নব্বই) দিনের বেশি শূণ্য রাখা যাবে না;

(৩) একজন নিরপেক্ষ পরিচালকের কার্যকাল ৩ (তিন) বছরের জন্য হবে, যা শুধুমাত্র ১ (এক) মেয়াদের জন্য বর্ধিত করা যাবে। তবে শর্ত থাকে যে, একজন প্রাক্তন নিরপেক্ষ পরিচালককে তার পরপর ২ (দুই) মেয়াদে অর্থাৎ ৬ (ছয়) বছর মেয়াদে দায়িত্ব পালনের পর ১ (এক) মেয়াদ সময় অতিবাহিত হওয়ার পর পুনরায় নিয়োগের জন্য বিবেচনা করা যাবে;

আরও শর্ত থাকে যে, নিরপেক্ষ পরিচালক কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) অনুসারে আবর্তের (rotation) দ্বারা অবসর গ্রহণ করবেন না;

ব্যাখ্যা: নিরপেক্ষ পরিচালকের মেয়াদ বা মেয়াদ গণনার উদ্দেশ্যে, মেয়াদের কোনো আংশিক মেয়াদকে পূর্ণ মেয়াদ বলে গণ্য করা হবে।

(গ) নিরপেক্ষ পরিচালকের যোগ্যতা: নিরপেক্ষ পরিচালক সততা ও জ্ঞানের মাধ্যমে আর্থিক আইন, কর্তৃপক্ষের নির্দেশনা এবং কর্পোরেট আইন ও বিধি-বিধানসমূহ প্রতিপালন নিশ্চিত করে ব্যবসায় অর্থপূর্ণ অবদান রাখতে সক্ষম হতে হবে। নিম্নোক্ত বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতা একজন নিরপেক্ষ পরিচালকের যোগ্যতা হিসেবে বিবেচিত হবে-

(১) সরকারি বা সংবিধিবদ্ধ বা স্বায়ত্বশাসিত বা নিয়ন্ত্রক সংস্থার প্রাক্তন কর্মকর্তা যিনি জাতীয় বেতন স্কেল 2015-এর ৫ম গ্রেডের নিম্নে নয় এরূপ পদে কর্মরত ছিলেন এবং যার কমপক্ষে অর্থনীতি বা বাণিজ্য বা ব্যবসা অধ্যয়ন বা আইনে স্নাতক ডিগ্রি রয়েছে; বা

(২) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক যার অর্থনীতি বা বাণিজ্য বা ব্যবসায় অধ্যয়ন বা বীমা বা আইনে স্নাতক ডিগ্রি রয়েছে; বা

(৩) পেশাদার যিনি-

- অন্ততপক্ষে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে প্র্যাকটিস করছেন এমন একজন অ্যাডভোকেট
- চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা সার্টিফাইড পাবলিক অ্যাকাউন্ট্যান্ট (CA or CPA)
- কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট (ICMAB or CMA/CIMA)
- চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট (CFA চার্টারধারী)
- একচ্যুয়ারি
- চার্টার্ড সচিব বা সমমানের যোগ্যতা
- বীমা বিষয়ক পেশাগত স্বীকৃতি (যেমন, FCII, ACII, FLMIL, ABIA)
- কর্তৃপক্ষ নির্ধারিত অন্য কোন পেশাগত যোগ্যতা; বা

(৪) একচ্যুয়ারিয়াল বিজ্ঞান বা অর্থ ও হিসাব বিজ্ঞান বা ব্যবস্থাপনা বা অর্থনীতি বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা;

(ব্যাখ্যা: উপরোক্ত (২), (৩) ও (৪) ক্রমিকের যেকোনো ক্ষেত্রে কমপক্ষে 10 (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।) বা

(৫) বেসরকারি বা বহুজাতিক কোম্পানিতে উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে অধিষ্ঠিত ছিলেন এরূপ কোন কর্মকর্তা যার কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা রয়েছে, তবে এক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিতে হবে; বা

(৬) অনুমোদিত ব্যাংক বা বীমা বা আর্থিক প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন এবং যাদের উক্ত পদ থেকে অবসর গ্রহণের বা পদত্যাগের পর কমপক্ষে ৩ (তিন) বছর সময় অতিবাহিত হয়েছে।

**৬.৪ পরিচালনা পর্ষদের ভূমিকা :**

বীমাকারীর দীর্ঘমেয়াদি লক্ষ্য অর্জন এবং কার্যকর ও দক্ষ পরিচালনায় দিক নির্দেশনা প্রদান ও তদারকি করা পরিচালনা পর্ষদের প্রধান দায়িত্ব। পরিচালনা পর্ষদ এ লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিসমূহ ও কর্পোরেট গভর্ন্যান্স কাঠামো/ব্যবস্থা তৈরি করবে।

- প্রাতিষ্ঠানিক ব্যবসার সামগ্রিক দিকনির্দেশনা, নীতি, কৌশল এবং ঝুঁকি ব্যবস্থাপনা নীতি প্রণয়ন ও কার্যকর করা;
- মূলধনের প্রয়োজনীয়তা, আয়-ব্যয়, বীমাগ্রাহক এবং শেয়ারহোল্ডারদের প্রত্যাশা এবং সম্ভাব্য লাভ-লোকসান বিবেচনা করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা;
- বীমা আইন এবং তার অধীনে প্রণীত বিধি-বিধানসহ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সার্কুলার ও নির্দেশনাসহ প্রযোজ্য অন্যান্য আইন ও বিধি-বিধান সম্পূর্ণরূপে মেনে চলার বাধ্যবাধকতা নিশ্চিত করা;
- সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের জন্য বিভিন্ন কাঠামো প্রণয়ন ও নিয়ন্ত্রণ করা;
- আইন ও বিধি-বিধানসহ কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাসমূহের সম্ভাব্য লঙ্ঘনের রিপোর্ট করার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের উৎসাহিত করা, হুইসেল ব্লোয়িং নীতিমালাসহ বিভিন্ন সুরক্ষা নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন ও বাস্তবায়ন করা;
- পরিচালকগণ, ব্যবস্থাপনা কর্মী এবং শেয়ারহোল্ডারদের প্রকৃত বা সম্ভাব্য স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্ব সনাক্তকরণ, নিরীক্ষণ এবং সমাধান করা;
- স্বার্থ সংশ্লিষ্ট লেনদেনসহ (related party transaction) সকল প্রকার লেনদেন নিরীক্ষণ ও নিয়ন্ত্রণ করা;
- ব্যবসায়ে নৈতিকতা ও উত্তম চর্চাকে উৎসাহিত করা এবং এতদসংক্রান্ত উদ্ভুত সমস্যা চিহ্নিত ও এর সমাধান করা।

**৬.৫ পরিচালনা পর্ষদের আচরণবিধি :**

(ক) পরিচালনা পর্ষদ 'মনোনয়ন ও পারিশ্রমিক কমিটি' (NRC)-এর সুপারিশক্রমে পর্ষদের চেয়ারম্যান, পর্ষদের সদস্য, কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য একটি আচরণ নীতিমালা (Code of Conduct) প্রণয়ন করবে। আচরণনীতিতে সুশাসন নিশ্চিতে ভূমিকা রাখে এমন বিষয়াদিসহ বিচক্ষণ আচরণ, গোপনীয়তা; স্বার্থের দ্বন্দ্ব; আইন ও বিধি-বিধান পরিপালন; কর্মপরিবেশ, কর্মচারী, বীমাগ্রাহক এবং স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক প্রভৃতি অন্তর্ভুক্ত থাকবে;

(খ) সকল পর্ষদ সদস্য এবং জ্যেষ্ঠ নির্বাহীদের অবশ্যই একটি স্বাক্ষরিত ঘোষণা প্রদান করে বার্ষিক ভিত্তিতে আচরণনীতিমালা পরিপালনের নিশ্চয়তা প্রদান করতে হবে। সকল পর্ষদ সদস্যের উচিত নৈতিকতা এবং ব্যবসায়িক আচরণের মান বজায় রাখা এবং কোম্পানী নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীর উপরেও ঐ সকল মান বজায় রাখার বাধ্যবাধকতা আরোপ করা।

## ৭. পরিচালনা পর্ষদের কমিটিসমূহ

৭.১ **কমিটিসমূহ** : কোম্পানিতে সুশাসন নিশ্চিত করার জন্য, পরিচালনা পর্ষদের কমপক্ষে নিম্নলিখিত কমিটিসমূহ থাকতে হবে:

(১) অডিট কমিটি (Audit Committee);

(২) মনোনয়ন এবং সম্মানী/পারিশ্রমিক কমিটি (NRC)

(৩) বিনিয়োগ কমিটি (Investment committee); এবং

(৪) ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি (Risk management committee)।

(৫) গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি (Policyholder protection & Compliance committee)

**৭.২ অডিট কমিটি (Audit committee)**

(ক) **অডিট কমিটি** : প্রস্তাবিত আর্থিক প্রতিবেদনে প্রকাশিতব্য তথ্যসমূহ (disclosures) পর্যালোচনা করার পাশাপাশি বহিঃ ও অভ্যন্তরীণ নিরীক্ষা তদারকির লক্ষ্যে পরিচালনা পর্ষদের তথা কোম্পানির একটি অডিট কমিটি (Audit Committee) থাকবে এই কমিটি পর্ষদের সাব-কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে।

**(খ) অডিট কমিটির গঠন :**

(১) অডিট কমিটি কমপক্ষে ৩ (তিন) সদস্যের সমন্বয়ে গঠিত হবে;

(২) পরিচালনা পর্ষদ অডিট কমিটির সদস্যদের নিয়োগ করবে। অডিট কমিটিতে পর্ষদের চেয়ারপার্সন ব্যতীত কোম্পানির নন-এক্সিকিউটিভ পরিচালক এবং কমপক্ষে 1 (এক) জন নিরপেক্ষ পরিচালককে অন্তর্ভুক্ত করতে হবে;

(৩) অডিট কমিটির সকল সদস্যকে হিসাববিজ্ঞান বা ফিন্যান্স বা এতদসংশ্লিষ্ট বিষয়ে সম্যক জ্ঞান এবং কমপক্ষে 1 (এক) জন সদস্যের সংশ্লিষ্ট বিষয়ে 10 (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

(৪) কমিটির কোন সদস্যের মেয়াদপূর্তি বা মেয়াদপূর্তির পূর্বে সঙ্গত কোন কারণে পদে অধিষ্ঠিত হতে অক্ষম হলে পদ শূণ্যের তারিখ থেকে ১ (এক) মাসের মধ্যে শূন্যপদটি পূরণ করতে হবে;

(৫) কোম্পানি সচিব কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

(গ) **অডিট কমিটির চেয়ারপার্সন :**

(১) পরিচালনা পর্ষদ অডিট কমিটির 1 (এক) সদস্যকে অডিট কমিটির চেয়ারপার্সন হিসেবে নির্বাচন করবে, যিনি একজন নিরপেক্ষ পরিচালক হবেন;

(২) অডিট কমিটির চেয়ারপারসনের অনুপস্থিতিতে, অবশিষ্ট সদস্যরা সেই নির্দিষ্ট সভার জন্য নিজেদের মধ্যে থেকে একজনকে চেয়ারপার্সন নির্বাচিত করতে পারেন, তবে চেয়ারপারসনের অনুপস্থিতির কারণ কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। তবে শর্ত থাকে, যে কোন সভায় ন্যূনতম একজন (১) নিরপেক্ষ পরিচালক অবশ্যই উপস্থিত থাকতে হবে;

(৩) অডিট কমিটির চেয়ারপার্সন বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকবেন;

তবে শর্ত থাকে যে, অডিট কমিটির চেয়ারপারসনের অনুপস্থিতিতে, অডিট কমিটির অন্য কোন সদস্যকে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য নির্বাচন করা যাবে এবং এক্ষেত্রে অডিট কমিটির চেয়ারপারসনের অনুপস্থিতির কারণ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।

**(ঘ) অডিট কমিটির সভা :**

(১) অডিট কমিটি একটি আর্থিক বছরে কমপক্ষে চারটি সভা করবে। তবে শর্ত থাকে যে, যৌক্তিক কারণ উদ্ভব হলে কমিটির যে কোন একজন সদস্যের অনুরোধে নিয়মিত সভা ছাড়াও যে কোন জরুরী সভা আহ্বান করা যাবে;

(২) অডিট কমিটির সভার কোরাম দুই সদস্য বা অডিট কমিটির দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে (যেটি বেশি) পূর্ণ হবে, তবে একজন নিরপেক্ষ পরিচালকের উপস্থিতি আবশ্যিক বলে গণ্য হবে।

**(ঙ) অডিট কমিটির ভূমিকা :**

(১) বীমাকারীর অ্যাকাউন্টিং নীতি ও অনুশীলনসমূহ মূল্যায়ন এবং অ্যাকাউন্টিং এর মূল নীতি ও মানদন্ড অনুসরণ করে আর্থিক প্রতিবেদন ও এতে প্রকাশিতব্য তথ্যসমূহ পর্যালোচনাসহ আর্থিক প্রতিবেদনে উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নিশ্চিতকরণ;

(২) অডিট কমিটি আর্থিক বিবরণী সম্পূর্ণ এবং সুনির্দিষ্ট তথ্য প্রতিফলিত করে কিনা তা পরীক্ষা করবে এবং বিবরণীসমূহ দেশে বিদ্যমান আইন, বিধি-বিধান এবং নিয়ম ও অ্যাকাউন্টিং মান অনুযায়ী প্রস্তুত করা হয়েছে কিনা তা নির্ধারণ করবে;

(৩) বহিঃ নিরীক্ষকের কর্মদক্ষতা ও প্রাপ্যতা নিশ্চিত করে তার নিয়োগের সুপারিশ করা;

(৪) নিরীক্ষা সংক্রান্ত পরিকল্পনা, কাজের মাত্রা ও পরিধি, দক্ষতা এবং কার্যকর অডিটের জন্য প্রয়োজনীয় সময়কে ভিত্তি ধরে অডিট ফি নির্ধারণ করা;

(৫) বহিঃ নিরীক্ষার ফলাফল পর্যালোচনা করা এবং আর্থিক প্রতিবেদন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে নিরীক্ষার প্রভাব মূল্যায়ন করে প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ, এবং বহিঃ নিরীক্ষকের কর্মসম্পাদন (performance) পর্যালোচনা করা;

(৬) অভ্যন্তরীণ নিরীক্ষা কাঠামোর দক্ষতা ও কার্যকারিতা মূল্যায়ন করা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা দ্বারা প্রস্তুতকৃত অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা;

(৭) অভ্যন্তরীণ নিরীক্ষার ফলাফল এবং সুপারিশ ম্যানেজমেন্ট কর্তৃক যথাযথভাবে বিবেচনা করা হয় কিনা তা পরীক্ষা করা;

(৮) ম্যানেজমেন্ট কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুঁকি ব্যবস্থাপনা, সমস্ত কর্মচারীর দায়িত্ব সচেতনতা, সংশ্লিষ্টদের সাথে নিয়মিত যোগাযোগ ও অভিযোগ প্রতিকার নিশ্চিত করা হচ্ছে কিনা তা মূল্যায়ন;

(৯) প্রতারণা, জালিয়াতি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে ঘাটতি বা অভ্যন্তরীণ এবং বহিঃ নিরীক্ষক এবং নিয়ন্ত্রক কর্তৃপক্ষের পরিদর্শক(গণ) কর্তৃক সনাক্তকৃত সমস্যা সম্পর্কিত প্রতিবেদনসমূহ বিবেচনায় ম্যানেজমেন্ট কর্তৃক প্রয়োজনীয় গৃহীত/গৃহীতব্য পদক্ষেপ পর্যালোচনা করে বোর্ডে উপস্থাপন করতে হবে;

(১০) কর্তৃপক্ষ এবং অন্যান্য সংস্থা কর্তৃক প্রণীত আইন, বিধি-বিধান ও নির্দেশনাসমূহ এবং বোর্ড কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ নিয়ম ও নীতিসমূহ পরিপালন হচ্ছে কিনা তা পর্যালোচনা করা;

(১১) পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত লক্ষ্য ও তদারকি কার্য সম্পাদন করা এবং নিয়মিত কমিটির নিজস্ব কর্মদক্ষতা মূল্যায়ন করা।

**(চ) অডিট কমিটির অধিকার :** অডিট কমিটির নিকট প্রধান নির্বাহী, অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি/কাঠামোর প্রধান, একচ্যুয়ারি এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পাশাপাশি সমস্ত প্রাসঙ্গিক ডেটা, রিপোর্ট, নথি এবং তথ্যের নিরবচ্ছিন্ন প্রবেশাধিকার (access)

থাকবে।

**(ছ) অডিট কমিটির প্রতিবেদন :**

(1) অডিট কমিটি পরিচালনা পর্ষদের নিকট তার কার্যক্রমের বিষয়ে প্রতিবেদন/রিপোর্ট দাখিল করবে;

(2) অডিট কমিটি অবিলম্বে পরিচালনা পর্ষদের নিকট রিপোর্ট করবে, যদি—

- স্বার্থ সংঘাত হয়;
- অভ্যন্তরীণ নিরীক্ষা বা আর্থিক বিবরণীতে সন্দেহজনক বা জালিয়াতি বা অনিয়ম বা ত্রুটি বা সমস্যা চিহ্নিত হয়েছে;
- আইন ও বিধি-বিধান লঙ্ঘন বা নিয়মের ব্যতয় বা ব্যবসার ক্ষতি হয় এমন বিষয়;
- অন্য কোন বিষয় যা অডিট কমিটি প্রয়োজনীয় বিবেচনায় অবিলম্বে বোর্ডকে অবহিত করবে;

(3) কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা: অডিট কমিটি আর্থিক অবস্থা এবং ব্যবসায়িক ফলাফলে প্রভাব ফেলে এমন যৌক্তিক বিষয় সংশোধন বা পরিবর্তনের লক্ষ্যে বোর্ড এবং ম্যানেজমেন্টকে অবহিত করার পরেও যদি তা অযৌক্তিকভাবে উপেক্ষিত হয়, সেক্ষেত্রে কমিটি প্রথমে বোর্ড এবং ম্যানেজমেন্টকে উক্ত সংশোধন বা পরিবর্তনের বিষয়ে রিপোর্ট দাখিল করবে। রিপোর্ট করার পরে প্রয়োজনে ২বার তাগিদ দেয়ার পর বা বোর্ডে প্রথম রিপোর্ট করার তারিখ থেকে 6 (ছয়) মাস মেয়াদ শেষ হওয়ার পরে, যেটি পূর্বে হয়, কর্তৃপক্ষের নিকট রিপোর্ট দাখিল করবে;

(4) শেয়ারহোল্ডার এবং সাধারণ বিনিয়োগকারীদের নিকট প্রতিবেদন/রিপোর্টিং: অডিট কমিটির সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন, তন্মধ্যে পরিচালনা পর্ষদে দাখিলকৃত অডিট কমিটির কোন প্রতিবেদন উক্ত অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হবে।

## ৮. মনোনয়ন এবং সম্মানী/পারিশ্রমিক কমিটি (Nomination & Remuneration committee)

**(ক) উপ-কমিটি** : পরিচালনা পর্ষদের একটি উপ-কমিটি হিসাবে সিনিয়র ম্যানেজমেন্টসহ সকল কর্মকর্তা-কর্মচারীর যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতা, স্বকীয়তা নির্ধারণ এবং তাদের পারিশ্রমিক/সম্মানী/বেতনের (যেখানে যেটি প্রযোজ্য) মানদন্ড/নীতি প্রণয়নে পরিচালনা পর্ষদকে প্রয়োজনীয় সহায়তা মনোনয়ন এবং পারিশ্রমিক কমিটি (NRC) প্রদান করবে।

**(খ) NRC এর গঠন :**

(১) কমিটির সদস্যরা পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত ও নিযুক্ত হবেন;

(২) কমিটিতে ন্যূনতম একজন নিরপেক্ষ পরিচালকসহ কমপক্ষে চারজন পরিচালক থাকবেন। সকল সদস্য নন-এক্সিকিউটিভ পরিচালক হবেন;

(৩) পরিচালনা পর্ষদের চেয়ারপার্সন এই কমিটির অন্তর্ভুক্ত হতে পারেন। তবে তিনি এই কমিটির চেয়ারপার্সনের পদে আসীন হবেন না;

(৪) কমিটির যে কোন সদস্যকে অপসারণ ও নিয়োগ করার ক্ষমতা পরিচালনা পর্ষদের থাকবে। তবে অপসারণের কারণ সুস্পষ্টভাবে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে;

(৫) কমিটির কোনো সদস্যের মৃত্যু, পদত্যাগ, অযোগ্যতা বা অপসারণের ক্ষেত্রে বা অন্য কোন কারণে শূন্য পদ হলে, সেক্ষেত্রে, কমিটির পদ শূণ্যের তারিখ থেকে 180 (একশত আশি) দিনের মধ্যে পরিচালনা পর্ষদ উক্ত শূন্য পদ পূরণ করতে হবে;

(৬) কোম্পানি সচিব কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন;

(৭) কমিটির চেয়ারপার্সন কোনো প্রয়োজনে বা কর্মীদের মূল্যায়নে বা প্রাসঙ্গিক ক্ষেত্রে বহিঃ বিশেষজ্ঞ এবং/অথবা স্টাফ সদস্যের মধ্যে উপদেষ্টা হিসেবে নিয়োগ বা কো-অপ্ট করতে পারবে যিনি উক্ত কোম্পানির সাথে সংশ্লিষ্ট নন বা কমিটিতে ভোট দিতে পারবেন না।

**(গ) NRC এর চেয়ারপার্সন :**

(1) বোর্ড একজন পরিচালককে কমিটির চেয়ারপার্সন নির্বাচন করবে;

(2) চেয়ারপার্সনের অনুপস্থিতিতে, অবশিষ্ট সদস্যরা সেই সভার জন্য নিজেদের মধ্য থেকে একজনকে চেয়ারপার্সন হিসেবে নির্বাচন করবে। তবে, নিয়মিত চেয়ারপারসনের অনুপস্থিতির কারণটি যথার্থভাবে কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে;

(3) চেয়ারপার্সন বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলকে তথ্য-উপাত্ত এবং ব্যাখা দিতে উপস্থিত থাকবেন। তবে শর্ত থাকে যে চেয়ারপার্সনের অনুপস্থিতিতে, কমিটির অন্য কোন সদস্যকে বার্ষিক সাধারণ সভায় উপস্থিতের জন্য নির্বাচন করা হবে এবং নিয়মিত চেয়ারপার্সনের অনুপস্থিতির কারণ যথাযথভাবে বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।

**(ঘ) NRC এর সভা :**

(1) একটি আর্থিক বছরে NRC ন্যূনতম দুইটি সভা পরিচালনা করবে;

(2) NRC-এর চেয়ারপার্সন প্রয়োজনে বা NRC-কমিটির যে কোন সদস্যের অনুরোধে জরুরি সভা আহ্বান করতে পারবেন;

(3) কমিটির দুইজন সদস্য বা দুই তৃতীয়াংশ সদস্যের মধ্যে যা অধিক, সে সংখ্যক সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম (Quorum) পূর্ণ হবে। তবে শর্ত থাকে যে, উক্ত সভায় অবশ্যই একজন নিরপেক্ষ পরিচালক অংশগ্রহণ করবেন;

(4) NRC-এর প্রতিটি সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে এবং NRC-এর পরবর্তী সভায় পূর্বের সভার কার্যবিবরণী নিশ্চিত করতে হবে;

(5) NRC-এর কোনো সদস্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো উপদেষ্টা বা পরামর্শমূলক ভূমিকা ব্যতিত কোম্পানি থেকে পরিচালকের ফি বা সম্মানী ব্যতিরেকে অন্য কোনো সম্মানী/পারিশ্রমিক প্রাপ্য হবেন না।

**(ঙ) NRC এর ভূমিকা:**

(১) NRC পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালন করবে। NRC পরিচালনা পর্ষদ ও শেয়ারহোল্ডারদের নিকট দায়বদ্ধ হবে;

(২) NRC নিম্নলিখিত বিষয়ে তদারকি করবে এবং পরিচালনা পর্ষদে সুপারিশসহ প্রতিবেদন/রিপোর্ট দাখিল করবে:

(অ) নিম্নলিখিত বিষয় বিবেচনা করে পরিচালকদের, সিনিয়র ম্যানেজমেন্টের সম্মানী/পারিশ্রমিক সংক্রান্ত একটি নীতিমালা পরিচালনা পর্ষদে প্রস্তাব করা:

(১) সম্মানী/পারিশ্রমিকের কাঠামো যুক্তিসঙ্গত হতে হবে যা দক্ষ কর্মকর্তা-কর্মচারীদের কোম্পানিতে নিয়োগ ও ধরে রাখার ক্ষেত্রে সহায়ক হবে;

(২) সম্মানী/পারিশ্রমিক নীতি স্বচ্ছ এবং তা পরিচালকদের ও কর্মকর্তা-কর্মচারীর কার্যক্রম বৃদ্ধির জন্য সহায়ক;

(৩) সম্মানী/পারিশ্রমিকের কাঠামো জটিলতা বিবর্জিত এবং কাঠামোর যৌক্তিকতা ও কার্যক্রম সহজবোধ্য;

(৪) পুরস্কারের নির্ণায়ক, পুরস্কারের সম্ভাব্য মূল্য এবং ঝুঁকি চিহ্নিত ও নিরসন, কোম্পানীর সফলতার ক্ষেত্রে দক্ষ কর্মকর্তা-কর্মচারী চিহ্নিত ও পুরস্কার প্রদানের কৌশল প্রভৃতি স্পষ্টভাবে নীতিমালায় উল্লেখ করতে হবে;

(আ) নির্ধারিত মানদণ্ড অনুসারে শীর্ষ পর্যায়ের নির্বাহী পদে নিয়োগের যোগ্যদের চিহ্নিত করে পরিচালনা পর্ষদের নিকট নিয়োগের সুপারিশ করা;

(ই) নিরপেক্ষ পরিচালক এবং পরিচালনা পর্ষদের দক্ষতা মূল্যায়নের জন্য মানদণ্ড প্রণয়ন;

(ঈ) কোম্পানির প্রয়োজন চিহ্নিত করে বিভিন্ন বিভাগে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের লক্ষ্যে তাদের নির্বাচন, স্থানান্তর বা প্রতিস্থাপন এবং পদোন্নতির মানদন্ড নির্ধারণ করা; এবং

(উ) কোম্পানির মানবসম্পদ এবং প্রশিক্ষণের নীতিসমূহের বার্ষিক পর্যালোচনাসহ উন্নয়নের প্রস্তাবনা করা;

(3) NRC কোম্পানির বার্ষিক প্রতিবেদনে একটি আর্থিক বছরে NRC-এর কার্যক্রম, মনোনয়ন এবং সম্মানী/পারিশ্রমিক নীতি ও মূল্যায়নের মানদণ্ড প্রকাশ করবে।

**৯. বিনিয়োগ কমিটি (Investment committee)**

(ক) পরিচালনা পর্ষদের একটি উপ-কমিটি হিসাবে পর্ষদের পক্ষে বীমা গ্রাহক, শেয়ারহোল্ডার এবং স্টেকহোল্ডারদের স্বার্থে কোম্পানীর বিনিয়োগ পোর্টফোলিও (investment portfolio) তদারকির উদ্দেশ্যে 'বিনিয়োগ কমিটি' (Investment committee) থাকবে।

**(খ) বিনিয়োগ কমিটির গঠন এবং এর সভা :**

(১) পরিচালনা পর্ষদ ন্যূনতম ৫ (পাঁচ) জন সদস্যের সমন্বয়ে 'বিনিয়োগ কমিটি' এবং কমিটির সদস্য ১ জন পরিচালককে চেয়ারম্যান হিসাবে নিয়োগ করবে;

(2) কমিটির সভা করার ক্ষেত্রে ৩ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। মুখ্য নির্বাহী কর্মকর্তা পদাধিকার বলে কমিটির সদস্য হবেন। তবে, সভায় তার ভোট প্রদানের কোন ক্ষমতা থাকবে না। কমিটি সহযোগিতা করার জন্য বীমা কোম্পানির প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান বিনিয়োগ কর্মকর্তা ও প্রধান ঝুঁকি কর্মকর্তাকে সভায় যোগদানের আহবান জানাতে পারবে;

(3) কোম্পানি সচিব কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে। সভার সিদ্ধান্ত কার্যবিবরণীর মধ্যে লিপিবদ্ধ হবে।

**(গ) বিনিয়োগ কমিটির ভূমিকা :**

(১) বীমা আইন, ২০১০ এর বিনিয়োগ সংশ্লিষ্ট বিধানাবলী যথাযথ পরিপালন করার ক্ষেত্রে একটি কার্যকর বিনিয়োগ নীতিমালা প্রস্তুতপূর্বক তা অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদকে সুপারিশ করবে;

(২) বীমাকারীর বিনিয়োগ সংক্রান্ত সকল প্রকার তথ্য উপাত্ত, দলিলাদি, প্রতিবেদন ইত্যাদিতে বিনিয়োগ কমিটির প্রবেশাধিকার থাকবে;

(৩) মাসিক ভিত্তিতে বিনিয়োগ ও বিনিয়োগ থেকে আয় পর্যালোচনাসহ পর্যবেক্ষণ করবে ও পরিচালনা পর্ষদকে অবহিত করবে;

(৪) বিনিয়োগ করার পূর্বে বিনিয়োগ ঝুঁকি বিষয়টি বিবেচনায় নিয়ে বিনিয়োগের উপযুক্ততা নিশ্চিত করবে;

(৫) বীমাকারীর দায় বিবেচনায় নিয়ে যথাসময়ে যথাযথভাবে পরিশোধ করার লক্ষ্যে উপযুক্ত বিনিয়োগখাতে বিনিয়োগ নিশ্চিত করবে এবং বিনিয়োগের ঝুঁকি ও ফলাফল ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করবে;

(৬) বিনিয়োগ ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে;

(৭) কমিটি প্রয়োজনে উপযুক্ত বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারবে;

(৮) প্রয়োজনীয় সলভেন্সি সংরক্ষণ নিশ্চিত করবে এবং এ বিষয়ে পরিচালনা পর্ষদকে পরামর্শ প্রদান করবে;

(৯) বীমাকারীর তহবিল পরিচালনা পর্ষদের কোন সদস্যের সুবিধার্থে বিনিয়োগ যেন না হয় তা নিশ্চিত করবে;

(১০) বিনিয়োগে মূলধনী ক্ষতি হলে তা হিসাব বিবরণীতে যথাযথভাবে হিসাবভূক্ত করার বিষয়টি নিশ্চিত করবে;

(১১) স্থায়ী সম্পদের ব্যবহার এবং ভাড়া প্রদান করলে ভাড়া আয়ের হিসাব তদারকি করবে;

(১২) বীমাকারীর সম্পদের সুরক্ষার বিষয়টি তদারকি করবে;

(১৩) পরিচালনা পর্ষদ থেকে বিনিয়োগ বিষয়ক অন্য কোন দায়িত্ব প্রদান করা হলে তা পালন করবে।

## ১০. ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি (Risk management committee)

**(ক) উপ-কমিটি :** পরিচালনা পর্ষদের একটি উপ-কমিটি হিসাবে পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ও সম্ভাব্য ঝুঁকি হ্রাসে কার্যকর ভূমিকা পালন এবং এ সংক্রান্ত পরিচালনা পর্ষদের দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার জন্য একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠিত হবে।

**(খ) ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির গঠন এবং এর সভা :**

(১) পরিচালনা পর্ষদ ন্যূনতম ১ জন নিরপেক্ষ পরিচালকসহ ৩ (তিন) জন পরিচালক সমন্বয়ে 'ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি' এবং কমিটির সদস্য ১ জন পরিচালককে চেয়ারম্যান হিসাবে নিয়োগ করবে। ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির অন্ততঃ ১ (এক) জন সদস্যকে অডিট কমিটির সদস্যদের মধ্য থেকে নির্বাচন করতে হবে। ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির চেয়ারপার্সনের অনুপস্থিতিতে অবশিষ্ট সদস্যরা নিজেদের মধ্য থেকে একজনকে সভায় চেয়ারপার্সন নির্বাচন করতে পারবেন। তবে সেক্ষেত্রে, নিয়মিত চেয়ারপার্সনের অনুপস্থিতির কারণটি সভার কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে;

(2) কমিটির সভা করার ক্ষেত্রে ২ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। কমিটিকে সহযোগিতা করার জন্য বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান বিনিয়োগ কর্মকর্তা ও প্রধান ঝুঁকি কর্মকর্তাকে সভায় যোগদানের জন্য আহবান করতে পারবে;

(3) কোম্পানি সচিব কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে;

(4) কমিটির সদস্যগণের বীমাকারীর ব্যবসা, পরিচালনা, ঝুঁকিসহ আনুষঙ্গিক বিষয়সমূহ ও কমিটির সদস্য হিসেবে দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্যক ধারণা ও জ্ঞান থাকতে হবে। কমিটির সদস্যরা সময়ে সময়ে ঝুঁকি ব্যবস্থাপনা বিশেষজ্ঞদের কমিটি সভায় আমন্ত্রণ জানাতে পারবেন। তবে সেক্ষেত্রে, বিশেষজ্ঞ(গণ)-এর ভোটাধিকার থাকবে না।

**(গ) ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ভূমিকা :**

(১) প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রমের ঝুঁকি নির্ধারণ এবং তা নিয়ন্ত্রণের জন্য যথাযথ কৌশল প্রণয়ন ও যথাযথ প্রয়োগ নিশ্চিত করা ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব। ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি প্রতিষ্ঠানের ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ ও প্রয়োজনে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবে। ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি কার্যকর প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করার জন্য বিদ্যমান ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি যাচাই করবে;

**ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি:** বীমাকারীর সামগ্রিক ব্যবসা এবং ব্যবসার লক্ষ্য বিবেচনায় একটি সুস্পষ্ট সংজ্ঞায়িত ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল ও সুলিখিত পদ্ধতি থাকা উচিত। কোম্পানী যেসব ঝুঁকির সম্মুখীন হয়, তার সংজ্ঞা ও শ্রেণীবিভাগ এবং প্রত্যেক ঝুঁকির জন্য ঝুঁকি সীমা নির্ধারণ পদ্ধতি বীমাকারীর লিখিত নীতিমালায় অন্তর্ভুক্ত থাকবে। অভ্যন্তরীণ মডেলসহ ঝুঁকি সনাক্তকরণ, মূল্যায়ন, পর্যবেক্ষণ এবং প্রতিবেদন দাখিলের জন্য যথাযথ প্রক্রিয়া (Processes) থাকা উচিত।

(২) ঝুঁকির সীমা নির্ধারণ এবং চিহ্নিত ঝুঁকি (risk exposure)-এর ব্যয় ও লাভের তুলনামূলক বিশ্লেষণ এবং গুণগত পর্যালোচনাপূর্বক মূল্যায়ন করে পর্ষদকে অবহিত করা।

(৩) বীমা ঝুঁকি, বর্তমান প্রেক্ষাপটের ঝুঁকি, তারল্য ঝুঁকি, ব্যবসায়িক ঝুঁকি, কমপ্লায়েন্স ঝুঁকি (compliance risk), আইনি ঝুঁকি প্রভৃতি সকল ঝুঁকির জন্য প্রাতিষ্ঠানিক সকল বিভাগের সমন্বয়ে প্রাতিষ্ঠানিক ঝুঁকি নির্ধারণসহ সার্বিক তদারকি করা।

(৪) কর্পোরেট কৌশল, প্রতিষ্ঠানের একত্রীকরণ ও অধিগ্রহণ (mergers and acquisitions) এবং ব্যবসায়িক ক্ষেত্রে ঝুঁকি নিরসনের সিদ্ধান্ত গ্রহণে পর্ষদকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

(৫) ব্যবসায়িক ধারাবাহিকতাসহ প্রাসঙ্গিক বিষয়ে হালনাগাদ তথ্যসমূহ পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা।

(৬) ঝুঁকি হ্রাসে বিদ্যমান পদ্ধতিতে যথোপযুক্ত কর্মপরিকল্পনা গ্রহণ/প্রস্তুত করা।

(৭) কোম্পানীর সলভেন্সি মার্জিন (solvency margin) পর্যালোচনা করে কর্তৃপক্ষ প্রদত্ত প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন পূরণে কোম্পানিকে সহায়তা করা এবং উদঘাটিত ঝুঁকির বিশদ বিবরণসহ তা নিরসনের জন্য গৃহীত পদক্ষেপের বিষয়ে পর্ষদের নিকট প্রতিবেদন/রিপোর্ট দাখিল করা।

**১১. গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি (Policyholder protection & Compliance committee) :**

**(ক) উপ-কমিটি :** পরিচালনা পর্ষদের একটি উপ-কমিটি হিসাবে বীমাগ্রাহকের অভিযোগসমূহ পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তি ও স্বার্থ রক্ষা এবং এ সংক্রান্ত পরিচালনা পর্ষদ কর্তৃক অর্পিত দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার জন্য একটি গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি থাকবে।

(খ) **গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটির গঠন এবং এর সভা :**

(১) পরিচালনা পর্ষদ ন্যূনতম ১ জন নিরপেক্ষ পরিচালকসহ ৩ (তিন) জন পরিচালক সমন্বয়ে 'গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি' এবং কমিটির সদস্য ১ জন পরিচালককে চেয়ারম্যান হিসাবে নিয়োগ করবে;

(2) কমিটির সভা করার ক্ষেত্রে ২ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। কমিটির চেয়ারপার্সনের অনুপস্থিতিতে অবশিষ্ট সদস্যরা নিজেদের মধ্য থেকে একজনকে সভায় চেয়ারপার্সন নির্বাচন করতে পারবেন। তবে সেক্ষেত্রে, নিয়মিত চেয়ারপারসনের অনুপস্থিতির কারণটি সভার কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে;

(3) কোম্পানি সচিব কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে।

(গ) **গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটির ভূমিকা :**

(১) গ্রাহকের অভিযোগসমূহ পর্যালোচনা করে দ্রুত তা নিষ্পত্তির উদ্দেশ্যে নীতিমালা প্রণয়নে পরিচালনা পর্ষদকে সুপারিশ প্রদান ও নীতিমালা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি কার্যক্রমের বাস্তবায়ন তদারকি করা;

(২) পরিচালনা পর্ষদের নিকট নিয়মিতভাবে বীমাগ্রাহকের অভিযোগের সংখ্যা, প্রকৃতি, নিষ্পত্তির সময় ও তার বিস্তারিত বিবরণ সম্পর্কে প্রতিবেদন দাখিল করা;

(৩) পূর্ব-নির্ধারিত পরিষেবা সংক্রান্ত অঙ্গীকার/চুক্তি (service level agreement), সুস্পষ্ট দাবী পরিষেবা পদ্ধতি (clear claim servicing parameters) প্রভৃতি সুস্পষ্টকরণের জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রক্রিয়া (standard operating procedure) সংজ্ঞায়িত করা;

(৪) দাখিলকৃত বীমা অভিযোগ নিষ্পত্তি তরান্বিত (Escalate) করার পদ্ধতি, বকেয়াসহ (Outstanding) অভিযোগের বিশদ বিবরণ, বীমা দাবীর ক্ষেত্রে করণীয় বিষয় প্রভৃতিসহ গ্রাহকসেবা সংক্রান্ত আইন, বিধি-বিধান ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত বাস্তবায়ন এবং কোম্পানি প্রদত্ত অঙ্গীকার নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(৫) কোম্পানী কর্তৃক গৃহীত গ্রাহক সচেতনতা এবং বীমা সম্পর্কিত জ্ঞান অবহিতকরণের বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নের তদারকি করা।

**১২. উর্ধ্বতন ম্যানেজমেন্ট ( Senior Management) এবং গুরুত্বপূর্ণ কর্মী (Key Personnel)**

(ক) পরিচালনা পর্ষদের বীমা কোম্পানীর দৈনন্দিন ব্যাবস্থাপনাসহ সার্বিকভাবে কার্যক্রম পরিচালনার জন্য যোগ্য ও দক্ষ উর্ধ্বতন ম্যানেজমেন্ট/গুরুত্বপূর্ণ কর্মী নিয়োগ এবং তাদের কোম্পানিতে ধরে রাখার (Retention) নীতি থাকা উচিৎ;

(খ) **উর্ধ্বতন ম্যানেজমেন্ট (Senior Management) এবং গুরুত্বপূর্ণ কর্মী (Key Personnel) নিয়োগ :**

(১) কোম্পানীর উর্ধ্বতন ম্যানেজমেন্ট/গুরুত্বপূর্ণ কর্মী যথা: মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO), অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC) ইত্যাদি পদ থাকবে;

(২) মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO) এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC)-এর পদ যোগ্যতাসম্পন্ন বিভিন্ন ব্যক্তি দ্বারা পূরণ করা হবে;

(৩) পরিচালনা পর্ষদ মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO), অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC) ইত্যাদি পদের ভূমিকা, দায়িত্ব এবং কর্তব্য নির্ধারণ করবে;

(৪) মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO) এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC)-একই সময়ে অন্য কোনো কোম্পানিতে কোনো নির্বাহী পদে অধিষ্ঠিত হবে না;

(গ) **পরিচালনা পর্ষদের সভায় উপস্থিত হওয়ার প্রয়োজনীয়তা :** কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), প্রধান আর্থিক কর্মকর্তা (CFO), কোম্পানি সচিব (CS) পর্ষদের সভায় উপস্থিত থাকবেন;

তবে শর্ত থাকে যে, অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO) ও প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO) এর কার্যক্রম সম্পর্কিত কোন বিষয় সভার এজেন্ডা বা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত থাকলে তিনি সে সভায় উপস্থিত থাকবেন; আরও শর্ত থাকে যে, বর্ণিত কোন কর্মকর্তার ব্যক্তিগত বিষয় সম্পর্কিত এজেন্ডা বা আলোচ্যসূচী থাকলে সেই পর্ষদ সভায় সংশ্লিষ্ট কর্মকর্তা যোগদান করবেন না।

**১২.১ ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO) :**

(ক) পরিচালনা পর্ষদ "বীমা কোম্পানী (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) বিধিমালা ২০১২" অনুযায়ী বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তাকে নিয়োগ করবে;

(খ) মুখ্য নির্বাহী কর্মকর্তাকে পরিচালনা পর্ষদের নিকট স্পষ্ট, বোধগম্য, সঠিক, সময়োপযোগী এবং প্রাসঙ্গিক তথ্য সম্বলিত প্রতিবেদন নিয়মিতভাবে প্রদান করতে হবে। যে সকল ক্ষেত্রে পরিচালনা পর্ষদের বিবেচনা, সিদ্ধান্ত বা অনুমোদনের প্রয়োজন তা মুখ্য নির্বাহী কর্মকর্তার গোচরীভূত হলে তিনি অতি দ্রুত বিষয়টি পরিচালনা পর্ষদকে অবহিত করবেন;

(গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা তার কর্মদক্ষতা এবং তার নির্দেশনা, ব্যবস্থাপনা ও কোম্পানীর কর্মদক্ষতার (Performance) জন্য পরিচালনা পর্ষদের নিকট দায়বদ্ধ থাকবেন;

(ঘ) উপরোক্ত বিষয় ব্যতিত নিম্নলিখিত বিষয়সমূহ মুখ্য নির্বাহী কর্মকর্তার ভূমিকা এবং দায়িত্বের অন্তর্ভুক্ত -

(১) কোম্পানীর একটি সুস্পষ্ট রূপকল্প (vision) এবং দিকনির্দেশনা প্রণয়ন ও প্রচারে পরিচালনা পর্ষদকে সহায়তা প্রদান করা;

(২) পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত রূপকল্প এবং নির্ধারিত লক্ষ্য অর্জনে নেতৃত্ব প্রদান করা;

(৩) বীমাকারীর দৈনন্দিন, পেশাদার এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনা পর্ষদ নির্ধারিত কাঠামোর পাশাপাশি বিদ্যমান আইনী এবং নিয়ন্ত্রণ কাঠামোর সাথে যাতে সামঞ্জস্যপূর্ণ হয় তা নিশ্চিত করা;

(৪) ঝুঁকি ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণসহ সকল কার্যক্রম (functions) এবং কৌশলের উন্নয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা।

(৫) কোম্পানীর কৌশলের কার্যকর বাস্তবায়ন নিশ্চিতের জন্য নীতিমালা, প্রক্রিয়া এবং শাসন পদ্ধতি উন্নয়নে পরিচালনা পর্ষদকে সহায়তা করা।

(৬) কোম্পানীর বিভিন্ন কর্মবিভাগের বিভাগীয় প্রধানসহ অন্যান্য নির্বাহী নেতৃত্বের কাজের মূল্যায়ন করা।

(7) মুখ্য নির্বাহী কর্মকর্তা এই মর্মে প্রত্যয়ন করবেন যে, তার নিজ দক্ষতা, জ্ঞান এবং বিশ্বাস অনুসারে, কোম্পানি কর্তৃক বছরে এমন কোন লেনদেন করা হয়নি যা প্রতারণামূলক, বেআইনি বা কোম্পানির আচরণবিধি লঙ্ঘন করে এবং এ প্রত্যয়নপত্র বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হবে।

**১২.২ উর্ধ্বতন ম্যানেজমেন্ট (Senior Management) এবং গুরুত্বপূর্ণ কর্মী (Key Personnel) এর দায়িত্ব :**

পরিচালনা পর্ষদ মুখ্য নির্বাহী কর্মকর্তা (CEO), কোম্পানি সেক্রেটারি (CS), চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (CFO), প্রধান বিনিয়োগ কর্মকর্তা (CIO), প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO), অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান (HIAC) এবং উর্ধ্বতন ম্যানেজমেন্ট (Senior Management) এবং গুরুত্বপূর্ণ কর্মী (Key Personnel) এর দায়িত্ব এর ভূমিকা, দায়িত্ব এবং কর্তব্যগুলিকে স্পষ্টীকরণ ও নির্ধারণপূর্বক প্রত্যেকটি পদের জন্য চার্টার অব ডিউটিস (Charter of duties) নির্ধারণ করবে এবং এর পরিপালন নিশ্চিত করবে।

**১২.৩ নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারি(গণ) (Appointed Actuaries) :**

(ক) বীমা আইন ২০১০ ও এতদসংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী একচ্যুয়ারি নিয়োগ করতে হবে;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারিকে ন্যায্য এবং কর্তৃপক্ষের বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণপূর্বক বীমা পরিকল্প হতে উদ্ভুত আর্থিক বিষয়ের একচ্যুয়ারিয়াল মূল্যায়ন (actuarial valuations) করতে হবে;

(গ) বীমাকারীর অভ্যন্তরে বা বাহিরে এমন কোন পদে নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারির অধিষ্ঠিত থাকতে উচিত নয় যেখানে তার স্বার্থ সংঘাত (conflict of interest) সৃষ্টি হতে পারে অথবা তাকে পেশাগত নিরপেক্ষতার সাথে আপোষ করতে হতে পারে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারি কোম্পানীর বেতনভুক কর্মচারী না হলে, সেক্ষেত্রে পর্ষদকে নির্ধারণ করতে হবে যে, বহিঃ একচ্যুয়ারি থেকে কোনো সম্ভাব্য স্বার্থ সংঘাত আছে কিনা (যেমন তাহার নিয়োগকারী প্রতিষ্ঠান বীমাকারীকে নিরীক্ষা অথবা অন্যান্য পরিষেবা প্রদান করে কিনা)। যদি কোন সম্ভাব্য স্বার্থ সংঘাত বিদ্যমান থাকে, সেক্ষেত্রে পর্ষদের তা যথাযথ নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করা উচিৎ;

(ঙ) নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারিকে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সম্পর্কে বহিঃ নিরীক্ষকের নিকট প্রতিবেদন প্রদানে সক্ষম হতে হবে;

(চ) নিয়োগকৃত একচ্যুয়ারির ভূমিকা এবং দায়িত্বগুলোর মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হওয়া উচিত:

(১) সঠিক একচ্যুয়ারিয়াল মূল্যায়ন এবং উপযুক্ত পদ্ধতি (technical provisions) নির্ধারণ অথবা সে সম্পর্কে মতামত প্রদান করা;

(২) নিম্নলিখিত বিষয়ে পর্ষদকে পেশাদারী পরামর্শ বা সনদ প্রদান করা:

- উপযুক্ত পদ্ধতি (technical provisions) বীমাকারী কর্তৃক নির্ধারিত মূল্যায়ন কাঠামো (Valuation Framework)-এর সাথে সঙ্গতিপূর্ণ কিনা তার পরিমাপ।
- প্রাতিষ্ঠানিক ঝুঁকিসমূহ চিহ্নিত ও পরিমাপ এবং যথাযথ পদ্ধতিতে ঝুঁকি নিরসনের ব্যবস্থা গ্রহণ।
- আর্থিক অবস্থান পরীক্ষা
- প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (Required Solvency Margin)
- প্রিমিয়াম (Premium) এবং প্রত্যর্পণ মূল্য (Surrender Values)-এর যথার্থতা
- কৌশল এবং নীতিমালার কারণে সৃষ্ট অবস্থার প্রভাব বিশ্লেষণসহ অংশগ্রহণকারী তহবিল (participating funds)-এর ব্যবস্থাপনা
- পণ্য উন্নয়ন/উদ্ভাবন, পুনঃবীমা সহ ঝুঁকি নিরসন এবং ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কিত অন্যান্য নিয়মাবলি।

**১৩. বীমা কোম্পানীর অন্যান্য কমিটি :**

বীমা কোম্পানীর লক্ষ্য এবং প্রয়োজনে নিম্নলিখিত বিষয়ে কমিটি গঠন করতে পারে এবং পরিচালনা পর্ষদ এরূপ কমিটির দায়িত্ব স্পষ্টভাবে নির্ধারণ করবে।

- কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা [Corporate Social Responsibility (CSR)] কমিটি
- ESG (Environmental, Social, and Governance) কমিটি
- শুদ্ধাচার (Integrity) ও নৈতিকতা (Ethics) কমিটি
- পুনঃবীমা (Reinsurance) এবং রেট্রোসেশন (Retrocession) কমিটি

- Asset Liability Management (ALM) Committee

**১৪. পরিচালনা পর্ষদ এবং পরিচালনা পর্ষদের কমিটির সভার প্রকাশযোগ্য (Disclosures) তথ্য :**

(১) পরিচালনা পর্ষদের সভা: কোম্পানি তার পর্ষদ সভার কার্যবিবরণী রেকর্ড, সংরক্ষণ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশ (Disclose) করবে;

(২) পর্ষদের চেয়ারম্যান, পর্ষদের সদস্য এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারীর আচরণবিধি ওয়েবসাইটে প্রকাশ করবে;

(৩) পরিচালনা পর্ষদ/বোর্ড তাদের সভা পরিচালনার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ প্রকাশ করবে:

(ক) একটি আর্থিক বছরে পরিচালনা পর্ষদ এবং কমিটির সভার সংখ্যা;

(খ) পরিচালনা পর্ষদের গঠনের বিশদ বিবরণ এবং বাধ্যতামূলক কমিটির নাম, যোগ্যতা, কর্মদক্ষতা ও বিশেষ ক্ষেত্র (যদি থাকে), পরিচালক পদের মর্যাদা নির্ধারণ ইত্যাদি;

(গ) সমস্ত পরিচালককে (নিরপেক্ষ পরিচালকসহ) দেওয়া পারিশ্রমিকের বিবরণ, যদি থাকে,

(ঘ) প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি।

**১৫. স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেন বিষয়ক কার্যক্রম (Related party transactions) :**

(ক) বীমাকারীর সঠিক ব্যবস্থাপনা এবং বীমাকারী ও স্টেকহোল্ডারদের স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য নির্দিষ্ট পদ্ধতিতে স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেনের (Related party transactions) অনুমোদন এবং পরিচালনা করার লক্ষ্যে স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেন (Related party transactions) সনাক্তকরণের জন্য নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করবে:

(১) বীমা ব্যবসায় যে সকল লেনদেন হয়, সেসকল লেনদেনের সংজ্ঞা ও লেনদেনের নির্দিষ্ট পদ্ধতি;

(২) মূল্য নির্ধারণের পদ্ধতি;

(৩) কর্তৃপক্ষ, অন্য কোন নীতি-নির্ধারক সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে), বীমাকারীর অডিট কমিটি, বোর্ড/পরিচালনা পর্ষদ, শেয়ারহোল্ডারদের নিকট থেকে অনুমোদনের প্রয়োজন এমন সব বিষয়ের তালিকা;

(৪) স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেনের (Related party transactions) প্রাসঙ্গিক বিষয়াদিসমূহ;

(খ) যতদূর সম্ভব স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেন (Related party transactions) পরিহার করতে হবে;

(গ) স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেন (Related party transactions) পরিহার করা সম্ভব না হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে লেনদেনটি যেন Arms length transaction হয় এবং লেনদেন সংক্রান্ত দলিলাদি (Record) সংরক্ষণ করতে হবে;

(ঘ) পরিচালনা পর্ষদ স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেনগুলো (Related party transactions) পর্যালোচনা করবে যাতে কোনরূপ অনিয়ম সংঘটিত না হয় বা কোন স্টেকহোল্ডার স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেন (Related party transactions) দ্বারা ক্ষতিগ্রস্থ না হয়;

(ঙ) আর্থিক বিবরণীতে স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ের মধ্যে সম্পদ, পরিষেবা, স্থানান্তর ইত্যাদি লেনদেনের ক্ষেত্রে স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেনের (Related party transactions) সম্পর্কের প্রকৃতি, লেনদেনদেনের বিস্তারিত (বকেয়া, চুক্তিতে নির্দিষ্টকৃত বিষয় প্রভৃতি)সহ প্রয়োজনীয় তথ্য প্রকাশ করতে হবে।

(চ) স্বার্থ-সংশ্লিষ্ট লেনদেনের (Related party transactions) ক্ষেত্রে অপব্যবহার, প্রতারণা ও আর্থিক ক্ষতি প্রতিরোধ নিয়ন্ত্রণের লক্ষ্যে কর্তৃপক্ষ তা যাচাই ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(ছ) গ্রুপ কোম্পানিগুলিকে বীমা কোম্পানি কর্তৃক প্রদত্ত বীমা কভারের ক্ষেত্রে, পলিসিধারকদের তহবিল থেকে বীমাকারীর গ্রুপকে প্রদেয় আর্থিক বিষয় প্রকাশ এবং এ ধরণের সংশ্লিষ্ট পক্ষের লেনদেনের (Related party transactions) ক্ষেত্রে সার্বিক পর্যালোচনা, পরিপালন ও যথাযথ সুরক্ষা নিশ্চিত করতে হবে।

**১৬. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা [Corporate Social Responsibility (CSR)] :**

কর্তৃপক্ষের আইন ও বিধি-বিধান পরিপালনের লক্ষ্যে সকল বীমা প্রতিষ্ঠান কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা নিশ্চিত করবে। বীমাকারীর বার্ষিক প্রতিবেদনে আবশ্যিকভাবে নিরীক্ষিত আর্থিক বিবরণীসহ কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার বিস্তৃতি উল্লেখে প্রকাশ করবে।

**১৭. বীমাকারীর নীতিমালাসমূহ :**

ইতোপূর্বে বর্ণিত নীতিমালা ব্যতিত নিম্নবর্ণিত নীতিমালাসমূহ বীমাকারী কর্তৃক প্রণয়ন ও বাস্তবায়ন কর্পোরেট সুশাসনের জন্য সহায়ক হবে।

**১৭.১ হুইসেল ব্লোয়িং নীতিমালা (whistle blowing policy)**

বীমাকারীর উচিত একটি হুইসেল ব্লোয়িং নীতিমালা (whistle blowing policy) প্রণয়ন করা যেন কোন কর্মকর্তা-কর্মচারী, তাহাদের প্রতিনিধিত্বকারী সংস্থা, বহিস্থ অংশীজন, প্রতিষ্ঠানের অভ্যন্তরে অংশীজনদের অনভিপ্রেত আচরণ/কার্যক্রমের বিষয়ে পর্ষদকে অবহিত করতে পারে, এতে নিম্নপদ্ধতিসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে-

(১) পর্ষদের উচিত সুস্পষ্ট বরাদ্দসহ পর্ষদের কোন একটি কমিটিকে কোম্পানীতে হুইসেলব্লোয়িং ব্যবস্থা বাস্তবায়ন এবং পর্যালোচনার দায়িত্ব অর্পন করা।

(২) পর্ষদের উচিত একটি অভ্যন্তরীণ ইউনিট প্রতিষ্ঠা করা, অভিযোগের বিষয়ে সংশ্লিষ্টদের তদন্ত কার্যক্রমে জড়িত ব্যক্তিদের দাখিলকৃত কোনো আপীল আবেদনসহ হুইসেলব্লোয়িং প্রতিবেদনসমূহ তদারকির দায়িত্বপ্রাপ্তকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা উচিত।

(৩) হুইসেলব্লোয়িং ব্যবস্থার জন্য দায়িত্বপ্রাপ্ত কমিটিকে নিশ্চিত করতে হবে যে, কর্মকর্তা-কর্মচারী প্রতিবেদন/রিপোর্ট দাখিলসহ তাহাদের দাখিলকৃত প্রতিবেদন নিষ্পত্তির পদ্ধতি তথা উক্ত ব্যবস্থা সম্পর্কে অবগত।

(৪) হুইসেলব্লোয়িং কাঠামোর মূল দায়িত্ব পালনের জন্য নিয়োগপ্রাপ্ত একচ্যুয়ারি এবং বহিঃ নিরীক্ষকের ক্ষমতা প্রদান করা উচিৎ। বীমাগ্রাহকের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বীমাকারী যথাযথ পদক্ষেপ গ্রহণে ব্যর্থ এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হলে সে বিষয়ে পরিচালনা পর্ষদ ও কর্তৃপক্ষ-কে সময়মত প্রতিবেদন দাখিল করতে পারে।

**১৭.২ অন্যান্য নীতিমালাসমূহ :** (ক) এ অনুচ্ছেদের আওতায় নিম্নবর্ণিত সুশাসন সহায়ক নীতিমালাসমূহ প্রণয়ন ও বাস্তবায়ন করা যেতে পারে –

- সম্পদ ও দায় ব্যবস্থাপনা নীতিমালা
- অবলিখন নীতিমালা
- পুনঃবীমা নীতিমালা
- বীমা দাবি পরিশোধ সংক্রান্ত নীতিমালা
- কর্মকর্তা-কর্মচারীদের আচরণ নীতিমালা
- কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) নীতিমালা
- শুদ্ধাচার নীতিমালা
- লিঙ্গ সমতা নীতিমালা
- মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা
- আর্থিক নীতিমালা
- দুর্নীতি প্রতিরোধ নীতিমালা
- বৈষম্য প্রতিরোধ নীতিমালা
- তথ্য প্রযুক্তি নীতিমালা

(খ) এছাড়া কোম্পানি প্রয়োজন মনে করলে কর্পোরেট সুশাসনের জন্য সহায়ক হবে এরূপ অন্যান্য নীতিমালাও প্রণয়ন করতে পারে।

**১৮. বীমাকারীর প্রকাশযোগ্য (Disclosures) তথ্য বিষয়ক কার্যক্রম :**

কোম্পানি কর্তৃক ওয়েবসাইট সংরক্ষণ: (ক) কোম্পানির কর্তৃপক্ষের সাথে লিঙ্কযুক্ত একটি দাপ্তরিক (official) ওয়েবসাইট থাকতে হবে।

(খ) কোম্পানি তার ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রকাশসহ সেটি হালনাগাদ রাখবে। বীমা গ্রাহকদের স্বার্থে নিম্ন বর্ণিত বিষয়সমূহের তথ্য নিয়মিত হালনাগাদ করে বীমাকারীর ওয়েবসাইটে আপলোড করবে:

(১) বীমাকারীর বার্ষিক প্রতিবেদনহ নিরীক্ষিত হিসাব বিবরণী এবং একচ্যুয়ারিয়াল মূল্যায়ন (Actuarial valuation) প্রতিবেদনের সংক্ষেপ;

(২) বীমা পরিকল্পের সুবিধাসহ বিস্তারিত বিবরণ;

(৩) বীমাকারীর চেয়ারম্যান, পরিচালনা পর্ষদের সকল উপ-কমিটির চেয়ারম্যান, পরিচালক, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক, প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়ের সকল কর্মকর্তার (মোবাইল নাম্বার ও বিভাগসহ) তালিকা; এবং

(৪) কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রকাশের জন্য নির্ধারিত অন্য কোন তথ্য।

**১৯. কর্পোরেট গভর্ন্যান্স বিষয়ক বাৎসরিক পরিপালন প্রতিবেদন :**

(১) এ গাইডলাইনে বর্ণিত কর্পোরেট গভর্ন্যান্স পরিপালন সংক্রান্ত পরিচালনা পর্ষদ কর্তৃক বার্ষিক ভিত্তিতে প্রস্তুতকৃত স্বমূল্যায়ন প্রতিবেদন পরবর্তী বৎসরের ৩১শে জানুয়ারির মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে এবং এই প্রতিবেদনের মৌলিক বিষয়গুলো কোম্পানির বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত করতে হবে।

(২) বীমাকারীর বহিঃ নিরীক্ষক বা সংবিধিবদ্ধ নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম ব্যতীত একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড সেক্রেটারি হতে বার্ষিক ভিত্তিতে বীমাকারী কর্তৃক কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইনের শর্তাবলী পরিপালন বিষয়ক একটি প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে এবং তা বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করতে হবে।

(৩) ক্রমিক ২-এ বর্ণিত কর্পোরেট গভর্ন্যান্স-এর শর্ত পরিপালন বিষয়ে প্রত্যয়নপত্র প্রদানকারীকে শেয়ারহোল্ডারদের বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে।

**২০. কর্তৃপক্ষের নির্দেশনা প্রদানের ক্ষমতা ও এর পরিপালন :**

কর্তৃপক্ষ কর্পোরেট সুশাসন নিশ্চিতকল্পে বীমাকারীকে এই গাইডলাইন পরিপালনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে পারবে এবং বীমাকারীকে এরূপ প্রদত্ত নির্দেশনা পরিপালন করতে হবে।

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
সেবা শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

**কর্পোরেট এজেন্ট ব্যাংকাসুরেন্স নির্দেশিকা-২০২৩, (প্রকাশের তারিখঃ ১৯-১২-২০২৩)**

১। দেশের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তা এবং একটি কল্যাণকর রাষ্ট্র গঠনে বীমার বহুমূখী ভূমিকা রহিয়াছে। বীমা খাতের সম্প্রসারণ এবং উন্নয়নের লক্ষ্য নিয়ে জাতীয় বীমা নীতি ২০১৪ প্রণীত হয়। এই নীতিতে বীমার সম্প্রসারণের অন্যান্য পদ্ধতির মধ্যে বিপণন ব্যবস্থা বহুমুখীকরণের বিষয়টিকে গুরুত্ব আরোপ করা হয়েছে। বিপণন ব্যবস্থা বৈচিত্র্যকরণের জন্য কর্পোরেট এজেন্ট পদ্ধতি কার্যকর মাধ্যম হওয়ায় বীমা আইন ২০১০ এর ১২৪ ধারা অনুযায়ী কর্পোরেট এজেন্ট পদ্ধতি চালু করা প্রয়োজন। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাংলাদেশের কর্পোরেট এজেন্ট হিসাবে ব্যাংকের মাধ্যমে বীমা পণ্য বিপণনের উদ্যোগ গ্রহণ করেছে যার মাধ্যমে ব্যাংক ও বীমাকারীর যৌথ প্রচেষ্টায় গ্রাহকগণ দ্রুত ও নির্ভরযোগ্য বীমা সেবা গ্রহণ করতে পারবে। যেহেতু বীমা খাতের অনুপ্রবেশ (Penetration) বৃদ্ধির নিমিত্ত ব্যাংকের মাধ্যমে বীমা সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশকা প্রণয়ন করা সমীচীন; সেহেতু ব্যাংক ও বীমা প্রতিষ্ঠান উভয়ের অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় নিয়মাবলী ও দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত নিম্নরূপ নির্দেশিকা জারি করা হল।

২। এই নির্দেশিকা 'কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) নির্দেশিকা' ২০২৩ নামে অভিহিত হইবে।

**৩। সংজ্ঞা:** ব্যাংকাসুরেন্স নির্দেশিকায় ব্যবহৃত শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা নিম্নে প্রদান করা হলো:

(ক)"ব্যাংকাসুরেন্স" অর্থ বাংলাদেশে যথাযথ আইনে নিবন্ধনকৃত ব্যাংক কর্তৃক তাদের নিজস্ব বিক্রয় ও বিতরণ মাধ্যম (যেমন: ব্যাংক এর শাখা, টেলি-মার্কেটিং, এজেন্ট ব্যাংকিং, নিজস্ব ওয়েবসাইট ও অন্যান্য) ব্যবহার করে তাদের হিসাবধারীদের নিকট বীমা পরিকল্পসমূহ উপস্থাপন, বিতরণ, বিক্রয় ও প্রচারণাকে বুঝাবে। বীমাকারী ও ব্যাংক এর মধ্যকার ব্যাংকাসুরেন্স চুক্তির অধীন ব্যাংক বীমাকারীর কর্পোরেট এজেন্ট হিসাবে কাজ করবে;

(খ) 'ব্যাংকাসুরেন্স চুক্তি' অর্থ ব্যাংক এবং বীমাকারীর মধ্যকার একটি চুক্তি, যেখানে ব্যাংক বীমা আইন ২০১০ ও অন্যান্য বিধি-বিধান সমুন্নত রেখে বীমাকারীর কর্পোরেট এজেন্ট হিসাবে কাজ করবে;

(গ) 'ব্যাংক' অর্থ ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এর ধারা ৫ এর (ণ) তে সংজ্ঞায়িত ব্যাংক;

(ঘ) চিফ ব্যাংকাসুরেন্স অফিসার' অর্থ ব্যাংক কর্তৃক নিযুক্ত এবং অর্পিত ক্ষমতাবলে ব্যাংকের পক্ষে বীমাকারীর সাথে ব্যাংকাসুরেন্স চুক্তি অনুযায়ী কর্ম পরিচালনার জন্য সরাসরি দায়িত্বপ্রাপ্ত এবং ব্যাংকাসুরেন্স বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিধি-বিধানসমূহ প্রতিপালন করবেন;

(ঙ) 'প্রত্যক্ষ বিক্রয় মডেল (Direct Sales Model)' অর্থ একটি সুনির্দিষ্ট ব্যাংকাসুরেন্স বিতরণ মডেল যেখানে ব্যাংক তার নিজস্ব জনবল ব্যবহার করে নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে বীমা পরিকল্পসমূহ বিপণন ও বিতরণ করবে;

(চ) 'বীমা প্রতিষ্ঠান', 'বীমা কোম্পানি' অথবা 'বীমাকারী' অর্থ কোন প্রতিষ্ঠান যা বীমা আইন ২০১০-এর অধীনে 'বীমাকারী' হিসেবে নিবন্ধিত;

(ছ) 'চালু পলিসির হার (Persistancy)' অর্থ ইস্যুকৃত পলিসির নবায়নের হার;

(জ) 'বীমা পলিসি গ্রাহক' বা 'বীমা গ্রাহক' অর্থ বীমা আইন ২০১০ এর ২ এর ২৬ ধারায় সংজ্ঞায়িত বীমা গ্রাহক;

(ঝ) 'ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসার' অর্থ ব্যাংক কর্তৃক নিযুক্ত কর্মকর্তা যিনি কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর পক্ষে বীমা ব্যবসা সংগ্রহ ও পরিচালনা করবার জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন;

(ঞ) 'কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)' এর অর্থ বীমা পরিকল্প বিপণনের নিমিত্তে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সধারী ব্যাংক;

(ট) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর অধীন গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(ঠ) এই নির্দেশিকায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হয়েছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নি, সে সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি ও প্রবিধানে যে অর্থে ব্যবহৃত হয়েছে এই নির্দেশিকায় উক্ত অর্থে প্রযোজ্য হবে।

**৪। কর্পোরেট এজেন্টের যোগ্যতা**: কর্পোরেন্ট এজেন্ট হওয়ার জন্য ব্যাংকের নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে -

ক) বাংলাদেশ ব্যাংকের অনুমোদন থাকতে হবে;

খ) আগ্রহী ব্যাংক যে সকল বীমাকারীদের বীমা পণ্য বাজারজাত করিতে ইচ্ছুক তাদের তালিকা প্রদান করতে হবে;

গ) উক্ত নীতিমালার ৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত চিফ ব্যাংকাসুরেন্স অফিসারের প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে;

ঘ) উক্ত নীতিমালার ৬ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসারের প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে;

ঙ) ব্যাংকাসুরেন্স পদ্ধতি চালুর জন্য ব্যাংকের নিজস্ব কোড অব কনডাক্ট থাকতে হবে।

**৫। চিফ ব্যাংকাস্যুরেন্স অফিসারের যোগ্যতা:**

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট থেকে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে;

খ) বীমা আইন ২০১০ এর ধারা ১২৪(৪) এবং ১২৫(২) এর অধীন কোন অযোগ্যতা থাকিতে পারিবে না;

গ) বীমা সংক্রান্ত বিষয়ে ন্যূনতম কারিগরি জ্ঞান অর্জনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

**৬। ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসারের যোগ্যতা:**

ক) সরকার কর্তৃক কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে;

খ) বীমা আইন ২০১০ এর ধারা ১২৪(৪) এর অধীন কোন অযোগ্যতা থাকতে পারবে না; এবং

গ) বীমা পরিকল্প বিক্রয়ের জন্য লাইফ বা নন-লাইফ বা প্রযোজ্য ক্ষেত্রে উভয়ের উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ থাকতে হবে।

**৭। ব্যাংকাসুরেন্স কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিল:**

(ক) লাইসেন্স প্রদান: কর্পোরেট এজেন্টের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে ব্যাংককে নি¤েœাক্ত দলিলাদিসহ আবেদন করিতে হইবে:

১. ব্যাংকাসুরেন্স পদ্ধতি চালুর জন্য ব্যাংক ও বীমাকারীর মধ্যকার খসড়া চুক্তিপত্র;

২. ব্যাংকাসুরেন্স চালুর জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন পত্র; এবং

৩. লাইসেন্স ফি এর জন্য পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট।

কর্পোরেট এজেন্ট লাইসেন্স প্রাপ্তির জন্য দাখিলকৃত দলিলাদি যথাযথ হলে কর্তৃপক্ষ কর্তৃক ব্যাংকাসুরেন্স কার্যক্রম পরিচালনার জন্য কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) হিসাবে লাইসেন্স প্রদান করা হবে।

(খ) লাইসেন্স ফি, মেয়াদকাল ও নবায়ন: কর্তৃপক্ষ ব্যাংক কে ৩ (তিন) বৎসরের জন্য কর্পোরেট এজেন্ট এর লাইসেন্স প্রদান করবে যা মেয়াদ শেষে নবায়নযোগ্য হবে। কর্তৃপক্ষ ব্যাংক কে কর্পোরেট এজেন্ট এর লাইসেন্স প্রদান ও নবায়নের সময়, ব্যাংক উভয়ক্ষেত্রে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা কর্তৃপক্ষের বরাবর প্রদান করবে।

(গ) লাইসেন্স স্থগিত এবং বাতিল: নিম্নোক্ত কারণে লাইসেন্স বাতিল বা স্থগিত হইবেঃ

১) লাইসেন্সের শর্তসমূহ মেনে চলতে ব্যর্থ হলে এবং আচরণবিধি লংঘিত হলে;

২) বীমা আইন ২০১০ ও অন্যান্য বিধি-বিধান পরিপালনে ব্যর্থ হলে;

৩) ব্যাংকাসুরেন্স কর্পোরেট এজেন্ট বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক কোন চাহিত তথ্য প্রদানে ব্যর্থ হলে, ভুল তথ্য প্রদান করলে, প্রয়োজনীয় তথ্য প্রকাশে ব্যর্থ হলে এবং রিপোর্ট রিটার্ন প্রেরণে ব্যর্থ হলে;

৪) কর্তৃপক্ষের পরিদর্শন কাজে অসহযোগিতা করলে;

৫) বীমা গ্রাহকের স্বার্থের জন্য ক্ষতিকর কোন কাজ করলে।

**৮। বীমাকারী ও কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর মধ্যে ব্যাংকাসুরেন্স চুক্তি:** বীমাকারী ও ব্যাংকের মধ্যকার কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) চুক্তি প্রণয়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত বিষয় বিবেচনায় নিতে হবে:

ক) বীমাকারী ও কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর দায়িত্ব স্পষ্ট করে উল্লেখ থাকতে হবে;

খ) বীমাকারী ও কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা মেনে চলার বিষয়টি স্পষ্টীকরণের পাশাপাশি নির্দেশনাগুলো স্ব স্ব প্রতিষ্ঠানকে অবহিত করবে;

গ) ব্যাংক এর কর্মীদের প্রশিক্ষণ সরাসরি উপস্থিত ও ভার্চ্যুয়াল দুটো প্লাটফর্মে করা যাবে;

ঘ) চুক্তির সমাপ্তি কাল উল্লেখ থাকবে এবং চুক্তি নবায়ন না করলে বিদ্যমান গ্রাহকদের সব ধরনের বিক্রয়োত্তর সেবা প্রদান করা হবে মর্মে উল্লেখ থাকবে; এবং

ঙ) বাংলাদেশ ব্যাংককে অবহিতক্রমে কর্তৃপক্ষ ব্যাংকাসুরেন্স ব্যবসার সাথে সম্পর্কিত নথিপত্র সরেজমিনে পরিদর্শন করতে পারবে।

**৯। প্রিমিয়াম সংগ্রহ:** ব্যাংকাসুরেন্স পদ্ধতিতে কোন পলিসি বিক্রি করা হলে নি¤েœাক্ত নিয়ম অনুযায়ী ব্যাংক ও বীমাকারীকে প্রিমিয়ামের অর্থ সংগ্রহ করতে হবে। যথা:

ক) কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) বীমাকারীর পক্ষে বীমাকারীর নির্দিষ্ট ব্যাংক হিসাবে প্রিমিয়াম সংগ্রহ করবে। কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) বীমাকারীর পক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে বীমাকারীর রিপোর্ট প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনে (Online) প্রতিবেদন প্রদান করবে;

খ) কোন অবস্থাতেই কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর প্রাপ্য কমিশন বাবদ আয় প্রিমিয়াম আয়ের সাথে সমন্বয় করা যাবে না। উক্ত নির্দেশিকায় কমিশন বিষয়ে যে নির্দেশনা রয়েছে, তা উভয় পক্ষকে যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।

**১০। বিপণন ইশতেহার ও বিক্রয় সামগ্রী (পরিকল্প) :**

ক) বীমা পরিকল্পসমূহ সহজতরভাবে বাজারজাতকরণের লক্ষ্যে বীমাকারী ব্যাংকের সাথে আলোচনাক্রমে বীমা পরিকল্পের প্রচারপত্র (Brochure) তৈরী করতে পারবে;

খ) বীমা চুক্তি সম্পাদনের জন্য বীমাগ্রহীতার প্রস্তাবপত্রসমূহ, বীমাকারী কর্তৃক প্রদত্ত বীমাদলিলাদি প্রদানের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসৃত হবে তাতে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর কোন কর্তৃত্ব থাকবে না;

গ) প্রচারপত্রে সুস্পষ্টভাবে এবং দৃশ্যমান জায়গায় ব্যাংক ও বীমাকারীর সংশ্লিষ্ট দায়িত্ব লিপিবদ্ধ থাকতে হবে। উক্ত বিবৃতিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে যে, ব্যাংকের দায়িত্ব হলো কর্পোরেট বীমা প্রতিনিধি হিসাবে কাজ করা এবং অন্যদিকে বীমাকারীর দায়িত্ব হলো বীমাপত্রের অধীনে উল্লিখিত সকল শর্তাবলীর দায়ভার গ্রহণ করা। এ সংক্রান্ত যাবতীয় প্রচারপত্রের দৃশ্যমান স্থানে বীমাকারীর নাম, ঠিকানা ও যোগাযোগের যাবতীয় মাধ্যম উল্লেখ থাকতে হবে।

**১১। ব্যাংকাসুরেন্স এর আওতাভুক্ত বীমা পণ্য:**

ক) সকল লাইফ বীমা পণ্যসমূহ ব্যাংকাসুরেন্স এর আওতাভুক্ত থাকবে;

খ) নন-লাইফ বীমা পণ্যের ক্ষেত্রে শুধুমাত্র মোটর, ভ্রমণ স্বাস্থ্য, কৃষি ও শস্য বীমাপণ্যসমূহ ব্যাংকাসুরেন্সের আওতাভুক্ত থাকবে।

**১২। বীমা পণ্য বিক্রয় পদ্ধতি:**

ক) ব্যাংক কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) হিসেবে ব্যাংকের হিসাবধারীদের বা গ্রাহকেদের নিকট লাইফ এবং নন-লাইফ বীমাকারীদের বীমা পরিকল্প বিক্রয়ের জন্য বিপণন চ্যানেলসমূহ যেমন: শাখা, টেলিমার্কেটিং, এজেন্ট ব্যাংকিং, ওয়েবসাইট, অ্যাপস ইত্যাদির মাধ্যমে বীমা সুবিধার প্রস্তাবনা, বিজ্ঞাপন, বিক্রয়, বিতরণ অথবা বাজারজাতকরণ করতে পারবে;

খ) লাইফ বীমাকারী বীমা পণ্য বিক্রয়ের ক্ষেত্রে, গ্রাহক বীমার প্রস্তাবপত্র পূরণ করবে এবং প্রিমিয়াম জমার বিপরীতে বীমা গ্রাহককে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) প্রাথমিক রশিদ প্রদান করবে। যথাযথ অবলিখন প্রক্রিয়া সম্পাদনের পর বীমা চুক্তিটি বীমাকারী কর্তৃক গৃহীত হলে চুড়ান্ত রশিদ ও বীমাদলিদ বীমা গ্রাহকের অনুকুলে প্রদান করা হবে। বীমাকারী কর্তৃক বীমা পলিসি গৃহীত না হলে এবং তা কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)- কে জানানোর তিন কার্যদিবসের মধ্যে প্রিমিয়াম বাবদ প্রদত্ত অর্থ আবশ্যিকভাবে বীমাকারী ফেরত প্রদান করবে;

গ) নন-লাইফ বীমাপণ্য বিক্রয়ের ক্ষেত্রে বীমাগ্রহীতা বীমার প্রস্তাবপত্র/ঘোষণাপত্র (Declaration form) যথাযথভাবে পূরণ করে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর নিকট জমা করবে এবং জমার প্রাথমিক রশিদ প্রদান করবে। প্রিমিয়াম জমার বিপরীতে বীমাগ্রহীতাকে বীমাকারী কভারনোট/বীমা পলিসি/সার্টিফিকেট প্রদান করবে। বীমাগ্রহীতা কর্তৃক কোন কাভারনোট/বীমা পলিসি/সর্টিফিকেট ব্যবহৃত না হলে কর্পোরেট এজেন্টকে অবহিত করার পর বীমাগ্রহীতা কর্তৃক প্রদানকৃত প্রিমিয়ামের সম্পুর্ণ অর্থ বা বীমা আইন, ২০১০ অনুযায়ী প্রাপ্য অর্থ সাত কার্য দিবসের মধ্যে আবশ্যিকভাবে বীমাগ্রহীতাকে ফেরত প্রদান করবে।

**১৩। বীমা দাবি প্রক্রিয়াকরণ:**

লাইফ ইন্স্যুরেন্সের ক্ষেত্রে মৃত্যুদাবি, পলিসি ম্যাচুরিটি, পলিসি স্যারেন্ডারের ও স্বাস্থ্য বীমা সংক্রান্ত দাবির জন্য বীমাগ্রহীতা বা তার নমিনী বীমাকারীর  সাতে যোগাযোগ করবে। অনুরুপভাবে নন-লাইফ বীমাচুক্তিতে উল্লিখিত কোন বীমাদাবি এবং স্বাস্থ্য বীমা সংক্রান্ত খরচ পুন:ভরণ বা দাবি নিষ্পত্তির জন্য বীমাগ্রহীতা ব্যাক্তি বা প্রতিষ্ঠান বীমাকারীর সাথে যোগাযোগ করবে। এসকল দাবি বা ঘটনার ক্ষেত্রে ব্যাংক ও বীমাকারীর করণীয় নি¤œরূপঃ

ক) বীমা দাবি নিষ্পত্তির ক্ষেত্রে ব্যাংকের কোন প্রকার দায় থাকবে না বরং বীমা দাবির সম্পূর্ণ অর্থ বীমাকারী বীমাগ্রহীতার সাথে চুক্তি মোতাবেক প্রদান করবে;

খ) বীমা আইন ২০১০ অনুযয়ী বীমা দাবি নিষ্পত্তি করবে। বীমাকারী কর্তৃক দাবি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয়ে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) কোন প্রকার প্রশ্ন উত্থাপন করবে না এবং যদি এমন পরিস্থিতির
উদ্ভব হয় যে বীমা আইন মোতাবেক বীমাগ্রহীতার দাবির কোন নায্যতা নাই সেক্ষেত্রে দাবি প্রত্যাখানের সিদ্ধান্তের ব্যাপারে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) কোন প্রকার হস্তক্ষেপ বা প্রভাব বিস্তার করবে না;

গ) বীমাদাবি প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বীমাগ্রহীতাকে প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রদানের মাধ্যমে ব্যাংক কে সহযোগিতা করতে হবে; এবং

ঘ) বীমাকারী ব্যাংকাসুরেন্স চুক্তিতে আবদ্ধ অংশীদারি ব্যাংকের মাধ্যমে উক্ত অর্থ পরিশোধ করতে পারবে অথবা সরাসরি সুবিধাগ্রাহীর নির্ধারিত ব্যাংক একাউন্ট এ পরিশোধ করতে পারবে।

**১৪। কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর আচরণবিধি:** কর্পোরেট এজেন্টের (ব্যাংকাসুরেন্স) অধীনে পরিচালিত ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসারের নি¤েœাক্ত যোগ্যতা থাকতে হবে:

ক) কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)-কে নিশ্চিত করতে হবে যে, ব্যাংকাস্যুরেন্স কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ বীমার মৌলিক বিষয়াদি সম্পর্কে প্রশিক্ষণ প্রাপ্ত এবং তারা যে সকল বীমাকারীর বীমাপণ্য বিক্রির জন্য চুক্তিবদ্ধ হয়েছেন, সে সকল বীমা পরিকল্পের বিষয়ে তাদের পর্যাপ্ত জ্ঞান রয়েছে;

খ) কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)-কে নিশ্চিত করতে হবে যে চিফ ব্যাংকাসুরেন্স অফিসার এবং ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসার সম্ভাব্য পলিসি গ্রাহককে বীমা পরিকল্পের অধীনে বর্ণিত সুযোগ-সুবিধাসমূহ ও বিনিয়োগ ফেরতের বিষয়ে কোন প্রকার মিথ্যা তথ্য উপস্থাপন অথবা বিভ্রান্তিকর তথ্য দেওয়া হতে বিরত থাকবে;

গ) সম্ভাব্য বীমা গ্রহীতাকে বীমা পরিকল্প সম্পর্কিত বিক্রয় পূর্ব এবং বিক্রয় পরবর্তী পরামর্শ দেওয়ার বিষয়ে আন্তরিক থাকবে;

ঘ) বীমা দাবি নিষ্পত্তির ক্ষেত্রে কর্পোরেট এজেন্টের আইনগত কোন দায়িত্ব নেই। তবে বীমাগ্রহীতা বা তার অবর্তমানে নমিনীকে যথাযথ প্রমাণপত্রাদি উপস্থাপন সাপেক্ষে চূড়ান্ত দাবি নিষ্পত্তির ক্ষেত্রে কর্পোরেট এজেন্টে (ব্যাংকাসুরেন্স) তার সামর্থ্যের মধ্যে সকল ধরনের সহযোগিতা এবং পরামর্শ প্রদান করতে পারবে;

ঙ) ব্যাংক কোন ধরনের ঝুঁকির দায়িত্ব নিবে না অথবা বীমাকারী হিসাবেও কাজ করে না মর্মে উপযুক্ত প্রচারণা চালানো;

চ) ব্যাংক বীমাকারীর চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় প্রতিবেদন বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রদান করবে;

ছ) ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসার যিনি কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) হিসাবে কাজ করবেন তিনি নিশ্চিত করবেন যে প্রত্যেক বীমাগ্রাহকের তথ্যাদি যথাযথ পদ্ধতিতে অথবা নির্দিষ্টকৃত সফটওয়ারের মাধ্যমে সংরক্ষণ করা হয়েছে। এক্ষেত্রে বীমাগ্রাহকের ব্যক্তিগত তথ্যাদির গোপনীয়তা সম্পূর্ণরূপে নিশ্চিত করতে হবে;

জ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বীমা পরিকল্প গ্রহণে বাধ্য করা যাবে না; এবং

ঝ) বীমা আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য কোন আচরণবিধি যাহা কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) কর্তৃক নির্ধারণ করা হবে।

**১৫। চিফ ব্যাংকাসুরেন্স অফিসারের আচরণবিধি:**

ক) ব্যাংক বীমাকারীর কর্পোরেট এজেন্ট হিসাবে কাজ করছে এবং বীমাকারীর নাম সম্ভাব্য গ্রাহকের নিকট স্পষ্টভাবে উল্লেখের বিষয়টি নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

খ) বীমাকারীর বীমাপণ্য বিক্রয়ের জন্য সম্ভাব্য পলিসিগ্রাহকের নিকট উপস্থাপিত বীমা পরিকল্পসমূহের বিষয়ে সংশ্লিষ্ট তথ্যাদি যথাযথভাবে অবহিত করা এবং একইসাথে নির্দিষ্ট বীমা পরিকল্প সুপারিশের ক্ষেত্রে বীমা গ্রাহকের চাহিদাসমূহ বিবেচনায় রাখার বিষয়টি নিশ্চিত করা;

গ) বীমার প্রিমিয়ামের অর্থ বীমাকারীকে প্রদান করা হয়েছে মর্মে নিশ্চিত করা;

ঘ) ব্যাংকিং পণ্যের সহিত সংযুক্ত বীমা পরিকল্পের শর্তসমূহ পৃথকভাবে উল্লেখ থাকার বিষয়টি নিশ্চিত করা;

ঙ) আবেদনপত্র পূরণের নির্দেশনা দেয়া এবং গ্রাহকের নিকট প্রাসঙ্গিক বীমা চুক্তি মোতাবেক নির্ভুল তথ্য প্রদানের গুরুত্ব তুলে ধরা;

চ) বীমাকৃত ব্যক্তি বা দাবিদার বা নমিনীকে এমনভাবে সহযোগিতার বিষয়টি নিশ্চিত করবে যেমনটা বীমাকারীর দাবি নিষ্পত্তির সময় করা যথোপযুক্ত;

ছ) দায়িত্বপ্রাপ্ত ব্যাংকাসুরেন্স কর্মকর্তার আচরণবিধি পরিপালনে প্রয়োজনীয় তদারকি করা; এবং

জ) উক্ত নির্দেশিকায় বর্ণিত অন্যান্য নির্দেশনা যথাযথভাবে পরিপালনের বিষয়টি নিশ্চিত করা।

**১৬। ব্যাংকাসুরেন্স ম্যানেজার/অফিসারের আচরণবিধি:**

ক) বীমা পণ্যের সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য বীমা গ্রাহকদেরকে প্রদান করা হতে বিরত থাকতে হবে;

খ) আবেদন পত্রের জন্য প্রয়োজনীয় কোন তথ্য না দেওয়ার জন্য প্ররোচিত করা যাবে না;

গ) আবেদন পত্রে ভুল তথ্য বা নকল কাগজপত্র দেওয়ার জন্য প্ররোচিত করা যাবে না;

ঘ) বীমাকারীর অন্য কোন এজেন্ট বা অন্য কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির প্রস্তাবপত্রে হস্তক্ষেপ করতে পারবে না;

ঙ) বীমাকারীর অনুমোদনের বাইরে অন্য প্রিমিয়াম হার, সুবিধা, নীতিমালা প্রস্তাব করতে পারবে না; এবং

চ) বীমাগ্রাহককে বিদ্যমান পরিকল্পটি বাতিল করতে বাধ্য করা বা মেয়াদ শেষ হওয়ার আগে নতুনভাবে পরিকল্পটি নিতে বাধ্য বা প্ররোচিত করা যাবে না;

**১৭। কর্পোরেট এজেন্টের (ব্যাংকাসুরেন্স) বীমা কোম্পানির সাথে যুক্ত হওয়ার সর্বোচ্চ সংখ্যা:**

একটি অন্তর্ভুক্তিমূলক ব্যাংকাসুরেন্স বিপণন পদ্ধতি চালু করার লক্ষ্যে কোন বীমাকারী সর্বোচ্চ ৩টি ব্যাংকের সাথে ব্যাংকাসুরেন্স চুক্তি করতে পারবে। এ ক্ষেত্রে কোন বীমাকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যাংকের সাথে ব্যাংকাসুরেন্স এর জন্য চুক্তিবদ্ধ হতে পারবে না।

**১৮। কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর কমিশন:**

ক) লাইফ ও নন-লাইফ বীমাকারীদের জন্য দুই ধরনের কমিশন পদ্ধতি চালু রয়েছে। এছাড়া জীবন বীমা পরিকল্পসমূহের মেয়াদ ও ধরন অনুযায়ী কমিশনের হারের তারতম্য হয়ে থাকে। বীমা আইন, ২০১০ এর ৫৮ ও ৫৯ ধারা এবং কমিশন সংক্রান্ত জারিকৃত সার্কুলার পরিপালন সাপেক্ষে নি¤œবর্ণিত হারে লাইফ ও নন-লাইফ বীমার ক্ষেত্রে কমিশনের হার নির্ধারণ করা হলঃ

১) নন-লাইফ বীমার ক্ষেত্রে কমিশন: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সার্কুলার অনুসরণ করে নন-লাইফ বীমাপণ্য বিক্রির ক্ষেত্রে ব্যাংকাসুরেন্স কর্পোরেট এজেন্টকে (ব্যাংকাসুরেন্স) বীমাকারী প্রিমিয়ামের সর্বোচ্চ ১৫% হারে কমিশন প্রদান করবে।

২) জীবন বীমার ক্ষেত্রে কমিশন:

| অ) ব্যক্তিগত (Individual) বীমা পলিসির জন্য কমিশনের সীমা: | | | |
|---|---|---|---|
| বীমা পরিকল্পের মেয়াদ | ১ম বছরের জন্য প্রিমিয়ামের উপর কমিশনের শতকরা হার | ২য় বছরের জন্য প্রিমিয়ামের উপর কমিশনের শতকরা হার | তৃতীয় বছর বা তদুর্ধ্ব সময়ের জন্য কমিশনের শতকরা হার |
| ১ | ২ | ০ | ০ |
| ২ | ৪ | ২ | ০ |
| ৩ | ৬ | ২ | ২ |
| ৪ | ৮ | ৫ | ২ |
| ৫ | ১০ | ৫ | ২ |

| | | | |
|---|---|---|---|
| ৬ | ১২ | ৫ | ৫ |
| ৭ | ১৪ | ১০ | ৫ |
| ৮ | ১৬ | ১০ | ৫ |
| ৯ | ১৮ | ১০ | ৫ |
| ১০-১১ | ২২ | ১০ | ৫ |
| ১২-১৪ | ২৫ | ১০ | ৫ |
| ১৫-১৯ | ৩২ | ১০ | ৫ |
| ২০ এবং তদুর্ধ্ব | ৩৫ | ১০ | ৫ |
| আ) একক প্রিমিয়াম (Single Premium) সংক্রান্ত পলিসির কমিশনের সীমা: | | | |
| ৫ বছর বা কম | ২.৫ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ৫ থেকে ১০ বছর | ৩ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১০ বছরের উর্দ্ধে | ৪ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

খ) কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) চুক্তির আওতাধীন ব্যাংক তাদের হিসাবধারীদের নিকট ঋণ বা সঞ্চয়ের ঝুঁকি মোকাবিলায় বীমাকারীর পক্ষে পৃথক গোষ্ঠী বীমা চুক্তির আওতায় লাইফ বীমা পরিকল্প বিক্রয় করতে পারবে (যেমন: ক্রেডিট কার্ড, গৃহ ঋণ, গাড়ি ঋণ কিংবা যে কোন ধরনের সঞ্চয় স্কিম) এক্ষেত্রে বীমাকারী কমিশন হিসাবে মোট প্রিমিয়ামের সর্বোচ্চ ১৫% কর্পোরেট এজেন্টকে (ব্যাংকাসুরেন্স) প্রদান করবে। প্রিমিয়াম কালেকশন ফি, লভ্যাংশ বন্টন বা অন্য কোন নামে কোন প্রকার অর্থ বা কমিশন কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)-কে প্রদান করা যাবে না। কর্পোরেট সংস্থাসমূহের নিকট গোষ্ঠী বীমা পণ্যসমূহ বিক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ৫% কমিশন কর্পোরেট এজেন্ট প্রাপ্য হবে;

গ) টার্ম ইন্স্যুরেন্স: খরচ কমানোর জন্য "টার্ম ইন্স্যুরেন্স" বীমা পরিকল্পগুলোর মূল্য বর্তমানে বীমাকারীরা এমনভাবে নির্ধারণ করছে যাতে কমিশন প্রদানের কোন সুযোগ রাখা হয়নি, যেগুলো সাধারণত অনলাইনে বিক্রি করা হয়ে থাকে। ব্যাংকাসুরেন্স পদ্ধতিতে এধরণের পলিসি বিক্রয়ের ক্ষেত্রে পরিকল্পগুলো পুনরায় ডিজাইন করা যেতে পারে এবং এ বিষয়ে পরবর্তীতে সার্কুলারের মাধ্যমে কমিশন হার পুন:নির্ধারণ করা যাবে।

**১৯। বীমা পরিকল্পের মূল্য প্রণয়ন**: বীমা পরিকল্প (Product) প্রণয়ন বিষয়ে ব্যাংক ও বীমাকারী নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করবেঃ

ক) বীমা পরিকল্প প্রণয়নের ক্ষেত্রে বীমা আইন, ২০১০ অনুসরণ করতে হবে। বীমা আইন, ২০১০ এর ১৬ ধারায় জীবন বীমাকারীর পরিকল্প প্রণয়ন বিষয়ে স্পষ্ট নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে লাইফ বীমাকারীর বীমা পরিকল্প প্রণয়নের ক্ষেত্রে বীমা আইনের ১৬ ধারা এবং এ সংক্রান্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। অন্যদিকে নন-লাইফ বীমাকারীর বীমা পরিকল্প প্রণয়নের ক্ষেত্রে বীমা আইন, ২০১০ এর ১৭ ধারায় বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। বীমাকারী বীমা পরিকল্পের মূল্য নির্ধারণ করবে এবং কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এ প্রক্রিয়ায় হস্তক্ষেপ করবে না;

খ) ক্রেতাদের চাহিদা বিবেচনায় নিয়ে নতুন বীমা পরিকল্প প্রণয়ন বা অন্য কোন কাজে সহায়তার জন্য প্রতিটি কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) বীমাকর্মী/কর্মকর্তা বীমাকারীকে সহায়তা প্রদান করতে পারবে।

**২০। অবলিখন প্রক্রিয়া:** প্রতিটি বীমাকারী তার আর্থিক সামর্থ্য এবং অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে অবলিখন পদ্ধতি নির্ধারণ করে থাকে। এক্ষেত্রে বীমাকারীভেদে অবলিখন পদ্ধতির স্বতন্ত্রতা রয়েছে। বীমাপলিসি বিক্রয়ের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতিতে প্রতিটি প্রস্তাবপত্রের অবলিখন প্রক্রিয়া বীমাকারী কর্তৃক সম্পন্ন করতে হবে এবং অবলিখন প্রক্রিয়ায় কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর কোন অংশগ্রহণ থাকবে না। তবে অবলিখন কার্যক্রমকে সহজতর ও দ্রুততর করার জন্য কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে পারবে। এছাড়াও, আর্থিক অবলিখন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) বীমাকারীকে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে সহযোগিতা করতে পারবে।

**২১। পলিসি চালু (Persistency) থাকার কারণে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স)-কে প্রদত্ত বোনাস:** নবায়ন প্রিমিয়াম আয়ে আরও বেশি সচেতন করা এবং উৎসাহ প্রদানের লক্ষ্যে নবায়ন প্রিমিয়াম নির্দিষ্ট পরিমাণ অর্জনের পর চবৎংরংঃবহপু বোনাস প্রদান করা হবে। এ সংক্রান্ত বোনাস প্রদানের হার বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়ে সার্কুলার জারি করবে।

**২২। তামাদি পলিসি বা পলিসি সমর্পণকৃত বীমাগ্রাহকের নিকট নতুন বীমা পরিকল্প বিক্রি:** যদি কোন বীমাগ্রাহকের কোন পলিসি তামাদি হয়ে যায়, সেক্ষেত্রে বীমা আইন অনুযায়ী সুযোগ থাকা সত্ত্বেও যদি উক্ত পলিসি পুন:বহাল না করে নতুন পলিসি ক্রয় করতে চায়, তা হলে কর্পোরেট এজেন্ট তার নিকট ১ (এক) বছরের মধ্যে নতুন পলিসি বিক্রয় করতে পারবে না। উপরন্তু কোন বীমা গ্রাহক যদি স্বেচ্ছায় বীমা পলিসি সমর্পণ করে (surrender), সেক্ষেত্রে তার নিকট কর্পোরেট এজেন্ট ১ বছরের মধ্যে নতুন কোন বীমা পলিসি বিক্রয় করতে পারবে না।

**২৩। দাবি সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি:**

ক) বীমাগ্রাহকদের স্বার্থ রক্ষায় কর্পোরেট এজেন্টের মাধ্যমে বিক্রিত কোন পলিসির বিষয়ে অভিযোগ উত্থাপিত হলে বীমাকারী তা নিস্পত্তি করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং তা বীমাকারী ও বীমাগ্রহীতার মধ্যকার সম্পাদিত ব্যাংকাসুরেন্স চুক্তিতে উল্লেখ থাকবে;

খ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষের নিকট কোন অভিযোগ উত্থাপিত হলে কর্তৃপক্ষ বীমা আইন, ২০১০ অনুযায়ী উক্ত অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

**২৪। বীমাকৃত ব্যক্তির সঙ্গে বীমাকারীর বিক্রয় পরবর্তী যোগাযোগ:**

বীমাকারী ও বীমাগ্রহীতা পারস্পারিক সমঝোতার ভিত্তিতে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর মাধ্যমে বিক্রিত পলিসির বীমাগ্রাহকদের চাহিদার প্রেক্ষিতে বিক্রয় পরবর্তী সেবা প্রদান করবে। বিক্রয় পরবর্তী সেবা প্রদানের বিষয়টি ব্যাংকাসুরেন্স সংক্রান্ত চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

**২৫। ব্যাংকাস্যুরেন্স ব্যবসার প্রতিবেদন:**

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ যাতে এ নির্দেশিকা বাস্তবায়ন সুষ্ঠুভাবে তদারকি করতে পারে সেজন্য প্রত্যেক বীমাকারী বছর শেষে উক্ত বছরের ব্যাংকাসুরেন্স ব্যবসায়ের প্রতিবেদন প্রস্তুত করে কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে। এছাড়াও বীমা আইন, ২০১০ এর ২৭ ধারা অনুযায়ী প্রণীত হিসাব প্রতিবেদনে ব্যাংকাসুরেন্স পদ্ধতিতে অর্জিত প্রিমিয়ামের পরিমাণ স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

**২৬। কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর পরিচয়, লোগো এবং এজেন্ট কোড ব্যবহার:**

বীমাকারীর পরিকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) কর্তৃক বিক্রয় ও বিতরণ করা হবে। কর্তৃপক্ষ এ নির্দেশিকা জারির পরে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর মাধ্যমে পরিকল্প বিতরণের সময় বীমাকারী ও কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) এর নাম, লোগো (খড়মড়) এবং এজেন্ট কোড ব্যবহার করতে পারবে।

**২৭। নীতিমালা জারি ও সংশোধন:**

কর্পোরেট এজেন্ট (ব্যাংকাসুরেন্স) নির্দেশিকা জারির পর প্রয়োজন বিবেচনায় কর্তৃপক্ষ এ নির্দেশিকার পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করতে পারবে। এ নীতিমালার যে কোন অনুচ্ছেদের বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে এ বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ব্যাখ্যা ও সার্কুলার জারি করতে পারবে।

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
সেবা শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

**বীমা গ্রাহক সুরক্ষা গাইডলাইন্স ২০২৪ (প্রকাশের তারিখঃ ১৯-০২-২০২৪)**

বীমা আইন, ২০১০; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ এর উদ্দেশ্য পূরণকল্পে বীমা গ্রাহকদের স্বার্থ সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত গাইডলাইন্স প্রণয়ন করা হলো।

**১. শিরোনাম:** এ গাইডলাইনটি 'বীমা গ্রাহক সুরক্ষা গাইডলাইন্স, ২০২৪' নামে অভিহিত হবে।

**২. প্রবর্তন:** এ গাইডলাইনটি জারির তারিখ থেকে কার্যকর হবে।

**৩. সংজ্ঞা:**

(ক) "**আইন**" অর্থ বীমা আইন, ২০১০;

(খ) "**কর্তৃপক্ষ**" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) এ গাইডলাইনে যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হয়েছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয়নি, সে সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি ও প্রবিধানে যে অর্থে ব্যবহৃত হয়েছে এই গাইডলাইনে উক্ত অর্থে প্রযোজ্য হবে।

**৪. প্রযোজ্যতা:** এ গাইডলাইনটি নিম্নলিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে:

(ক) বীমাকারী,

(খ) বীমা এজেন্ট বা ব্রোকার অথবা এজেন্ট নিয়োগকারী বা জরিপকারী বা বীমা গ্রাহক,

(গ) একজন বীমাকারী বা ব্রোকার বা এজেন্ট নিয়োগকারী বা পরিষেবা প্রদানকারী অথবা বীমা পলিসির আবেদন, বিক্রয় বা প্রশাসনের সাথে জড়িত কোনো ব্যক্তি,

(ঘ) কর্তৃপক্ষ নির্ধারিত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান।

৫. **গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি:** 'বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন, ২০২৩' অনুযায়ী বীমা দাবি সংক্রান্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি ও গ্রাহকের স্বার্থ সুরক্ষার জন্য উপযুক্ত প্রক্রিয়া ও কার্যকর ব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে পরিচালনা পর্ষদের একটি গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি থাকবে। উক্ত কমিটি 'বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন, ২০২৩' এ উল্লেখিত কমিটির ভূমিকা পালন করবে যাতে গ্রাহকের সুরক্ষা নিশ্চিত ও অভিযোগ দ্রুত প্রতিকার সম্ভব হয়। এছাড়া, বীমা আইনসহ বাংলাদেশের প্রচলিত অন্যান্য আইনে উল্লেখিত গ্রাহকের সুরক্ষা নিশ্চিত করণে উক্ত কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। পরিচালনা পর্ষদ এ বিষয়ে সার্বক্ষণিক তদারকি নিশ্চিত করবে।

**৬. বীমা দাবি পরিশোধ সংক্রান্ত নীতিমালা:** 'বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন, ২০২৩' অনুযায়ী গ্রাহক সুরক্ষা ও অভিযোগ প্রতিকার কমিটি গ্রাহকের অভিযোগ দ্রুত নিষ্পত্তির উদ্দেশ্যে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নীতিমালা প্রণয়ন করবে।

**৭. বীমা পরিকল্প বা পণ্য বিক্রয়ের ক্ষেত্রে গ্রাহক সুরক্ষা নিশ্চিতকরণ পদ্ধতি:** (ক) বীমা পরিকল্প/পলিসি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে এবং বিক্রির ক্ষেত্রে অনুমোদিত পরিকল্প/পলিসির কোনোরূপ ব্যত্যয় করা যাবেনা;

(খ) বীমা পরিকল্প বা পলিসির দলিলে বীমাকারীর নাম এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট নম্বর, বীমাকারীর যোগাযোগের বিবরণ এবং প্রকৃত ঠিকানা, পলিসির নাম, শ্রেণী এবং প্রকার প্রভৃতির বর্ণনা এবং কর্তৃপক্ষের নাম ও ঠিকানা থাকতে হবে;

(গ) বীমা পরিকল্প/পলিসি বিক্রয় পর্যায়ে প্রস্তাবিত পণ্যের গ্রাহক কর্তৃক প্রাপ্য পরিকল্প/পলিসির প্রকৃত সুবিধা ও শর্তাদি সুস্পষ্টভাবে গ্রাহককে বোধগম্য ও সহজ ভাষায় অবহিত করতে হবে;

(ঘ) গ্রাহককে এরূপ কোনো ধারণা বা আশ্বাস মৌখিক বা লিখিত বা অন্য কোনোভাবে প্রদান করা যাবে না যা বীমা পরিকল্পে নেই;

(ঙ) গ্রাহকের প্রয়োজন বা চাহিদার প্রেক্ষিতে উপযুক্ত (suitable) বীমা পরিকল্প/পলিসি গ্রাহকের নিকট উপস্থাপন করবেন। গ্রাহকের নিকট কোনো বীমা পরিকল্প/পলিসি প্রভাবিত বা প্ররোচিত করে বিক্রি করা যাবেনা;

(চ) কোনো বীমা পরিকল্প/পলিসি বিনিয়োগের ভিত্তিতে রিটার্ণ প্রাপ্তি থাকলে, রিটার্ণ প্রাপ্তির কোনোরূপ নিশ্চয়তা প্রদান করা যাবে না;

(ছ) বীমা পরিকল্প/পলিসি অন্য কোনো নাম বা অন্য কোনো পণ্য হিসেবে বিক্রি করা যাবেনা, বীমা পরিকল্প/পলিসি হিসেবে বিক্রি করতে হবে;

(জ) কোনো অবস্থায় মিথ্যা বা জাল তথ্যাদি বা দলিলাদি উপস্থাপন করা যাবে না;

(ঝ) পলিসি মেয়াদপূর্তি বা প্রত্যাহারের ক্ষেত্রে কোনো বিধিনিষেধ বা জরিমানা অথবা কোনো বিনিয়োগ বা বীমা পলিসির সাথে সম্পর্কিত অন্যান্য ঝুঁকি থাকলে তা বীমা গ্রাহককে বীমা পরিকল্প বিক্রয়ের পূর্বে অবহিত করতে হবে;

(ঞ) বীমাগ্রাহকের লিখিত সম্মতি ব্যতিরেকে বীমা চুক্তিতে কোনোরূপ পরিবর্তন করা যাবেনা;

(ট) বীমাকারী এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ উভয়ের কাছে বীমা দাবিসহ বীমা সংক্রান্ত অভিযোগ দায়ের করার পদ্ধতি বিস্তারিত উল্লেখ করতে হবে।

**৮. বীমাকারী বা এজেন্ট বা ব্রোকার বা জরিপকারী বা এজেন্ট নিয়োগকারীর দায়িত্ব ও কর্মপরিধি:** (ক) সর্বদা সততা, ন্যায্যতা, যথাযথ দক্ষতা, পেশাদারিত্ব, যত্ন এবং পরিশ্রমের সাথে পরিষেবা প্রদান করবে;

(খ) সম্ভাব্য গ্রাহক বা বীমা গ্রহীতার সাথে কোনোরূপ প্রতারণা বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করবে না;

(গ) সম্ভাব্য গ্রাহককে প্রস্তাবিত বা বিদ্যমান বীমা পলিসি সম্পর্কে সিদ্ধান্ত নিতে প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করবে;

(ঘ) সম্ভাব্য গ্রাহককে পরিষ্কার, সুস্পষ্ট, পঠনযোগ্য, মুদ্রিত বুকলেট, বীমা পরিকল্প বিপণন প্রস্তাবনা পত্র, প্রসপেক্টাস ও বুকলেট প্রদান করবে, যেখানে প্রস্তাবিত বীমার আওতাভুক্ত সুবিধার (coverage) পরিমাণ, ওয়ারেন্টি, সীমাবদ্ধতা, অস্বীকৃতি ও ব্যাখ্যাসহ বীমার আওতাভুক্ত সুবিধা (coverage) সংক্রান্ত অন্য সকল প্রয়োজনীয় তথ্যাদি সঠিক ও স্পষ্টভাবে উল্লেখ থাকবে

(ঙ) বীমা চুক্তি অনুযায়ী বীমাগ্রহীতার পরিপালনীয় বিষয় পুঙ্খানুপুঙ্খভাবে অবহিত করতে হবে;

(চ) বীমাকারী বীমাগ্রাহকের সকল তথ্যের ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট গ্রাহক কোনো তথ্য লিখিতভাবে চাইলে চাহিদা অনুযায়ী সরবরাহ করবে;

(ছ) বীমাগ্রহীতার সাথে সহজবোধ্য ভাষা ব্যবহারের পাশাপাশি সুনির্দিষ্ট পদ্ধতিতে যোগাযোগ ও লেনদেন করতে হবে;

(জ) বিপণন সামগ্রী, পলিসি চুক্তি এবং প্রশংসাপত্র, ফর্ম, বিবৃতিসহ একজন গ্রাহককে বীমাকারী কর্তৃক প্রদত্ত লিখিত তথ্য বাংলা অথবা বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হতে হবে;

(ঝ) পলিসি বাবদ গৃহীত ও প্রদেয় আর্থিক সুবিধা, যেকোনো ফি ও চার্জ বা সুনির্দিষ্ট শর্ত বা আরোপ অথবা নির্দিষ্ট আর্থিক শর্তাবলী সুস্পষ্ট ও সঠিকভাবে বর্ণনা করতে হবে;

(ঞ) একজন বীমা গ্রাহককে বীমা পলিসিতে পরিবর্তন, সংযোজন বা বাতিল করতে প্ররোচিত করা যাবে না;

(ট) কোনো ব্যক্তি কোনো পলিসির আবেদন করার ক্ষেত্রে বা লেনদেন কার্যকর করার উদ্দেশ্যে ফাঁকা বা আংশিক-পূর্ণ ফর্মে স্বাক্ষর নেয়া যাবে না;

(ঠ) কর্মীদের দক্ষভাবে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিতভাবে যথাযথ প্রশিক্ষণ, তত্ত্বাবধান এবং তদারকি করতে হবে;

(ড) পলিসি সংক্রান্ত কোনো অভিযোগ বা অসদাচরণ বা আইনি প্রক্রিয়ায় তদন্তের ক্ষেত্রে গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলের আত্বপক্ষ সমর্থনের সুযোগ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে গ্রাহককে কোনোরূপ হয়রানি বা বীমা দাবি পরিশোধে অহেতুক সময়ক্ষেপন করা যাবে না।

(ঢ) ম্যানুয়াল পদ্ধতিতে বীমা পরিকল্প বিক্রির ১৫ (পনেরো) দিনের মধ্যে ইলেকট্রনিক বা ডিজিটাল পদ্ধতিতে উক্ত বিক্রিত পলিসির মানিরিসিপ্ট বীমাকারী কর্তৃক ইস্যু ও সংরক্ষণ করতে হবে এবং উক্ত ইলেকট্রনিক বা ডিজিটাল পদ্ধতিতে ইস্যুকৃত মানিরিসিপ্ট বীমাগ্রাহককে প্রেরণ নিশ্চিত করতে হবে;

তবে শর্ত থাকে যে, বীমাকারী ব্যতিত অন্য কেউ ইলেকট্রনিক বা ডিজিটাল পদ্ধতিতে মানিরিসিপ্ট ইস্যু করতে পারবে না।

**৯. বীমা গ্রাহকের তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা:** (ক) একজন বীমাকারী অথবা এজেন্ট বা ব্রোকার বা এজেন্ট নিয়োগকারী বা জরিপকারী গ্রাহকের সকল তথ্য সংরক্ষণে উপযুক্ত সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করবেন;

(খ) আদালতের আদেশ বা উপযুক্ত কর্তৃপক্ষের আইনানুগ চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা যাবে।

**১০. বীমা গ্রাহকের দায়িত্ব ও কর্তব্য:** (ক) বীমা গ্রাহক কর্তৃক বীমা চুক্তিতে বর্ণিত কোনো বিষয়ের ব্যত্যয় ঘটালে বীমা গ্রাহক উক্ত ব্যত্যয় ব্যতিত বাকী অংশের ক্ষেত্রে এ গাইডলাইনের আওতায় সুরক্ষা পাওয়ার অধিকারী হবেন;

তবে শর্ত থাকে যে, ছোট করণিক ভুল যার কারণে চুক্তির মৌলিক শর্তাদিতে কোনোরূপ বাস্তব পরিবর্তন না হলে, সেক্ষেত্রে বীমা গ্রাহক এ সুরক্ষা পাওয়ার অধিকারী হবেন।

(খ) বীমাগ্রহীতা বীমা চুক্তি সম্পন্ন হওয়ার পর পরবর্তীতে কোনো তথ্য পরিবর্তন বা তথ্য প্রকাশ করা প্রয়োজন বা বাধ্যবাধকতা থাকলে তা আবশ্যিকভাবে বীমাকারীকে লিখিতভাবে অবহিত করবেন।

(গ) বীমা পরিকল্প/পলিসি সংক্রান্ত রশিদসহ (receipt) অন্যান্য আনুষঙ্গিক দলিলাদি আবশ্যিকভাবে বুঝে নিবেন এবং সংরক্ষণ করবেন।

**১১. গ্রাহক সুরক্ষা নিশ্চিতকল্পে গ্রাহকের সচেতনতা বৃদ্ধিতে করণীয়:** (ক) বীমাকারী বীমা বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় বুকলেট, ফ্লায়ার প্রভৃতি প্রকাশ ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করবে;

(খ) দেশের সর্বত্র প্রচারের লক্ষ্যে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ প্রভৃতি আয়োজন করবে;

(গ) সকল প্রস্তাবিত পরিকল্প/পলিসির হালনাগাদ তালিকা স্ব স্ব ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত করবে এবং সোশ্যাল মিডিয়াতে প্রচার করবে।

**১২. অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা:** এ নীতিমালার ৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত উপ-কমিটি অভিযোগ নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণের আওতায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অভিযোগ নিষ্পত্তির জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে অভিযোগ নিষ্পত্তি/সমাধান করবে এবং নিম্নলিখিত কার্যক্রমসমূহসহ প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহণ করবে:

(ক) বীমাকারীর প্রধান কার্যালয়ে তথ্যপ্রযুক্তি ভিত্তিক ব্যবস্থাসহ অভিযোগ গ্রহণ, নথিভুক্তি এবং নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা ও প্রক্রিয়া বিদ্যমান থাকবে;

(খ) সকল বীমাকারী তার নিজ নিজ অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়া এবং এ সংক্রান্ত গৃহীত কার্যক্রম বীমা গ্রাহকসহ জনসাধারণের অবগতির জন্য পঠনযোগ্য মুদ্রিত বুকলেটে বা গ্রহণযোগ্য মাধ্যমে প্রচার করবে এবং ওয়েবসাইটে বিশেষভাবে প্রদর্শন নিশ্চিত করবে;

(গ) বর্তমানে বীমা গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলের অভিযোগ সংক্রান্ত ফোন কল, ই-মেইল বা অন্য কোনো মাধ্যমে সহৃদ্যতার সাথে গ্রহণ ও নিষ্পন্ন প্রক্রিয়া নিশ্চিত করতে হবে;

(ঘ) যেকোনো অভিযোগ সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করতে হবে;

**১৩. অভিযোগ/সংক্ষুব্ধির অবসান:** বীমা সংক্রান্ত কোনো অভিযোগের নিষ্পত্তি বা অবসান হয়েছে মর্মে প্রতীয়মান হবে যখন-

(১) বীমাকারী অভিযোগকারীর সকল অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করেছে;

(২) অভিযোগকারীকে লিখিত প্রত্যুত্তর প্রেরণের পর আট (৮) সপ্তাহ সময়ের মধ্যে বীমাকারী উক্ত অভিযোগকারীর নিকট থেকে কোনো প্রত্যুত্তর প্রাপ্ত হয় নি।

**১৪. অভিযোগ নিষ্পত্তিতে বীমাকারীর ব্যর্থতা:** বীমাকারী কোনো বীমা গ্রাহকের অভিযোগ নিষ্পত্তিতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট বীমা গ্রাহক অভিযোগটি নিষ্পত্তির লক্ষ্যে আইন মোতাবেক কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিরোধ নিষ্পত্তি কমিটির নিকট আবেদন/অভিযোগ করতে পারবে।

**১৫. বীমা দাবী নিষ্পত্তি বিষয়ে আইনী ব্যবস্থা:** এ গাইডলাইন্সের কোনো কিছুই একজন গ্রাহককে বীমা দাবী বিষয়ে আইনের বিধানমতে কর্তৃপক্ষ বা বিরোধ নিষ্পত্তি কমিটির নিকট আবেদন করা থেকে বাধাগ্রস্থ করবে না।

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
সেবা শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

## রিস্ক বেইসড সুপারভিশন ফ্রেমওয়ার্ক (প্রকাশের তারিখঃ ২১-০৪-২০২৪)

# Risk-Based Supervision Framework

### Introduction

Risk Based Supervision (RBS) is a regulatory approach that focuses on the risk profile of each insurer. The RBS approach enables insurers and regulators to manage risks effectively, maintain their financial stability, and protect policyholders. This Supervision Framework describes the objectives, principles and approach adopted by Insurance Development and Regulatory Authority (IDRA) to support its risk-based supervision of the regulated insurers. This framework applies to the insurance and reinsurance companies regulated by IDRA. The document will help the (re)insurers understand what is required of them as well as what they can expect from the supervisors during the supervision process.

### Objectives

The Insurance Act, 2010 sets out following objectives for Insurance Development and Regulatory Authority:

- contribute to improved management practices and regulation of the insurance sector enhancing confidence in the insurance industry;
- ensure quality and reliable service to public through healthy competition within insurance industry, and
- regulate insurance industry in an effective manner for ensuring protection of rights of insured.

To achieve its objectives, IDRA aims to ensure protection of the interests of the current and future policyholders (i.e., insured) through prudential supervision; transparent and fair treatment of customers (conduct supervision) delivered through the safety and soundness of the regulated (re)insurance companies and stability of the Bangladesh Insurance Sector.

In addition, IDRA also has the mandate to develop the market which includes insurance literacy programs, insurance related training, insurance market expansion and development of specific insurance sectors (e.g., microinsurance and agricultural

insurance).

**Principles**

The six key principles followed by IDRA in its RBS approach that shall be applied to all insurers:

1) Judgment-based: IDRA shall rely on the judgment of the IDRA which will be supported by the relevant data, observations and analyses, and through engagement with the board and senior management of the insurers.

2) Forward looking: IDRA shall assess the insurers against current risks as well as future emerging risks so that early timely intervention can take place.

3) Focus on key risks: IDRA shall focus on material risks arising from the activities of the insurers that could have a detrimental impact on the policyholder protection; IDRA will focus its resources and activities to areas of greatest risks.

4) Assessment of the whole institution: IDRA shall adopt a holistic approach to assess the composite risk (i.e., risk profile) of an insurer. To perform this task, reliance shall be placed on the total balance sheet approach with the assessment of inherent risks and the mitigation and oversight of these material inherent risks.

5) Principle of Proportionality: IDRA shall apply 'Principles of Proportionality' in its approach to supervision. Application of proportionality shall be based on the impact, size and complexity of the insurer and the level of risks posed by such insurer to policyholders, the insurance sector or the financial system as a whole. This principle gives the supervisor the flexibility to tailor its intensity of supervision or the application of the supervisory requirements on insurers in order to achieve IDRA's objectives. Insurers with high risk profile will be subject to more intensive supervision in comparison to insurers with low risk profile.

6) Outcome focused: Supervisory work focuses on material risks of business activities that could pose threat to the achieving the key supervisory outcome of policyholder protection.

Risk Based Supervision Process: Pillars of Risk-Based Supervision

### 4.1 Pillar 1: Quantitative requirements

#### 4.1.1 Technical Provisions

Insurance companies will be required to calculate and report Technical Provisions, which is a valuation process for actuarial liabilities, including margins for adverse deviations. In life insurance business, reasonable actuarial assumptions based on past experience and expectations for future will be taken into considerations. In the case of short-term insurance, technical reserves will consist of unearned premium reserve, case reserves and Incurred But Not Reported (IBNR) reserves. Non-life insurance companies will also be required to estimate their IBNR and IBNR reserves.

#### 4.1.2 Solvency Capital Requirements

As commercial enterprises offering products and services to the public, an insurance company needs to have capital over and above its actuarial and technical reserves, this additional capital requirement is also called Solvency Capital requirements. IDRA will introduce a simplified solvency regime in the short run, followed by introduction of risk-based solvency capital. After successful implementation of the simplified solvency margin regulation, IDRA will focus on the introduction of a Risk Based Capital Framework. The introduction of Risk-Based Capital provides a unique opportunity that will help the industry develop technical capacity as it incentivizing companies to manage themselves better and develop in-house capacity. Considering the above, IDRA will commence with a phased introduction of risk-Based Capital for the Bangladesh insurance industry.

### 4.2 Pillar 2: Reporting Requirements

Supervisory review and reporting is an important control mechanism to ensure that the IDRA is aware of the systemic risks as well as the individual institution risks. This will enable communication with the supervised insurers and promote cooperation, allowing for the early detection of risks and encouraging insurers to discuss emerging issues and troubling matters with the IDRA. IDRA must be aware of the strengths and weaknesses of the supervised institutions and be able to help the institutions that are in higher risk categories return to lower risk categories within a reasonable amount of time.

Policyholders should be able to bring their complaints to the supervisor authority, or to an Ombudsman, after having exhausted avenues of redress with the institution. Tracking complaints and how they are handled can be a powerful early warning signal for supervisory authorities but can also make the insurers t themselves more consumer oriented.

### 4.3 Pillar 3 – Governance

Qualitative requirements include internal controls by the insurers themselves and supervisory review by the IDRA. These requirements are particularly important as they are more forward looking than the quantitative requirements, which inevitably are based in past financial results, although dynamic solvency testing attempts to be more forward looking. Good internal controls will minimize the probability of things going wrong and will indicate that the Board and management are aware of the internal and external circumstances of the institution.

### 4.4 RBS Process:

#### 4.4.1 Risk profiling of Insurers

The central plan for RBS is to create an accurate risk profile of each Insurer. The risk profile will be a document, that describes various financial and non-financial risks faced by an insurance institution. The risk assessment entails the identification of financial activities in which an n insurer has chosen to engage and the determination of the types and quantities of risks to which these activities expose the insurer. The type of risk that an insurer faces individually or in combination include, but are not limited to, underwriting, reserving, credit, market, liquidity, operational, legal and reputational

risks.

The risk profile will be designed to provide a systematic assessment from the supervisor's perspective of the adequacy and effectiveness of the insurer's organization, management and controls. The main risk-profiling devices to be used in the short-term are the CARAMELS & ICP rating framework, off-site supervision, which over time will be derived from off-site returns, and other information. CARAMELS rating will be the core of risk profile compilation, but successive ratings will be used to reflect trends in contrast to being used as a static annual indicator of risk.

The key components of the risk profile document would be the following:

4.4.1.1 CARAMELS & ICP rating with trends

4.4.1.2 Narrative description of key risk features captured under each ORSA assessment

4.4.1.13 Solvency capital margin and Dynamic capital stress testing

4.4.1.4 Monitorable action plan and Insurer's progress to date

IDRA will undertake a formal assessment of the risk profile of each Insurer on a regular basis. The period between assessments will vary depending on the materiality of the risk profile of an Insurer, with an average period of one year. However, more frequent assessments will be conducted for higher risk Insurers and less frequent assessment for lower risk Insurers.

**4.4.2 Supervisory cycle**

The supervisory process will commence with the preparation of the Insurer risk profile (based on data furnished by insurers to IDRA, as well as data from other sources). The supervision cycle will vary according to risk profile of each insurer, with the underlying principle that higher the risk the shorter the cycle. The supervision cycle will remain at 12 months in the short-term and eventually be extended beyond 12 months for low-risk insurers at a suitable stage. In cases where shorter supervisory cycle is necessary, the cycle could be less than 12 months.

**4.4.3 Supervisory programme**

IDRA will prepare an insurer specific supervisory programme which will set out the detailed work plan for each insurer. The scope and objectives of the inspection programme will be derived from analysis of the insurer's risk profile. The supervisory programme will be tailored to individual insurers and will focus on the highest risk areas as well as specify

the need for further investigation in identified problem areas. The supervisory programme will be prepared by IDRA at the beginning of the supervisory cycle and will be flexible enough to permit amendments warranted by subsequent major developments. The supervisory programme will also identify the package of supervisory tools that may be deployed including::

4.4.3.1 greater off-site surveillance

4.4.3.2 targeted on-site inspection

4.4.3.3 structured meetings with insurers

4.4.3.4 commissioned external audits

4.4.3.5 specific supervisory directions

On-site inspection will largely be targeted to specific areas unless a full scope inspection is warranted as per the insurer-specific supervisory programme. A monitorable action plan (MAP) to mitigate risks to supervisory objectives posed by individual insurers will be developed for follow-up. Variable supervisory cycles and variable frequency of inspections characterize the supervisory process under RBS.

**4.4.4 Inspection process**

The risk assessment of individual insurers will be performed by IDRA in advance of on-site supervisory activities. The risk assessment process will highlight both the strengths and vulnerabilities of an institution and provide a foundation from which IDRA will determine the procedures to be conducted during the on-site inspection. The inspection will target identified high-risk areas from the supervisory perspective and focus on the effectiveness of mechanisms in capturing, measuring, monitoring and controlling various risks. The inspection procedure will continue to include transaction testing and evaluation the extent of which will depend on the materiality of an activity and the integrity of the risk management system and the control process.

**4.4.5 Review, evaluation and follow-up**

An evaluation will be undertaken to ensure that the supervisory programme has been completed and effective in improving the risk profile of the insurer concerned. If need be, IDRA will employ further tools, including additional inspection visits. The findings of inspection and other supervisory information on records will be used by IDRA to produce

a comprehensive document of supervisory risks and the insurer's assigned ratings for follow-up of supervisory concerns. The risk profile document of the insurer will be updated accordingly in light of new information.

#### 4.4.6 Monitorable Action Plan (MAP)

The aim of supervisory follow-up is to ensure that insurers take corrective action in time to remedy or mitigate any significant risks that have been identified during the supervisory process. The major supervisory tool this respect is the MAP. MAPs will in many cases include directions to insurers on actions to be taken. The remedial actions are outlined, will be tied explicitly to the areas of high risks identified in the risk profiling as well as the supervisory process. These remedial actions are expected to lead to improvements in the systems and controls environment at the insurer. Key individuals at the insurance company will be accountable for each of the action points. If the actions and timetable set out in the MAP are not met, IDRA shall consider issuing further directions to the insurers, which may include and imposing sanctions and penalties.

### 4.5 Supervisor Level Preparations

#### 4.5.1 Supervisory organization

IDRA will appoint an internal Central Point of Contact for insurers. Under the RBS, there is an need for a focal point for all contacts by insurers, in respect of matters relating to regulatory/supervisory issues. This focal point will be the main conduit for information and communication between the insurers and IDRA.

#### 4.5.2 Enforcement process and incentive framework

While the aim of supervisory follow-up is to ensure that insurers take corrective action to mitigate significant risks, the persistence of deficiencies would pose a risk to IDRA's supervisory objectives. A system of incentives and disincentives will be implemented under the RBS to better attain these objectives. Insurers with a strong compliance record and good risk management and control system may benefit from a longer supervisory cycle and lesser supervisory interventions. Insurers, that fail to show improvement in response to the MAP, would be subject to a more frequent supervisory examination and higher supervisory

intervention including directions, sanctions and penalties.

### 4.5.3 Change management implications

Change management is a key element in ensuring that the transition to RBS takes place in an orderly and effective manner. Insurers should have clearly defined standards of corporate governance and documented policies and practices in place so as to clearly demarcate the lines of responsibility and accountability. Insurers will have to address several organizational issues to realign themselves to meet the requirements of RBS.

## 4.6 Insurer level preparations

### 4.6.1 Adoption of Risk focused Internal Audit

Internal Audit is an independent activity designed to improve the insurer's operations. The internal audit function is a part of the ongoing monitoring of the system of internal control and assists the staff in the effective discharge of their responsibilities. The success of the internal audit function depends largely on the extent of reliance the insurer management would place in guiding the insurer's operations. The Internal Audit Department will therefore have to be independent from the internal control process and be given an appropriate standing within the insurance entity to carry out its assignments with objectivity and impartiality.

The Internal Audit Department should therefore be provided with appropriate resources and staff to achieve its objectives. The internal audit would have to capture in a larger way the application and effectiveness of risk management procedures and risk assessment methodology and critical evaluation of the adequacy and effectiveness of the internal control systems. The internal audit department will have to pay special attention to auditing the insurance activities in all the places through which the activities are undertaken. The precise scope of the work of internal audit department must be determined by each insurer but as a minimum, the following task must be include: review and report on the control environment as a whole, the process by which risks are identified, analyzed and managed, the line of controls over key processes, the reliability and integrity of corporate management function, safeguarding of assets and compliance with rules and regulations.

### 4.6.2 Strengthening of Management Information System and InformationTechnology

A principal foundation for RBS is the availability of detailed and accurate data. Under RBS the monitoring needs of IDRA will differ based on the risk profile of an insurer and accordingly IDRA may require insurers to provide information in addition to the data now being provided. Consequently, insurers will be required to devise a policy for backup and storage of various databases on regular intervals. The policy should specify details like frequency of backups, media to be used, off-site storage areas, departments and officials (Data Managers) responsible for these actions. The accuracy, completeness and the timeliness of data are very important and need to be ensured by insurers through upgrades of their management information and information technology systems. The Data Manager's role shall be created in order to ensure that the data has integrity, is stored in the correct place, and is comprehensive and timely. The Data Managers will be responsible for specific databases. Insurers will have to review the present status of the management information and information technology systems and initiate necessary measures to ensure that IDRA data needs as well as supervisory reporting systems are streamlined.

### 4.6.3 Employee Training

Operational risk in companies is significantly influenced by unskilled and untrained labor. As a result, selecting and developing a core group of officials becomes more important as RBS is launched and developed. The insurer's top management shall also be well informed about the benefits that the company might receive through prudent risk management, in addition to the specifics of RBS.

The insurers and IDRA are equal partners in this endeavor to ensure that the RBS process is implemented smoothly in order to maintain the health and vitality of insurance sector.

## 5. Oversight Functions:

An Insurer's Oversight Functions are responsible for providing independent, enterprise-wide oversight to operational management for each significant activity. IDRA's assessment includes the following six Oversight Functions:

- Actuarial
- Compliance

- Risk Management
- Internal Audit
- Senior Management
- Board

The presence and nature of these functions vary based on the size, complexity, and risk profile of an Insurer and the inherent risks in its significant activities. Where an Insurer lacks a critical Oversight Function and has engaged external expertise to perform that function, IDRA expects an Insurer to maintain accountability for that function (i.e., Insurers can outsource the function's responsibility but not the accountability and ownership of risks).

১৭. সকল শাখা প্রধান, আইডিআরএ;
১৮. অফিস কপি।

**সার্কুলার নং: নন-লাইফ ৭৫-২০২০ (কমিশন ও নিট প্রিমিয়ামের উপর বেতন নির্ধারণ সংক্রান্ত) স্থগিতকরণ প্রসঙ্গ (প্রকাশের তারিখঃ ২৯-১২-২০২০)**

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন অনুবিভাগ
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০২০.৪০

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২০

**বিষয়: নন-লাইফ বীমাকারীর জন্য জারিকৃত সার্কুলার নং- নন-লাইফ ৭৫/২০২০ স্থগিতকরণ প্রসঙ্গে।**
সূত্রঃ কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০২০.২৪; তারিখ- ৩০ সেপ্টেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধন প্রবিধানমালা ২০২০ (খসড়া) গেজেট আকারে প্রকাশিত না হওয়ায় এবং উন্নয়ন কর্মকর্তাগণকে এজেন্ট হিসেবে রূপান্তরের প্রক্রিয়া যৌক্তিকভাবে সম্পন্ন করার স্বার্থে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গত ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত **'সার্কুলার নং- নন-লাইফ ৭৫/২০২০'** এর কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করা হলো।

২৯/১২/২০২০
মুহাম্মদ আরিফুল ইসলাম
পরিচালক (উপসচিব)

**বিতরণ (কার্যার্থে):**
১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা (সকল নন-লাইফ),..... ইন্স্যুরেন্স কোম্পানি।

**অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**
(১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
(২) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
(৩) চেয়ারম্যান (সকল নন-লাইফ) ..... ইন্সুরেন্স কোম্পানি/কর্পোরেশন;
(৪) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
(৫)সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের জন্য);
(৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৭) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৮) কর্তৃপক্ষের সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৯) অফিস কপি।

## সার্কুলার নং: নন-লাইফ ৮৩-২০২০ (প্রিমিয়াম হার নির্ধারণ সংক্রান্ত) (প্রকাশের তারিখঃ ২১-০১-২০২১)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
রেটিং শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.০৩ তারিখ: ২১-০১-২০২১

সাধারণ বীমা কর্পোরেশন এবং
সকল নন-লাইফ বীমা কোম্পানি
ঢাকা, বাংলাদেশ।

**সার্কুলার নং-নন-লাইফ ৮৩/২০২১**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৩-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল রেটিং কমিটির ১৭১তম সভার সুপারিশের আলোকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়গুলি অনুমোদন করেছেনঃ-

**আলোচ্যসূচি ১:** বাংলাদেশ মেরিন ট্যারিফ **এ কিছু সংশোধন প্রসঙ্গে।**
**প্রস্তাবকঃ বিভিন্ন নন লাইফ বীমা কোম্পানী।**

দেশের নন-লাইফ বীমাখাতে নৌ-বীমার প্রিমিয়াম রেট নির্ধারণ করে গত ০৯-০৭-২০২০ তারিখ থেকে "বাংলাদেশ মেরিন ট্যারিফ" কার্যকর করা হয়েছে। বীমা খাতে শৃঙ্খলা ও অভিন্নতা আনয়নের জন্য জারীকৃত বাংলাদেশ মেরিন ট্যারিফটি স্পষ্টীকরণের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলঃ –

(১) ইতোপূর্বে সেন্ট্রাল রেটিং কমিটি এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক সার্কুলারের মাধ্যমে জারীকৃত মেরিন প্রিমিয়াম রেটগুলো, বর্তমানে জারীকৃত প্রিমিয়াম রেট দ্বারা প্রতিস্থাপিত হবে;

(২) যে সকল প্রিমিয়াম রেট ট্যারিফে প্রদত্ত হয় নাই, সেগুলোর জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন নিতে হবে;

(৩) "বাংলাদেশ মেরিন ট্যারিফ" এ প্রথমেই উদ্ধৃত মুখবন্ধটি নিম্নোক্তভাবে পড়িতে হবেঃ –

### Bangladesh Marine Tariffs

### Effective from 09.07.2020

The Insurance Development & Regulatory Authority (IDRA) has approved the Rules, Regulations, Rates, Advantages, Terms and Conditions, proposed by and inconsultation with the Central Rating Committee, as contained herein, for transaction of Marine Insurance Business in Bangladesh, in accordance with the provisions of Article 17 of Insurance Act 2010.

This Tariff supersedes the previous Marine Tariff dated 01-01-2000 and the circulars relating to special rates and amendments of rates issued by Central Rating Committee under Chief Controller of Insurance (CCI) and Insurance Development & Regulatory Authority (IDRA) from time to time. This Tariff comes into effect on 09.07.2020 in respect of new business/renewals falling due on or after that date.

This Tariff is binding on all Non-Life Insurance Companies operating in Bangladesh.

উপরের বিষয়গুলোর কোনটি লংঘিত হলে বীমা আইন ২০১০ এর আওতায় শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আলোচ্যসূচি ২:** বাংলাদেশ ফায়ার ট্যারিফ এ প্রথম পৃষ্ঠার ২ নং অনুচ্ছেদ বাতিল প্রসঙ্গে।

**প্রস্তাবকঃ বিভিন্ন বীমা কোম্পানী।**

কর্তৃপক্ষ বাংলাদেশ ফায়ার ট্যারিফ এর ১ম পৃষ্ঠার "GENERAL RULES AND REGULATIONS" এর অধীন ২ নং নিম্নোক্ত অনুচ্ছেদটি বাতিল করার সিদ্ধান্ত গ্রহন করেঃ -

**2. Advertising Gifts to the Public.**

It is not permissible for insurers or their Agents to issue and/or distribute calendars, blotters, pads, pocket books, diaries, paper weights or gifts of any description, except presentation books such as are issued to celebrate the centenary of a Company or publication of a like nature.

**আলোচ্যসূচি ৩:** Definition of Small & Medium Enterprises (SME) **অনুমোদন প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ SME এর সংজ্ঞা নিম্নোক্তভাবে অনুমোদন করেঃ –

"Definition

- Small Industry (Manufacturing): Small Industry means an industry in which the value/replacement cost of durable resources other than land and factory
  buildings is in between (.05 to 15 million) taka and employment generation is not more than 50 persons.
- Cottage Industry (Manufacturing): Cottage Industry means family an industry
  in which members are engaged part-time or full-time in production and service-oriented activities.
- Medium Industry (Manufacturing): Medium Industry means an industry in which the value/replacement cost of durable resources other than land and factory buildings is between 15 million and 200 million taka and employment
  generation is not more than 150 persons."

In the above circumstances it is proposed that definition of SME enterprises in Fire and Marine Tariff shall be revised accordingly.

উপরোক্ত শর্তাবলী ও নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

২৭/০৭/২০২১

**(মোঃ শাহ আলম)**
সদস্য সচিব, সি.আর.সি. ও
পরিচালক (উপসচিব)

বিতরণ ঃ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন।
২। জেনারেল ম্যানেজার (অবলিখন), সাধারণ বীমা কর্পোরেশন।
৩। জেনারেল ম্যানেজার (পুন:বীমা), সাধারণ বীমা কর্পোরেশন।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সেন্ট্রাল ইন্স্যু:কো:লি:।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইষ্টার্ণ ইন্স্যু:কো:লি:।

৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, গ্রীণ ডেল্টা ইন্স্যু:কো: লি:।
৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, জনতা ইন্স্যু:কো:লি:।
৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, কর্ণফুলী ইন্স্যু:কো:লি:।
৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রগতি ইন্স্যু: লি:।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রুপালী ইন্স্যু:কো:লি:।
১১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইউনাইটেড ইন্স্যু:কো:লি:।
১২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সিটি জেনারেল ইন্স্যু:কো:লি:।
১৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মার্কেন্টাইল ইন্স্যু:কো:লি:।
১৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পাইওনিয়ার ইন্স্যু:কো:লি:।
১৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রাইম ইন্স্যু:কো:লি:।
১৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, অগ্রণী ইন্স্যু:কো:লি:।
১৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এশিয়া ইন্স্যু: লি:।
১৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, কন্টিনেন্টাল ইন্স্যু: লি:।
১৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ঢাকা ইন্স্যু: লি:।
২০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এক্সপ্রেস ইন্স্যু:কো:লি:।
২১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, গ্লোবাল ইন্স্যু: লি:।
২২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, নিটল ইন্স্যু:কো:লি:।
২৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্যারামাউন্ট ইন্স্যু:কো:লি:।
২৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সোনার বাংলা ইন্স্যু:কো:লি:।
২৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সেনাকল্যাণ ইন্স্যু:কো:লি:।
২৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যু: লি:।
২৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ জেনারেল ইন্স্যু:কো:লি:।
২৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইষ্টল্যান্ড ইন্স্যু:কো:লি:।
২৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেডারেল ইন্স্যু:কো:লি:।
৩০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পিপলস ইন্স্যু:কো:লি:।
৩১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফিনিক্স ইন্স্যু:কো:লি:।
৩২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পূরবী জেনারেল ইন্স্যু:কো:লি:।
৩৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রিলায়েন্স ইন্স্যু: লি:।
৩৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যু:কো:লি:।
৩৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মেঘনা ইন্স্যু:কো:লি:।
৩৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, নর্দান ইসলামী ইন্স্যু: কো: লি:।
৩৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রভাতী ইন্স্যু:কো:লি:।
৩৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যু:কো:লি:।
৩৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ক্রিষ্টাল ইন্স্যু:কো:লি:।
৪০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, দেশ জেনারেল ইন্স্যু:কো:লি:।
৪১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইসলামী ইন্স্যু: বাংলাদেশ লি:।
৪২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইসলামী কমার্শিয়াল ইন্স্যু:কো:লি:।
৪৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রিপাবলিক ইন্স্যু:কো:লি:।
৪৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সাউথ এশিয়া ইন্স্যু:কো:লি:।
৪৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, তাকাফুল ইসলামী ইন্স্যু: লি:।
৪৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন ইন্স্যু:কো:লি:।
৪৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সিকদার ইন্স্যু:কো:লি:।
৪৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ষ্ট্যান্ডার্ড ইন্স্যু:কো:লি:।
৪৯। সেক্রেটারী জেনারেল, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।

অনুলিপি:
১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩। অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন অনুবিভাগ
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.০৭

১৭ মাঘ ১৪২৭
তারিখঃ ৩১ জানুয়ারি ২০২১

## সার্কুলার নং- জিএডি-০৫ /২০২১

**বিষয়: সকল বীমা পলিসিতে বীমা গ্রাহকগণের মোবাইল ফোন নম্বর নিশ্চিতকরণ।**

সরকার আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা আনয়ন এবং মানিলন্ডারিং প্রতিরোধে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষও গ্রাহকসেবার মান উন্নয়ন ও সহজীকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বীমা পলিসি গ্রাহকগণের নিকট সহজে উন্নততর সেবা পৌঁছে দেয়ার ক্ষেত্রে বীমা পলিসি গ্রাহকগণের মোবাইল ফোন নম্বর অত্যন্ত সহায়ক ভূমিকা রাখতে পারে। সরকার মোবাইল ফোনের মাধ্যমে জনগণকে বিভিন্ন পরিসেবা প্রদান করছে। বীমা পলিসি গ্রাহকগণের মোবাইল ফোন নম্বর থাকলে বীমাকারী সহজেই গ্রাহকগণের সাথে সহজ ও দ্রুততার সাথে যোগাযোগ করতে পারে। এক্ষেত্রে প্রিমিয়াম ডিউ ও পলিসি ম্যাচুরিটির তারিখসহ বিভিন্ন বিষয়ে কার্যকর যোগাযোগ রক্ষা করা সহজ হবে। তাছাড়া বীমা পলিসি গ্রাহকগণের মোবাইল ফোন নম্বর সংরক্ষণ KYC নিশ্চিতকরণের জন্যও প্রয়োজন। বর্তমানে দেশে প্রাপ্ত বয়স্ক প্রায় সকল নাগরিকের মোবাইল ফোন রয়েছে। মোবাইল ফোনের মাধ্যমে সেবা প্রদান বীমা শিল্পের প্রসারে ভূমিকা রাখতে পারে। সার্বিক দিক বিবেচনায় বীমা শিল্পের উন্নয়ন ও বীমা পলিসি গ্রাহকগণের স্বার্থে মোবাইল ফোন নম্বর সংরক্ষণের বিষয়ে কর্তৃপক্ষ হতে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) সকল বীমাকারীকে ইস্যুকৃত সকল বীমা পলিসি গ্রাহকগণের মোবাইল ফোন নম্বর কোম্পানির শাখা অফিস বা মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সংগ্রহপূর্বক মোবাইল ফোন নম্বরসহ গ্রাহকগণের তথ্যাদি আগামী ১ মার্চ ২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে;

(খ) বীমা গ্রহীতা প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের পক্ষে যিনি বীমা পলিসি গ্রহণ করবেন তাঁর মোবাইল ফোন নম্বর অথবা প্রতিষ্ঠানের পক্ষে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মোবাইল ফোন নম্বর সংরক্ষণ করতে হবে;

(গ) ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ থেকে সকল ধরণের নতুন বীমা পলিসি ইস্যুর ক্ষেত্রে অন্যান্য তথ্যের সাথে বীমা পলিসি গ্রাহকগণের মোবাইল ফোন নম্বরও বাধ্যতামূলকভাবে সংগ্রহ করতে হবে। বিশেষ ক্ষেত্রে কোন বীমা গ্রাহকের মোবাইল ফোন নম্বর না থাকলে তার পরিবার বা অন্য কোন নিকট আত্মীয়ের মোবাইল ফোন নম্বর ব্যবহার করা যাবে। কোনক্রমেই মোবাইল ফোন নম্বর ব্যতিত কোন বীমা পলিসি ইস্যু করা যাবে না।

২। বীমা শিল্পে গ্রাহক সেবার মান বৃদ্ধি ও বীমা পলিসি গ্রাহকগণের স্বার্থ সংরক্ষণের জন্য এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

৩১/০১/২০২১

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি।

**অনুলিপি-সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
(১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
(২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
(৩) সভাপতি বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
(৪) চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;
(৫) নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৬) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(৮) পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৯) সদস্য মহোদয়গণের ব্যক্তিগত সহকারী; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(১০) কর্তৃপক্ষের সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(১১) অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন অনুবিভাগ
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.০৮

তারিখঃ ২১ মাঘ, ১৪২৭ / ৪ ফেব্রুয়ারি ২০২১

## সার্কুলার নং: নন-লাইফ ৮৪/২০২১

নন-লাইফ বীমাখাতে কর্তৃপক্ষ কর্তৃক অনেকগুলো পদক্ষেপ নেয়া সত্ত্বেও কমিশন সংক্রান্ত বিষয়ে শৃঙ্খলা সম্পূর্ণরূপে নিশ্চিত হচ্ছে না বিধায় এ খাতে শৃঙ্খলা আনয়নের স্বার্থে বীমা আইন, ২০১০ এর অধীনে বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধন প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত না হওয়া পর্যন্ত নন-লাইফ বীমাখাতে কমিশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

(১) নন-লাইফ বীমাখাতে ব্যবসা অর্জন বা সংগ্রহের বিপরীতে ১৫% (পনের শতাংশ) বীমা এজেন্ট কমিশন প্রদান সংক্রান্ত সার্কুলার নং নন-লাইফ ৩২/২০১২, তারিখ ১ এপ্রিল ২০১২ এবং নন-লাইফের কমিশন হার সংক্রান্ত জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো;

(২) নন-লাইফ বীমাখাতে ব্যবসা অর্জন বা সংগ্রহের বিপরীতে বীমা এজেন্ট কমিশন ১৫% (পনের শতাংশ) এর পরিবর্তে ০% (শূন্য শতাংশ) নির্ধারণ করা হলো;

(৩) উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্মকর্তাগণের সংগৃহীত প্রিমিয়ামের শতকরা হারে প্রদান করা যাবে না। চুক্তিভিত্তিক নিয়োগ ব্যতীত সকল উন্নয়ন কর্মকর্তাগণের নিয়োগপত্রে সংশ্লিষ্ট বীমাকারীর পে-স্কেল অনুযায়ী বেতন-ভাতাদি উল্লেখ করতে হবে এবং সে অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান করতে হবে;

(৪) সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্তৃপক্ষের সার্কুলার নং: নন-লাইফ ৬৪/২০১৯ এর ৩ নং দফায় বর্ণিত ব্যবস্থাপনা ব্যয়ের জন্য নির্ধারিত ব্যাংক হিসাব হতে কর্মকর্তা-কর্মচারীগণের স্ব স্ব ব্যাংক হিসাবে ট্রান্সফার বা একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে প্রদান করতে হবে;

(৫) উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রদান সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবেঃ

| ক্রমিক নং | নাম | পদবী | শাখা | মোট বেতন (টাঃ) | কর্তন (ট্যাক্স, পিএফ ইত্যাদি) | নিট বেতন (টাঃ) | ব্যাংক হিসাব নং | অর্জিত গ্রস প্রিমিয়াম |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

(৬) এ নির্দেশনা ১ মার্চ ২০২১ (জাতীয় বীমা দিবস) থেকে কার্যকর হবে।

০৪/০২/২০২১

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান

পৃষ্ঠা ১/২

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন;

২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

(১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
(২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
(৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
(৪) চেয়ারম্যান, সাধারণ বীমা কর্পোরেশন;
(৫) চেয়ারম্যান, সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;
(৬) নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৭) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
(৮) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
(৯) পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(১০) সদস্য মহোদয়গণের ব্যক্তিগত সহকারী; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(১১) কর্তৃপক্ষের সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(১২) অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন অনুবিভাগ
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.১৮.৯৪ তারিখ: ২৩ মার্চ ২০২১

## সার্কুলার নং- নন-লাইফ ৮৫/২০২১

**বিষয়ঃ জরিপ মাশুল ও অন্যান্য খরচাদি পুণঃ নির্ধারণ প্রসঙ্গে।**

বীমা জরিপকারী প্রতিষ্ঠানসমূহের জরিপ মাশুল ও অন্যান্য খরচাদি পুন:নির্ধারণের নিমিত্ত গত ২০ জানুয়ারি ২০২১ তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, সাধারণ বীমা কর্পোরেশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী ও বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশনের সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বীমা জরিপকারী প্রতিষ্ঠানসমূহের জরিপ মাশুল ও অন্যান্য খরচাদির হার নিম্নোক্তভাবে পুণঃনির্ধারণ করা হলোঃ

| ক্র: নং | জরিপ এর শ্রেণি | পুণঃনির্ধারণকৃত জরিপ মাশুল ও আনুষাঙ্গিক খরচাদির হার |
|---|---|---|
| ১ | **অগ্নি** | প্রতিটি অগ্নি জরিপের ক্ষেত্রে (প্রতিটি ক্ষতির তারিখ ও সময় অনুযায়ী) নিরুপিত গ্রস লস ধরে ক্ষতির ১ম ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ৪.৫% হারে, অবশিষ্ট প্রতি লক্ষ ৩.৫% হারে সর্বোচ্চ মাশুল ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং সর্বনিম্ন ১০,০০০/- (দশ হাজার) টাকা। |
| ২ | **মটর** | সকল ধরণের মটর জরিপের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা। |
| ৩ | **ইঞ্জিনিয়ারিং ও বিবিধ** | প্রতিটি ইঞ্জিনিয়ারিং ও বিবিধ ক্ষতির জরিপ মাশুল অগ্নি ক্ষতির মাশুল এর অনুরূপ হবে। |
| ৪ | **(ক) নৌ-কার্গো** | প্রতিটি কনসাইনমেন্ট বা তার অংশ বিশেষ এর ক্ষেত্রে প্রত্যেক জরিপকারীর প্রথম পিরিয়ড ৪,০০০/- (চার হাজার) টাকা, পরবর্তী প্রতি পিরিয়ড ২,০০০/- (দুই হাজার) টাকা হারে।<br>**বিঃ দ্রঃ**<br>১.কনসাইনমেন্ট অর্থ প্রতি বি/এল, প্রতি আর/আর, প্রতি এয়ারওয়ে বিল, প্রতি কনসাইনমেন্ট নোট;<br>২. প্রতি পিরিয়ড অর্থাৎ প্রতি ৮ (আট) ঘন্টা বা তার অংশ বিশেষ;<br>৩.বন্দর এলাকায় জরিপ করা হলে প্রত্যেক জরিপকারীকে প্রতি পয়েন্টে বা হুকে জরিপ করার জন্য প্রতি কনসাইনমেন্ট ভিত্তিক পৃথকভাবে জরিপ মাশুল প্রদান করা যাবে। তবে এভাবে মাশুল পেতে হলে জাহাজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/এজেন্ট/জাহাজ প্রতিনিধির কাছ থেকে জরিপকারীগণের উপস্থিতির স্বপক্ষে প্রত্যয়ন গ্রহণ করে বিলের সাথে দাখিল করতে হবে। |
| | **(খ) নৌ-হাল ও এভিয়েশন** | প্রতিটি টোটাল লস ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা এবং প্রতিটি কন্সট্রাক্টিভ টোটাল লস ১০,০০০/- (দশ হাজার) টাকা (স্যালভেজ খরচ বীমাকৃত টাকার উর্ধ্বে হলে)। তবে স্যালভেজ করা সম্ভব হলে প্রতিটি জাহাজের আংশিক ক্ষতির জরিপ মাশুল অগ্নি ক্ষতির মাশুলের অনুরূপ হবে। |
| ৫ | **প্রি-রিস্ক ইন্সপেকশন** | ক) বীমা অংক ৫ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ৪০ (চল্লিশ) কোটি টাকা পর্যন্ত জরিপ মাশুল ২০,০০০/- (বিশ হাজার) টাকা;<br>খ) বীমা অংক ৪০ (চল্লিশ) কোটি টাকার উর্ধ্বে হলে জরিপ মাশুল ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা। |
| ৬ | **ভ্যালুয়েশন** | নিরূপিত মূল্যের ০.০৩% বা সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ও সর্বনিম্ন ১৫,০০০/- (পনের হাজার) টাকা। |
| ৭ | **যাতায়াত খরচ (স্থানীয় ও দূর পাল্লা)** | **স্থানীয়ঃ** জিপিও হতে ৫০ (পঞ্চাশ) কিঃমিঃ পর্যন্ত প্রতি কিঃমিঃ ১৮/-(আঠার) টাকা হারে (যাওয়া-আসা);<br>**দূরপাল্লাঃ** প্রতি কিঃমিঃ ১২/-(বার) টাকা হারে (যাওয়া-আসা)। |

১/২

| ক্র: নং | জরিপ এর শ্রেণি | পুণঃনির্ধারণকৃত জরিপ মাশুল ও আনুষাঙ্গিক খরচাদির হার |
|---|---|---|
| ৮ | **আলোকচিত্র** | **ক) মটর:** প্রতি কপি ৫০/- (পঞ্চাশ) টাকা, সর্বোচ্চ ৬০০/- (ছয়শত) টাকা;<br>**খ) অন্যান্য:** প্রতি কপি ৫০/-(পঞ্চাশ) টাকা, সর্বোচ্চ ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা;<br>**গ) ভিডিও কপি:** সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা। |
| ৯ | **অবস্থান ভাতা** | **১. প্রধান জরিপকারী (প্রতিদিন):**<br>ক. বিভাগীয় শহরে ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা;<br>খ. জেলা শহরে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।<br>**২. ক্ষমতাপ্রাপ্ত জরিপকারী:**<br>ক. বিভাগীয় শহরে ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা;<br>খ. জেলা শহরে ৮০০/- (আটশত) টাকা।<br>**৩. শিক্ষানবিশ জরিপকারী:**<br>ক. বিভাগীয় শহরে ১,০০০/- (এক হাজার) টাকা;<br>খ. জেলা শহরে ৭০০/- (সাতশত) টাকা। |
| ১০ | **টিফিন ভাতা** | যে ক্ষেত্রে অবস্থান ভাতা প্রদান করা হবে না সে ক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা প্রতিদিন। |
| ১১ | **বিশেষজ্ঞ ও ল্যাবরেটরি পরীক্ষা** | ১.যদি কোন ক্ষেত্রে বিশেষজ্ঞ নিয়োগের প্রয়োজন হয় তাহলে জরিপকারীকে বিশেষজ্ঞ নিয়োগ এবং তার মাশুল নির্ধারণের জন্য নিয়োগকারী/বীমাকারীর নিকট থেকে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;<br>২. কোন প্রকার ল্যাবরেটরি পরীক্ষার প্রয়োজনীয়তা দেখা দিলে সেক্ষেত্রেও নিয়োগকারী/বীমাকারীকে অবহিত করে ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং সেক্ষেত্রে ল্যাবরেটরি কর্তৃক দাখিলকৃত বিল নিয়োগকারী/বীমাকারী পরিশোধ করবে। |
| ১২ | **দ্বিতীয় জরিপকারী নিয়োগ** | অগ্নি বীমা পলিসির আওতায় ক্ষতির পরিমাণ ৪০ (চল্লিশ) লক্ষ টাকা এবং বিবিধ ও নৌ-হাল (ইনল্যান্ড) ক্ষতির পরিমাণ ২০ (বিশ) লক্ষ টাকার উর্ধ্বে হলে বীমাকারী কর্তৃক বাধ্যতামূলকভাবে দ্বিতীয় জরিপকারী নিয়োগ করতে হবে। |

উপরোল্লিখিত পুন:নির্ধারণকৃত জরিপ মাশুল এর হার সার্কুলার জারি হওয়ার ৩ (তিন) বছর পর পুনঃবিবেচনা করা যাবে।

উক্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করার জন্য নন-লাইফ বীমা প্রতিষ্ঠান ও বীমা জরিপকারী প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হলো, যা ১ এপ্রিল ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

২৩/০৩/২০২১

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান

**বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১) ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন;
২) মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানি;
৩) সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা;
২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, শের-ই- বাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
৩) চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, বাংলাদেশ, মহাখালী, ঢাকা;
৪) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৫) অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
৭) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৮) পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী;
৯) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
১০) অফিস কপি।

2/2

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন অনুবিভাগ
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.১৮.১৫ তারিখ: ২৫ মার্চ ২০২১

## জিএডি সার্কুলার নং- ৬/২০২১

## বিষয়ঃ সকল বীমাকারীর একইরূপ সাংগঠনিক কাঠামো প্রসঙ্গে।

জাতীয় বীমা নীতি ২০১৪ এর ২.৫ অনুচ্ছেদের ১৩ নং প্রতিপালনীয় বিষয় হিসেবে বীমাকারীর একইরূপ সাংগঠনিক কাঠামো প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। এই পরিপ্রেক্ষিতে লাইফ ও নন-লাইফ বীমাকারীর জন্য নিম্নরুপ সাংগঠনিক কাঠামো নির্ধারণ করা হলো:

1. Management Grade

| Grade | ১ | ২ | ৩ |
|---|---|---|---|
| | ইংরেজী | বাংলা | মন্তব্য * |
| 1 | Chief Executive Officer | মুখ্য নির্বাহী কর্মকর্তা | |
| 2 | Addl. Managing Director | অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক | |
| 3 | Deputy Managing Director | উপ ব্যবস্থাপনা পরিচালক | |
| 4 | Asst. Managing Director | সহকারি ব্যবস্থাপনা পরিচালক | |
| 5 | Senior Executive Vice President | সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট | সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর |
| 6 | Executive Vice President | এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট | এক্সিকিউটিভ ডিরেক্টর |
| 7 | Sr. Vice President | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট | সিনিয়র জেনারেল ম্যানেজার |
| 8 | Vice President | ভাইস প্রেসিডেন্ট | জেনারেল ম্যানেজার |
| 9 | Deputy Vice President | ডেপুটি ভাইস প্রেসিডেন্ট | ডেপুটি জেনারেল ম্যানেজার |
| 10 | Assistant Vice President | এ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট | এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার |
| 11 | Senior Manager | সিনিয়র ম্যানেজার | |
| 12 | Manager | ম্যানেজার | |
| 13 | Deputy Manager | ডেপুটি ম্যানেজার | |
| 14 | Assistant Manager | এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | |

* একইরূপ সাংগঠনিক কাঠামো অনুসরণপূর্বক বীমাখাতে শৃঙ্খলা নিশ্চিতকরণের স্বার্থে মন্তব্য কলামে উল্লিখিত পদের কর্মকর্তাগণকে ২ নং কলামে উল্লিখিত পদে অথবা বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধাদির সাথে সামঞ্জস্যপূর্ণ ২ নং কলামের অন্য কোন পদে পদায়ন করা যাবে।

2. Non-Management Grade

ক. ম্যানেজমেন্ট সাপোর্ট স্টাফ:

| Grade | ইংরেজী | বাংলা |
|---|---|---|
| 15 | Senior Executive Officer | সিনিয়র এক্সিকিউটিভ অফিসার |
| 16 | Executive Officer | এক্সিকিউটিভ অফিসার |
| 17 | Senior Officer | সিনিয়র অফিসার |
| 18 | Officer (Trainee) | অফিসার (শিক্ষানবিশ) |
| 19 | Junior Officer | জুনিয়র অফিসার |
| 20 | Office Assistant, Computer Operator etc. | অফিস সহকারী, কম্পিউটার অপারেটর ইত্যাদি |

খ. জেনারেল সাপোর্ট স্টাফ:

| Grade | ইংরেজী | বাংলা |
|---|---|---|
| 21 | Driver, Electrician, Machine/Lift Operator, Technician etc. | ড্রাইভার, ইলেকট্রিশিয়ান, মেশিন/লিফ্ট অপারেটর, টেকনিশিয়ান ইত্যাদি |
| 22 | Office Attendant (Peon/ Messenger/Tea Boy/Cleaner/ Gardener/ Helper/ Cook etc.) | অফিস সহায়ক (পিয়ন/ম্যাসেঞ্জার/পরিচ্ছন্নতা কর্মী/মালী/সাহায্যকারী/বাবুর্চী ইত্যাদি) |

২। সকল বীমাকারী কর্তৃক একইরূপ সাংগঠনিক কাঠামো অনুসৃত হলে বীমাখাতে পেশাদারিত্ব সৃষ্টিসহ কাঙ্খিত শৃঙ্খলা অর্জন সম্ভব হবে। ডেভেলপমেন্ট ডিভিশন বা উন্নয়ন বিভাগের জন্যও একইরূপ সাংগঠনিক কাঠামো প্রযোজ্য হবে। তবে, কমিশন ভিত্তিক এজেন্ট বা উন্নয়ন কর্মকর্তাগণের ক্ষেত্রে উপরোক্ত সাংগঠনিক কাঠামো প্রযোজ্য হবে না।

৩। বর্ণিতাবস্থায়, বীমা প্রতিষ্ঠানসমূহকে তাদের বর্তমান সার্ভিস রুলস, বেতন কাঠামো ও দায়িত্ব বন্টনের অর্গানোগ্রাম উপর্যুক্ত কাঠামোর আলোকে পুনর্বিন্যাস করার জন্য নির্দেশ প্রদান করা হলো, যা ১ জুলাই ২০২১ তারিখ থেকে কার্যকর হবে।

২৫/০৩/২০২১

ড. এম. মোশাররফ হোসেন এফসিএ
চেয়ারম্যান

**বিতরণ (কার্যার্থে):**

১. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ বীমা কোম্পানি;
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানি।

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড;
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৪. চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, বাংলাদেশ;
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৬. চেয়ারম্যান, সকল লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
৭. চেয়ারম্যান, সকল নন-লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
৮. মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
১১. সদস্য মহোদয়গণের সহকারী, আইডিআরএ;
১২. সকল শাখা প্রধান, আইডিআরএ;
১৩. অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.১৮.১৭ তারিখ: ২৬ এপ্রিল ২০২১

## জিএডি সার্কুলার নং- ৭/২০২১

### বিষয়ঃ বীমা প্রতিষ্ঠান কর্তৃক e-Receipt প্রদান প্রসঙ্গে।

বীমা খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে বীমাকারী ও বীমা পলিসি গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলকে ডিজিটাল সুবিধা প্রদান, বীমাকারী কর্তৃক বীমা পলিসি গ্রাহকগণকে প্রিমিয়াম রশিদ প্রেরণ (ডাক, কুরিয়ার ইত্যাদি) বাবদ খরচ সাশ্রয়, এ সংক্রান্ত জটিলতা নিরসন, সরকারি রাজস্ব ফাঁকি রোধ, বীমা পলিসি গ্রাহকগণের টাকা আত্মসাৎ বন্ধ, গ্রাহক হয়রানি রোধ এবং গ্রাহকগণের আস্থা বৃদ্ধিসহ সামগ্রিকভাবে বীমাখাতকে ডিজিটাইজেশনের লক্ষ্যে বীমা প্রতিষ্ঠানসমূহে ১ জুন ২০২১ হতে প্রিমিয়াম রশিদ হিসেবে কাগজে ছাপা রশিদের পাশাপাশি Unified Messaging Platform (UMP) এর মাধ্যমে প্রস্তুতকৃত e-Receipt (Original Receipt বা OR, Renewal Receipt বা RR, Money Receipt বা MR) প্রদান করতে হবে।

(২) ১ অক্টোবর ২০২১ হতে বীমা পলিসি গ্রাহকগণের নিকট হতে গৃহীত প্রিমিয়ামের বিপরীতে কাগজে ছাপা রশিদের পরিবর্তে UMP সিস্টেম হতে প্রস্তুতকৃত e-Receipt প্রদান করতে হবে।

(৩) ব্যাংকিং চ্যানেল ও Mobile Financial Service (MFS) এর মাধ্যমে গৃহীত প্রিমিয়াম এবং লাইফ বীমাকারীর ক্ষেত্রে ক্ষুদ্র বীমার প্রিমিয়াম রশিদ প্রদানে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রচলিত পদ্ধতি অব্যাহত থাকবে।

(৪) ১ অক্টোবর ২০২১ হতে OR/RR/MR এর জন্য কাগজে ছাপা (হাতে লিখা বা প্রিন্টেড) প্রিমিয়াম রশিদ কোনভাবেই ব্যবহার করা যাবে না।

২৬/০৪/২০২১

ড. এম. মোশাররফ হোসেন এফসিএ
চেয়ারম্যান

**বিতরণ (কার্যার্থে):**

১. মুখ্য নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক, সকল লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক, সকল নন-লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড;
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
৪. চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, বাংলাদেশ;
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৬. চেয়ারম্যান, সকল লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
৭. চেয়ারম্যান, সকল নন-লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
৮. মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
১১. সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
১২. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
১৩. অফিস কপি।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
রেটিং শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.২৪ তারিখ: ০৪-০৫-২০২১

**সার্কুলার নং-নন-লাইফ ৮৬/২০২১**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৪-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল রেটিং কমিটির ১৭২তম সভার সুপারিশের আলোকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়গুলি অনুমোদন করেছেনঃ-

আলোচ্যসূচি ১: Confirmation of premium rate , terms and conditions for Contractors All Risk Insurance Policy for construction of Junior and Nursery School Building and Ancillary Works of Aga Khan Academy, Bashundhara R/A, Dhaka, Bangladesh (package-3b). Principal: Aga Khan Foundation (Bangladesh). Contractor: Charuta Private limited.

কর্তৃপক্ষ উপরোক্ত CAR পলিসির প্রিমিয়াম হার ০.৩০% ও নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ২৩-০৩-২০২০ থেকে ২২-০৩-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেনঃ -

| | | |
|---|---|---|
| 1. | Work details | Site preparation works, piling works, earth works, concrete works, masonry works, finishes works, thermal and moisture protection, doors and windows, miscellaneous works, structural steel works, electrical works, pde, works fire protection system works, fire detection works, cctv systems works, public address system and other related works of construction of Aga khan Academy. |
| 2. | Contract value | Tk.2,10,01,279<br>TPL limit: Tk.20,00,000 |
| 3. | Deductibles | 10% of claim amount with a minimum of Tk.75,000 on each and every loss. |
| 4. | Condition of cover | As per Standard CAR Policy wordings plus Endorsement Nos.003, 005, 006, 009, 010 &112. |

আলোচ্যসূচি ২: Aircraft Hull Liability and PA Insurance against Helicopter R-66, Reg# S2-AIT, A/c. Petromax Refinery Limited- এর প্রিমিয়ামের হার ভেটিং প্রসঙ্গে।

কর্তৃপক্ষ উপরোক্ত পলিসির জন্য বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে আনীত প্রিমিয়াম হার ৩.৫% (হাল) ও লাম্পসাম প্রিমিয়াম ৪,০০০ ইউএস ডলার (লায়বিলিটি) সহ অন্যান্য নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ১৯-০৯-২০২০ থেকে ১৯-০৯-২০২১ (4.00 P.M to 4.00 P.M.) পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেনঃ -

| | | | |
|---|---|---|---|
| 01. | Interest | : | To indemnify the reinsured in respect of a policy issued by them to the original insured as follows: -<br>**Section A (Hull)**<br>To cover accidental loss of or damage to aircraft as per the schedule of aircraft.<br>Liability<br>To cover the original insured's legal liability arising out of their ownership/operation of the aircraft as per schedule of aircraft including Third party legal liability; Passenger legal liability; Passenger baggage and personal articles, passenger medical expenses and personal injury.<br>Section B<br>To cover the crew whilst flying, embarking and disembarking from the aircraft as per the schedule of Aircraft and whilst airside. |
| 02. | Original sum insured | : | Section – A (Hull)<br>Agreed value as per the schedule of aircraft but subject to a maximum agreed value of USD1,100,000 any one aircraft.<br>Liability:<br>Combined single limit bodily injury and property damage USD1,000,000 each occurrence.<br><br>Section – B (Capital Sum insured)<br>USD100,000 per capita<br>Medical and repatriation expenses (Accident Only)<br>USD25,000 each person<br>Funeral expenses<br>In the event of the death of an insured personl which results is a recoverable personal accident claim hereunder, reinsurers will pay the cost of funeral expenses up to a maximum of USD2,000 each person<br>Schedule of compensation<br><br>1. Death 100%<br>2. Total and irrecoverable loss of sight of both eyes 100%<br>3. Total and irrecoverable loss of sight of one eye 100%<br>4. Loss of two limbs 100%<br>5. Loss of one limb 100%<br>6. Total and irrecoverable loss of sight of one eye and loss of one limb 100%<br>7. Permanent Total Disablement (other than total loss of sight of one or both eyes or loss of limb policy definition amended to reflect usual occupation. 100% |
| 03. | Deductible | : | Hull<br>Applicable to all losses including total loss or constructive |

| | | | |
|---|---|---|---|
| | | | total loss or arranged total loss or fire or theft.<br>5% of hull agreed value each occurrence.<br>In the event of a claim involving the application of more than one deductible then the highest applicable deductible shall be applied as an aggregate deductible for all losses arising out of that claim. |
| 04. | Premium | : | Hull<br>3.5% of agreed value.<br>Returning 10% no claim bonus subject to the no claims bonus on renewal clause AVN85.<br><br>Liability<br>USD4,000 including the premium in respect of the extended coverage endorsement (aviation liabilities) AVN52E. |

আলোচ্যসূচি ৩: **Rate/ Terms for EAR of 113 MW HDF Power Plant in Jhulda, Chattagram. A/C. Acorn infrastructure service unit-2 ltd.**

কর্তৃপক্ষ উপরোক্ত পলিসির জন্য বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে আনীত প্রিমিয়াম হার ০.১৭৮১৩% সহ অন্যান্য নিম্নোক্ত শর্তাবলী অনুমোদন করেছেনঃ

| | | | |
|---|---|---|---|
| 01. | Principal | : | ACORN INFRASTRUCTURE SERVICES UNIT-2 LTD. and/or its shareholders and/or its parent, associated and/or affiliated and/or subsidiary companies as principal |
| 02. | Interest | : | Section1-CONTRACT WORKS<br>Property Insured<br>In respect of the original Insured's contracts for the design, engineering, procurement, manufacturing, Supply, transport, installation, construction, erection, supervision, testing, commissioning and maintenance of the Acorn Infrastructure Services Unit-2 Ltd. Jhulda 100MW Heavy Fuel Oil based power Plant in Jhulda, Chittagong, People's Republic of Bangladesh including all associated and ancillary works connected therewith.<br>SECTION II-THIRD PARTY LIABILITY |
| 03. | Type | : | Erection All Risks & Third Party Liability insurance |
| 04. | Sum insured/ limit of liability | : | Section I- ERECTION "ALL RISKS"<br>Estimated Contract Value:BDT4,700,000,000<br>Section II- THIRD PARTY LIABILITY<br>BDT 100,000,000 each and every loss |
| 05. | Period | : | From:00:01 Local Standard Time at the Project Site in 01 February 2019 |

৩

| | | | |
|---|---|---|---|
| | | | To: 23:59 Local Standard Time at the Project Site on 05 December 2019<br>Followed by 6 Weeks Testing and commissioning Period to commence from on 00:01 Local Standard Time at the Project Site on 06 December 2019<br>6 months Extended Maintenance Cover to Commence from 00:01 Local Standard Time at the Project Site on 15 January 2020<br>Extension in period to be agreed by Lead Reinsurer. |

আলোচ্যসূচি ৪: **মেসার্স হাককানি পাল্প এন্ড পেপার মিলস লিমিটেডের মেশিনারী ব্রেকডাউন বীমা ঝুঁকি প্রিমিয়াম হার অনুমোদন প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ উপরোক্ত মেশিনারী ব্রেকডাউন পলিসির জন্য প্রিমিয়ামের হার ১.৩৬% সহ অন্যান্য নিম্নোক্ত শর্তাবলী অনুমোদন করেছেনঃ

| | | |
|---|---|---|
| 1. | Address of the insured | 2/10, D.T. Road North Pahartali, Chittagong Factory: Mouza Halimkhar Char, Patiya, Chittagong. |
| 2. | Basis of cover | Standard MB Policy wording of Munich-Re + Endt. 331 & 332 |
| 3. | Purpose | Paper making industry |
| 4. | Sum Insured | Tk.29,90,200 (Taka twenty nine lakh ninety thousand and two hundred Only). |
| 5. | Property to be insured | a. Siemens g120 ac drives (static convertor) (15 KW x 2.5KW, 45 KW) line cooke – 45 KW-ino, line choke 15 kw – 2 nos line choke 7.5kw – ino<br>b. 2.57-300 plc package<br>c. Servo spindle motor package (Bosch Rexroth 41.9 KW) wutg 150 aservo amplifier with choke, pake resistor & 10 M power & encoder.<br>d. Rotary encoders for 3 no motors & 1 no line speed encoder<br>e. Ac motors for replacing DC motors for NIP roll Fast & slow conveyors<br>f. Switchgears for panel modification ot incorporate ac drive bosch servo drive & plc system. |
| 6. | Claim experience | No known & or reported loss 27-05-2019. |
| 7. | Year of manufacture | 2016 |
| 8. | Period | 22-05-2019 to 21-05-2020 |
| 9. | Deductible | 10% of damaged item but minimum Tk.2,50,000 E.E.L. |
| 10. | Conditions | a) Certain basic stock of spare parts must be maintained at the insured location to facilitate timely repair of |

| | | |
|---|---|---|
| | | minor damage(s).<br>b) Maintenance/overhauling has to be carried out according to the manufacturer's recommendation by qualified staff on a regular basis at least in every 6 month.<br>c) The insured shall comply with all recommendation given in the risk surveyor's report immediately. |

আলোচ্যসূচি ৫: **Confirmation on MBD Policy premium rate, Sum Insured =Tk. 5,00,00,000/- only. Insured: M/s The Merchants Limited.**

কর্তৃপক্ষ উপরোক্ত মেশিনারী ব্রেকডাউন পলিসির জন্য প্রিমিয়ামের হার ১.২০% সহ অন্যান্য নিম্নোক্ত শর্তাবলী অনুমোদন করেছেনঃ

| | | |
|---|---|---|
| 1. | Address of the insured | A/C. M/s. The Merchants Ltd. House#38, Road#13, Sector#03, Uttara, Dhaka-1230 as M'gors.<br>Location of risk: Factory-2, Pagar, Tongi,Gazipur. |
| 2. | Basis of cover | As per policy wording of MB insurance subject to endt. No.006, 331 & 332. |
| 3. | Sum Insured | Tk.5,00,00,000.00 (Taka Five crore Only). |
| 4. | Property to be insured | 1. Caterpillar Low Emission Gas Package Generator Set Model-G3508, 510EKW/637.5 KVA,50 HZ,0.8 Power factory,400 volts, 1500RPM(Tk.2,00,00,000.00), YOB: 2007<br>2. Caterpillar Natural Gas Package Generator Set Model-G3516, 1288 KVA/1030 EKW, 1500 RPM, 50 HZ, 400 VOLTS, 3 Phase 4 Wire, 0.8 Power Factory((Tk.3,00,00,000.00), YOB: 2007 |
| 5. | Whether new or renewal business | Renewal, previously insured with the incumbent insurer. |
| 6. | Period of Cover | 30-10-2019 to 29-10-2020 |
| 7. | Deductible | 10% of damaged item but minimum Tk.2,50,000 E.E.L. |
| 8. | Conditions | a) Srcc & terrorism risk are excluded.<br>b) Certain basic stock of spare parts must be maintained at the insured location to facilitate timely repair of minor damage(s).<br>c) Maintenance/overhauling has to be carried out according to be manufacturer's recommendations by qualified technician on a regular basis at least on every 6 months.<br>d) The insured should be complied with all recommendations given in the risk surveyors report |

আলোচ্যসূচি ৬: Confirmation of EAR insurance premium rate, terms and conditions, Sum Insured = Tk.6,20,69,223/- only. Insured: M/s Techno Textile Mills Limited.

কর্তৃপক্ষ উপরোক্ত পলিসির জন্য প্রিমিয়ামের হার ০.২৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করেছেনঃ

| | | | |
|---|---|---|---|
| 1. | Name and Address of the insured | : | Techno Textile Mills Ltd. North Dariapur, kaliakoir, Gazipur, Bangladesh. |
| 2. | Basis of Cover | : | Standard EAR policy wording with 006, 009 & 010. |
| 3. | Nature of works/projects | : | Erection of generator |
| 4. | Sum Insured | : | Tk.6,20,69,223/= |
| 5. | Period of Insurance | : | 16-05-2019 to 16-07-2019 plus testing & commissioning (3 months). |
| 6. | Deductible (s) | : | AOG/Maintenance : Tk.5,00,000 – e.e.l.<br>Other perils : Tk.2,50,000 – e.e.l. |

আলোচ্যসূচি ৭: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR PDAR INSURANCE. A/C. M/S. UNITED DHAKA TOBACCO CO LTD. INSURER: RELIANCE INSURANCE LTD,**

কর্তৃপক্ষ M/S. United Dhaka Tobacco Company Limited এর বীমা অংক টাঃ ৪,৩৭২,৫৫৪,৭২০/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় রিলায়েন্স ইন্স্যুরেন্স লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত PDAR প্রিমিয়াম হার ০.১৫% ও অন্যান্য শর্তাবলী ১৬-০৮-২০১৯ থেকে ১৬-০৮-২০২০ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন। তবে কমিটি মত প্রকাশ করে যে PDAR, PAR এবং IAR পলিসি একই ধরনের পলিসি।

আলোচ্যসূচি ৮: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INSURANCE. A/C. M/S. AKIJ PARTICLE BOARD MILLS LTD. INSURER: RELIANCE INSURANCE LTD,**

কর্তৃপক্ষ M/S. Akij Particle Board Mills Ltd এর বীমা অংক টাঃ ৫,২৫১,৮৪৩,২৮৫/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় রিলায়েন্স ইন্স্যুরেন্স লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR প্রিমিয়াম হার ০.১১৫% ও অন্যান্য শর্তাবলী ২৮-১১-২০১৯ থেকে ২৮-১১-২০২০ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ৯: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INSURANCE. A/C. M/S. BSRM STEEL MILLS LTD (UNIT-2). INSURER: GREEN DELTA INSURANCE CO. LTD,**

কর্তৃপক্ষ M/S. BSRM Steel Mills Ltd (Unit-2) এর বীমা অংক টাঃ ৭,৭৫২,৫৬৪,৫৯৮/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR প্রিমিয়াম হার ০.০৯৭৫% ও অন্যান্য শর্তাবলী ১০-০৫-২০২০ থেকে ১০-০৫-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১০: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INSURANCE. A/C. M/S. MAHMUD DENIMS LIMITED. INSURER: ASIA PACIFIC GENERAL INS. CO. LTD.**

কর্তৃপক্ষ M/S. Mahmud Denims Limited এর বীমা অংক টাঃ ৭,০১৯,৯৩৩,৩৮৪/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় এশিয়া প্যাসিফিক জেনারেল ইঃ কোঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR নেট প্রিমিয়াম হার ০.০৮০% কে সিআরসির প্রচলিত নিয়ম অনুযায়ী কমপক্ষে ২০% লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১১৫% ও অন্যান্য শর্তাবলী ২৮-০৫-২০২০ থেকে ২৮-০৫-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১১: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INSURANCE. A/C. M/S. NAZ BANGLADESH LIMITED. INSURER: BANGLADESH GENERAL INS. CO. LTD.**

কর্তৃপক্ষ M/S. NAZ Bangladesh Limited এর বীমা অংক টাঃ ৪,০১১,০৩৭,৬১৪/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR নেট প্রিমিয়াম হার ০.০৯% কে প্রচলিত নিয়ম অনুযায়ী কমপক্ষে ২০% লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১১২৫% ও অন্যান্য শর্তাবলী ১১-০৭-২০২০ থেকে ১১-০৭-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১২: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INCLUDING MBD INSURANCE. A/C. M/S. PARAMOUNT TEXTILE LTD. INSURER: PARAMOUNT INSURANCE CO. LTD.**

কর্তৃপক্ষ M/S. Paramount Textile Limited এর বীমা অংক টাঃ ৪,৫০০,০০০,০০০/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR including MBD প্রিমিয়াম হার ০.১৩% ও অন্যান্য শর্তাবলী ০৮-১০-২০২০ থেকে ০৮-১০-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১৩: **TO CONSIDER PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INCLUDING MBD INSURANCE. A/C. M/S. ANWAR ISPAT LTD. INSURER: CITY GENERAL INSURANCE CO. LTD,**

কর্তৃপক্ষ M/S. Anwar Ispat Ltd এর বীমা অংক টাঃ ৪,১০১,৫০৮,৩০১/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত নেট প্রিমিয়াম হার ০.০৭৫% কে সিআরসির প্রচলিত নিয়ম অনুযায়ী কমপক্ষে ২০% লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.০৯৪% ও অন্যান্য শর্তাবলী ০৮-১০-২০২০ থেকে ০৮-১০-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১৪: **CONFIRMATION OF PREMIUM RATE, TERMS & CONDITIONS FOR IAR INSURANCE. A/C. M/S. SILVER COMPOSITE TEXTILE MILLS LTD (UNIT-3, TEXTILE). INSURER: GLOBAL INSURANCE LIMITED.**

কর্তৃপক্ষ M/S. Silver Composite Textile Mills Ltd (Unit-3, Textile) এর বীমা অংক টাঃ ৪,৫০০,০০০,০০০/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় গ্লোবাল ইঃ লিঃ কর্তৃক বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত IAR নেট প্রিমিয়াম হার ০.০৯০% কে সিআরসির প্রচলিত নিয়ম অনুযায়ী কমপক্ষে ২০% লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১১২৫% ও অন্যান্য শর্তাবলী ০৬-০৩-২০২০ থেকে ০৬-০৩-২০২১ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করেছেন।

আলোচ্যসূচি ১৫: **FEA discount** বিবেচনা প্রসঙ্গে। হিসাব ঃ **M/S. UTAH GROUP OF COMPANIES (i) UTAH KNITTING & DYEING LTD,(II) UTAH SPINNING MILLS LTD (III) UTAH WASHING LTD AND (IV) M/S. LEVEL FOR LESS LTD, BOKRAN, MONIPUR, GAZIPUR AND SHALNA, SHALNA BAZAR, GAZIPUR.**

Considering the recommendation of the inspection team the Authority approved 20% FEA discount (i.e. Sprinkler 10% and Hydrant 10%) on fire premium only to UTAH Group of Companies effective from the next renewal date of the Policy subject to FEA warranty clause.

আলোচ্যসূচি ১৬: **FEA discount** বিবেচনা প্রসঙ্গে। হিসাবঃ **M/S. PROGRESS APPARELS (BANGLADESH) LIMITED, FACTORY: ADAMJEE EPZ, SIDDHIRGANJ, NARAYANGANJ.**

Considering the recommendation of the inspection team the Authority approved 42½% discount (i.e. Sprinkler 20%, Hydrant External 10%, Mobile Fire Extinguishers 5% and Hand Appliances i.e. Buckets Water/Sand 2½%, Portable Manual Fire Pumps 2½% and Internal Hydrants with Small bore hose or hose reel 2½%) on fire premium only to Progress apparels (Bangladesh) limited effective from the next renewal date of the Policy subject to FEA warranty clause.

৮

আলোচ্যসূচি ১৭: **FEA discount** বিবেচনা প্রসঙ্গে। হিসাবঃ **M/S. GREEN SMART SHIRTS LIMITED, FACTORY: TEPIRBARI, SREEPUR, GAZIPUR.**

Considering the recommendation of the inspection team the Authority approved 45% discount (i.e. Sprinkler 30%, Hydrant External 10%, Extra Installation of Extinguishers 2½% and Buckets Water/sand 2½%) on fire premium only to Green Smart Shirts limited effective from the next renewal date of the Policy subject to FEA warranty clause.

আলোচ্যসূচি ১৮: **FEA discount** বিবেচনা প্রসঙ্গে। হিসাবঃ **M/S. MAS INTIMATES BANGLADESH (PVT.) LIMITED, FACTORY: KEPZ, NORTH PATENGA, CHATTOGRAM.**

Considering the recommendation of the inspection team the Authority approved 25% discount ((10% discount for external Hydrants, 2½% discount for internal Hydrants, 5% discount for Mobile Fire Extinguishers, 2½% discount for Buckets Water/sand, 2½% discount for Portable manual fire pumps and 2½% discount for Internal Hydrants with small bore hose or hose reel)) on fire premium only to MAS intimates Bangladesh (Pvt.) limited effective from the next renewal date of the Policy subject to FEA warranty clause.

উপরোক্ত শর্তাবলী ও নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৪/০৫/২০২১

(মোঃ শাহ আলম)
সদস্য সচিব, সি.আর.সি. ও
পরিচালক (উপসচিব)

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন।
২। জেনারেল ম্যানেজার (অবলিখন), সাধারণ বীমা কর্পোরেশন।
৩। জেনারেল ম্যানেজার (পুন:বীমা), সাধারণ বীমা কর্পোরেশন।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সেন্ট্রাল ইন্স্যু:কো:লি:।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইষ্টার্ণ ইন্স্যু:কো:লি:।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, গ্রীণ ডেল্টা ইন্স্যু:কো: লি:।
৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, জনতা ইন্স্যু:কো:লি:।
৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, কর্ণফুলী ইন্স্যু:কো:লি:।
৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রগতি ইন্স্যু: লি:।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রুপালী ইন্স্যু:কো:লি:।
১১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইউনাইটেড ইন্স্যু:কো:লি:।
১২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সিটি জেনারেল ইন্স্যু:কো:লি:।
১৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মার্কেন্টাইল ইন্স্যু:কো:লি:।
১৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পাইওনিয়ার ইন্স্যু:কো:লি:।
১৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রাইম ইন্স্যু:কো:লি:।
১৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, অগ্রণী ইন্স্যু:কো:লি:।
১৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এশিয়া ইন্স্যু: লি:।
১৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, কন্টিনেন্টাল ইন্স্যু: লি:।
১৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ঢাকা ইন্স্যু: লি:।

২০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এক্সপ্রেস ইন্স্যু:কো:লি:।
২১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, গ্লোবাল ইন্স্যু: লি:।
২২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, নিটল ইন্স্যু:কো:লি:।
২৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্যারামাউন্ট ইন্স্যু:কো:লি:।
২৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সোনার বাংলা ইন্স্যু:কো:লি:।
২৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সেনাকল্যাণ ইন্স্যু:কো:লি:।
২৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যু: লি:।
২৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ জেনারেল ইন্স্যু:কো:লি:।
২৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইষ্টল্যান্ড ইন্স্যু:কো:লি:।
২৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেডারেল ইন্স্যু:কো:লি:।
৩০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পিপলস ইন্স্যু:কো:লি:।
৩১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফিনিক্স ইন্স্যু:কো:লি:।
৩২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পূরবী জেনারেল ইন্স্যু:কো:লি:।
৩৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রিলায়েন্স ইন্স্যু: লি:।
৩৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যু:কো:লি:।
৩৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মেঘনা ইন্স্যু:কো:লি:।
৩৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, নর্দান ইসলামী ইন্স্যু: কো: লি:।
৩৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রভাতী ইন্স্যু:কো:লি:।
৩৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যু:কো:লি:।
৩৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ক্রিষ্টাল ইন্স্যু:কো:লি:।
৪০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, দেশ জেনারেল ইন্স্যু:কো:লি:।
৪১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইসলামী ইন্স্যু: বাংলাদেশ লি:।
৪২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইসলামী কমার্শিয়াল ইন্স্যু:কো:লি:।
৪৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রিপাবলিক ইন্স্যু:কো:লি:।
৪৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সাউথ এশিয়া ইন্স্যু:কো:লি:।
৪৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, তাকাফুল ইসলামী ইন্স্যু: লি:।
৪৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন ইন্স্যু:কো:লি:।
৪৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সিকদার ইন্স্যু:কো:লি:।
৪৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ষ্ট্যান্ডার্ড ইন্স্যু:কো:লি:।
৪৯। সেক্রেটারী জেনারেল, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।

অনুলিপি:

১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, হোসেন টাওয়ার, ১১৬ নয়া পল্টন, ঢাকা-১০০০;
৩) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪) অফিস কপি।

IDRA

**সার্কুলার নং: লাইফ-০৯-২০২১ (লাইফ বীমাকারীর মাঠ পর্যায়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস ও কমিশন হার প্রসঙ্গে)**
**(প্রকাশের তারিখঃ ১৭-৬-২০২১)**

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

বীমা খাতের অগ্রগতি

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.১৮.৩৪

তারিখ: ১৭ জুন ২০২১

## সার্কুলার নং লাইফ-০৯/২০২১

**বিষয়ঃ লাইফ বীমাকারীর মাঠ পর্যায়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস প্রসঙ্গে।**

লাইফ বীমাকারীর বিপণন ব্যবস্থাপনার ক্ষেত্রে মাঠ পর্যায়ের সাংগঠনিক কাঠামোতে দীর্ঘদিনের সমস্যা নিরসণপূর্বক ব্যবস্থাপনা ব্যয় নিয়ন্ত্রণ উপযোগি করে সাংগঠনিক কাঠামোকে আরো সুদৃঢ় করার লক্ষ্যে সুপারভাইজরি লেভেল এবং কমিশন কাঠামো নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করা হলো, যা ১ সেপ্টেম্বর ২০২১ থেকে কার্যকর হবে:

(১) কর্তৃপক্ষ কর্তৃক ১৫ মার্চ ২০১২ তারিখে জারিকৃত সার্কুলার নং লাইফ-০৩ (খ)/২০১২ এ উল্লিখিত সুপারভাইজরি লেভেলে ০৫ (পাঁচ) টি গ্রেড সম্বলিত অনুচ্ছেদ 'এফ' বাতিলপূর্বক সুপারভাইজরি লেভেলে সর্বোচ্চ ০৩ (তিন) টি গ্রেডে কর্মকর্তা নিয়োগ করা যাবে, যা নিম্নরূপ:

(ক) জেনারেল ম্যানেজার (উঃ)- জিএম;
(খ) ডেপুটি জেনারেল ম্যানেজার (উঃ)- ডিজিএম;
(গ) এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (উঃ)- এজিএম।

এক্ষেত্রে, ফাইন্যান্সিয়াল এসোসিয়েট (এফএ), ইউনিট ম্যানেজার (ইউএম), ব্রাঞ্চ ম্যানেজার (বিএম) পদবিসমূহ সার্কুলার নং লাইফ-০৩ (খ)/২০১২ মোতাবেক বলবৎ থাকবে;

(২) ফাইন্যান্সিয়াল এসোসিয়েটবৃন্দ প্রথম বর্ষ প্রিমিয়াম থেকে যে হারে কমিশন অর্জন করবেন তার উপর ইউএম ও বিএমগণের কমিশন নিম্নোক্ত হারে পুনর্বিন্যাস করা হলঃ

| **এমপ্লয়ার অব এজেন্ট** | **বেসিক কমিশন** | **বিশেষ কমিশন** (সার্কুলার নং লাইফ-০৩ (খ)/২০১২ এর B 2 অনুযায়ী) | **মোট কমিশন** |
|---|---|---|---|
| ইউনিট ম্যানেজার (ইউএম) | ৩০% | ৫% | ৩৫% |
| ব্রাঞ্চ ম্যানেজার (বিএম) | ২০% | ১০% | ৩০% |

(৩) সুপারভাইজরি লেভেল এ পুনর্বিন্যস্ত তিনটি গ্রেডের জন্য কমিশন নিম্নোক্ত হারে নির্ধারণ করা হল:

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
অনুবিভাগ শাখা
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০২০.২৫০ তারিখ: ১৫-০১-২০২৪

**সার্কুলার নং-নন-লাইফ ৯৮/২০২৪**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১২-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল রেটিং কমিটির ১৭৯তম সভার সুপারিশের আলোকে নিম্নলিখিত বিষয়সমূহ গত ১১-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৬৬ তম সভায় অনুমোদন করা হয়ঃ-

**আলোচ্যসূচি ১: ২০২৩ -২০২৪ সনের সাধারণ বীমা কর্পোরেশনের ট্রিটি রিটেনশন এবং কান্ট্রি লিমিট প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ সাধারন বীমা কর্পোরেশনের ২০২৩-২০২৪ সনের নিম্নলিখিত খাতওয়ারী কান্ট্রি লিমিট অনুমোদন করেঃ –

| Sl.no | Name of treaty | Retention (BDT) | Country limit |
|---|---|---|---|
| 1 | Fire & Engg. CAT XL | 8,00,00,000 | Bdt. 750 crore |
| 2 | Fire & Engg. CAT XL EQ only | | Bdt. 250 crore in excess of 750 crore (total 1000 crore) |
| 3 | Fire risk XL | 6,00,00,000 | Bdt. 400 crore |
| 4 | Marine cargo XL | 3,50,00,000 | Bdt. 100 crore |
| 5 | Marine cargo autofac | | Usd 150,000,000 but 200,000,000 in respect of oil cargos |
| 6 | Marine Hull surplus | 7,00,00,000 | Bdt. 35 crore |
| 7 | Misc XL | 20,00,000 | Bdt. 50 crore |
| 8 | Motor XL | 20,00,000 | Bdt. 8 crore |
| 9 | Engg. Surplus | | |
| | CAR/EAR | 10,00,00,000 | Bdt. 450 crore |
| | MB/BPV | 4,00,00,000 | Bdt. 60 crore |
| | DOS/EEI/CPM | 2,00,00,000 | Bdt. 30 crore |
| 10 | Engg. Auto Fac (General) | | Usd 40 m |

| | | | |
|---|---|---|---|
| 11 | Engg. Auto Fac (Chinese interests in Bangladesh) | | Usd 120m |

উল্লেখ্য যে, ক্রমিক ১০ ও ১১ শুধুমাত্র সাধারন বীমা কর্পোরেশনের ক্ষেত্রেই প্রযোজ্য।

কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত (ইতোপূর্বে সার্কুলারে বর্ণিত) আন্তর্জাতিকভাবে স্বীকৃত রেটিং কোম্পানীগুলোর দ্বারা B+ রেটিং ধারী পুন:বীমাকারীদের নিকট থেকে ১০০% বীমা অংকের জন্য প্রিমিয়াম হার ও শর্তাবলী এনে Provisional basis এ বীমা দায় গ্রহণ করতে পারবে এবং পাশাপাশি ঐ প্রিমিয়াম হার ও শর্তাবলী বীমাঝুঁকি গ্রহণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট veting এর জন্য দাখিল করতে হবে।

**আলোচ্যসূচি ২।** **বিদেশ থেকে Turmeric & Cumin অর্থ্যাৎ হলুদ ও জিরার Rail/Lorry Risks এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ Rail/Lorry Risks এর ঝুঁকির ক্ষেত্রে Dry Turmeric এর প্রিমিয়াম রেট ০.৩৬%, Wet Turmeric এর প্রিমিয়াম রেট ০.২৯% (with 0.50% Excess of eel.) এবং Cumin এর প্রিমিয়াম রেট ০.৩৬% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩।** **ভারত থেকে সড়ক পথে Import Rail/Lorry/Truck Risks only Clauses এর আওতায় মসুর ডালের তুষ/ভূষি (Lentil Bran) আমদানীর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ বিদেশ হতে Rail/Lorry/Truck Risks only Clauses এর আওতায় মসুর ডালের তুষ/ভূষি (Lentil Bran) পণ্য আমদানীর প্রিমিয়াম হার ০.৩৬% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৪।** **মেরিন কার্গো পলিসির বিপরীতে Extension of cover beyond the period of 30 (thirty) days under the Air All Risk coverage প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ মেরিন ট্যারিফে প্রদত্ত Air Cargo (Import) এর সময়সীমা অনুযায়ী ৩০ দিনের মেয়াদ অতিক্রান্ত (whilst the goods are lying in the Carriers premises) হলে, যথাযথ কারণ ব্যাখ্যা করে সময় বৃদ্ধির আবেদনের (ট্যারিফে প্রদত্ত এন্ডোর্সমেন্ট অনুযায়ী) প্রেক্ষিতে ১৫ (পনের) দিন করে দুই বারে মোট ৩০ দিন সময় বৃদ্ধি করা যাবে এবং এক্ষেত্রে প্রতি ১৫ দিনের জন্য ০.২৫% (of the tariff rate) অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৫।** বাংলাদেশ হতে Plastic Cap sns & Plastic Bottle sns আকাশ পথে (Air All Risks) রপ্তানীর জন্য প্রিমিয়াম প্রসঙ্গে।

কর্তৃপক্ষ Plastic Cap sns & Plastic Bottle sns পণ্য রপ্তানির জন্য Air All Risks এর প্রিমিয়াম রেট 0.29% (with 0.50% excess of the whole sum Insured) অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৬।** বাংলাদেশ হতে Aluminium Foil বিদেশে ICC "A" All Risks &/or Air All Risk &/or Truck All Risk. WAR & Strikes Risk Only যোগে রপ্তানীর জন্য প্রিমিয়াম প্রসঙ্গে।

কর্তৃপক্ষ Aluminium Foil পেপার বিদেশে রপ্তাণীর জন্য নিম্নলিখিত প্রিমিয়াম রেট অনুমোদন করে:-

ICC "A"=0.72%

Air All Risk=0.65%

Air Risk=0.36%

Truck All Risk= 1.00%

এছাড়াও সভা সিদ্ধান্ত গ্রহণ করে যে, কোন মেরিন কাভারনোটে যদি বীমাকারী 'অথবা' দিয়ে একাধিক ঝুঁকির নাম লিখে থাকে সেক্ষেত্রে ঝুঁকিসমূহের মধ্যে যেটি সবচেয়ে বেশী প্রিমিয়াম হয়, সেটি বীমাকারী কর্তৃক চার্জ করবে, পরবর্তীতে যদি কোন পরিবর্তন হয় সেক্ষেত্রে তাঁরা Endrosment/Addendum দিয়ে সেটি পরিবর্তন করবে।

**আলোচ্যসূচি ৭। বিদেশ থেকে Chick Peas আমদানীর ক্ষেত্রে Land borne এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ Chick Peas আমদানী করার জন্য Rail/Lorry Risk Only এর প্রিমিয়াম রেট 0.25% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৮। মেরিন কার্গো ইন্স্যুরেন্সের (নৌ এবং আকাশ পথে) প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ অনুমোদন করে যে, বাংলাদেশ থেকে যদি লেটার অব ক্রেডিট ইস্যু হয় এবং পোর্ট অব লোডিং এবং পোর্ট অব আনলোডিং যদি বাংলাদেশের বাইরে হয় তাহলে ইলেকট্রিক পণ্যের (UPS System, Low Voltage Motor Contril Center Panels, Miniature Circuit Breaker) ক্ষেত্রে ICC-A এর প্রিমিয়াম রেট ১.৬০% এবং AIR All Risk এর প্রিমিয়াম রেট ০.৮৬% হবে তবে এক্ষেত্রে ক্লেইম সেটেলিং এজেন্ট এর নাম প্রদত্ত বীমা কাভার নোট এবং বীমা পলিসিতে উল্লেখ থাকতে হবে।

**আলোচ্যসূচি ৯। মেরিন-কার্গো বীমার প্রিমিয়াম হার অনুমোদন প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ M/s. Nabil Auto Flour Mill এর মেরিন (কার্গো) বীমা পলিসির বিপরীতে আমদানীকৃত পণ্যের বীমা অংক ১৮৮,৫৩,৮৭,৬৮০/- টাকা বিবেচনায় নিয়ে মেরিন (কার্গো) এর বর্তমান কান্ট্রি লিমিট ১০০(একশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুনঃবীমাকারী Best Meridian International Insurance Company (BMIIC) এর শেয়ার ৪৭.৩৭% এবং রেটিং মান পলিসি কভারেজ সময়ের মধ্যে সঠিক থাকায় আইসিসি "সি" রিস্ক কভারের জন্য প্রিমিয়াম রেট ০.০৮% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১০। বিদেশ (ভারত) থেকে সড়ক পথে চিয়া সিড আমদানীর ক্ষেত্রে লরি রিস্ক/ট্রাক রিস্ক অনলী এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ ভারত থেকে সড়কপথে চিয়া সিড (Chia Seeds) আমদানীর জন্য Rail/Lorry All Risks এর প্রিমিয়াম ০.৯০% এবং Rail/Lorry Risks only এর জন্য প্রিমিয়াম ০.২৫% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১১: এম.টি "রুক" জাহাজের টিএলও প্রিমিয়াম হার প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ এম.ভি রুক হাল এর জন্য "Inland Time Clauses-Hulls Total Loss Only" ঝুঁকির বিপরীতে প্রিমিয়াম হার ৯.৬৫% এর স্থলে @১০.০০% (পলিসি পিরিয়ড ১০.০৮.২০২৩ থেকে ০৯.০৮.২০২৪ পর্যন্ত) ১ (এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি: ১২: বিদেশ (ভারত) থেকে সড়ক পথে (Green Chili) কাঁচা মরিচ আমদানীর ক্ষেত্রে Lorry/Truck Risk Only (লরি /ট্রাক রিস্ক অনলী) এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ সড়কপথে কাঁচা মরিচ (Green Chili) আমদানীর জন্য নিম্নোক্ত শর্ত এবং প্রিমিয়াম রেট অনুমোদন করে:-

| SL | Risk | Rates | Conditions |
|---|---|---|---|
| 1 | Rail/Lorry Risks only | 0.29% | Excess: 0.50% (pct.) eel on every consingment |
| 2 | Rail/Lorry All Risks | 0.43% | |

**আলোচ্যসূচি: ১৩: বিদেশ (ভারত) থেকে সড়ক পথে (Drumstick) সজনে ডাটা আমদানীর ক্ষেত্রে Lorry/Truck Risk only (লরি /ট্রাক রিস্ক অনলী) এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ সড়কপথে সজনেডাটা (Drumstick) আমদানীর জন্য নিম্নোক্ত শর্ত এবং প্রিমিয়াম রেট অনুমোদন করে:-

| SL | Risk | Rates | Conditions |
|---|---|---|---|
| 1 | Rail/Lorry Risks only | 0.29% | Excess: 0.50% (pct.) eel on every consingment. |
| 2 | Rail/Lorry All Risks | 0.43% | |

**আলোচ্যসূচি: ১৪: বিদেশ (ভারত) থেকে সড়ক পথে (Sugar Molasses @ Semi Liquid Gur) ঝুলা গুড় আমদানীর ক্ষেত্রে (Truck/Lorry Risk Only) ট্রাক/লরি রিস্ক অনলী এর প্রিমিয়াম প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ সড়কপথে চিনির গুড় (Sugar Molasses @ Semi Liquid Gur) আমদানীর জন্য এর নিম্নোক্ত শর্ত এবং প্রিমিয়াম রেট অনুমোদন করে:-

| SL | Risk | Rates | Conditions |
|---|---|---|---|
| 1 | Lorry/Truck All risk | 0.50% | Excess: 0.50% (pct.) eel on every consingment.<br>The vehicle should not exceed the Registered carrying capacity limit. |
| 2 | Lorry/Truck Risk only | 0.29% | |

**আলোচ্যসূচি ১৫: আন্তর্জাতিক পথে চলাচলকারী Tanker সমূহের বৈদেশিক প্রিমিয়াম হার vetting প্রসঙ্গে। হিসাব: Doria Shipping Limited.**

কর্তৃপক্ষ Doria Shipping Limited নিম্নোক্ত ২টি জাহাজ আন্তর্জাতিক সমুদ্র পথে পণ্য পরিবহনের Product/Oil/Chemical Tanker সমূহের ঝুঁকি আবরণের জন্য বিদেশী পুনঃবীমাকারী Beazley Syndicate AFB কর্তৃক নিম্নোক্ত প্রিমিয়াম হার ও শর্তসমূহ অনুমোদন করে:-

| Name of the Vessel | Conditions | Hulls & machinery | Increased value |
|---|---|---|---|
| Queen of Doria | ITC Hulls, 1.10.83, Cl.280 | 0.50445% | 0.100% |
| | ITC Hull Disbursement and Increased value (TLO including excess Liability) 1.10.83, Cl.290 | | |
| | Institute War and Strike Clauses, Hulls – Time dt. 1.10.83, Cl. 281 including also the risk of sabotage, vandalism and malicious Mischief. | 0.0125% | 0.00625% |
| Period of Covered | From 21.00 hours South Africa Standard time on 20th July, 2023 to 21.00 hours South Africa standard time on 20th July, 2024. | | |
| Lady of Doria | ITC Hulls, 1.10.83, Cl.280 | 0.69040% | 0.100% |
| | ITC Hull Disbursement and Increased value (TLO including excess Liability) 1.10.83, Cl.290 | | |
| | Institute War and Strike Clauses, Hulls – Time dt. 1.10.83 Cl. 281 including also the risk of sabotage, vandalism and malicious Mischief. | 0.0125% | 0.00625% |
| Period of Covered | From 21.00 hours South Africa Standard time on 20th July, 2023 to 21.00 hours South Africa standard time on 20th July, 2024. | | |

Others terms, conditions warranties, Clauses and Endorsements as per Policies.

**আলোচ্যসূচি ১৬। বৈদেশিক পুন:বীমাকারীর নিকট Re-insurance প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ পুন:বীমা সংক্রান্ত নিম্নোক্ত বিষয়গুলো অনুমোদন করে:-

১। বৈদেশিক পুন:বীমাকারীর কাছ থেকে প্রিমিয়াম রেট আনয়নের ক্ষেত্রে কোন Group বা তার একাধিক অঙ্গ প্রতিষ্ঠানের নাম একত্রিত করে ১০০ কোটি টাকার অধিক পণ্যমূল্য ঘোষনা দিয়ে হ্রাসকৃত প্রিমিয়াম হার আনয়ন করা যাবে না।

২। প্রতিটি বৈদেশিক পুন:বীমাকারীর কাছ থেকে প্রিমিয়াম রেট আনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল দলিলাদিসহ বিশেষ করে পুন:বীমাকারীর সাইন্ড স্লিপ সহকারে কর্তৃপক্ষের নিকট অনুমোদনের আবেদন করতে হবে।

৩। প্রতিটি বৈদেশিক পুন:বীমাকারীর কাছ থেকে প্রিমিয়াম রেট আনয়নের ক্ষেত্রে পুন:বীমাকারীর ঝুঁকির শেয়ার মোট ঝুঁকির কমপক্ষে ৫০% হতে হবে।

**আলোচ্যসূচি ১৭: Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance. A/c. M/s. The Pride Group.**

কর্তৃপক্ষ M/s. The pride group এর বীমা অংক টাঃ ৪৭৪,২৭,৪৬,৫৮৭/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত নেট প্রিমিয়াম হার

লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.০৯% ও অন্যান্য শর্তাবলী ১৪-০৫-২০২৩ থেকে ১৪-০৫-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১৮: Premium rate, terms & conditions for Hotel Owners All Risks Insurance (HOAR) Including Business Interruption. A/c. M/s. Unique Hotel & Resorts Ltd, Sheraton, Dhaka.**

কর্তৃপক্ষ M/s. Unique Hotel & Resorts Ltd, Sheraton, Dhaka এর বীমা অংক টাঃ ৬৫৫,৯০,৬০,০০০/- (Property Damage = Tk.515,78,10,000 + Business Interruption =Tk.140,12,50,000 =Tk.655,90,60,000) ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত নেট প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.০৬৭৫%, Business Interruption-24 Months ও অন্যান্য শর্তাবলী ২৩-০১-২০২৩ থেকে ২৩-০১-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১৯: Premium rate, terms & conditions for IAR insurance. A/c. M/s. Amigo Bangladesh Ltd.**

কর্তৃপক্ষ M/s. Amigo Bangladesh Limited এর বীমা অংক টাঃ ৮,৭৩৬,৭৯২,৮৩৮/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার ০.১২৫০% ও অন্যান্য শর্তাবলী ৩১-১২-২০২২ থেকে ৩১-১২-২০২৩ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২০: Premium rate, terms & conditions for IAR insurance. A/c. M/s. Maksuda Spinning Mills Ltd.**

কর্তৃপক্ষ M/s. Maksuda Spinning Mills Ltd এর বীমা অংক টাঃ ৪০০,০৫,০০,০০০/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার ০.০৯% ও অন্যান্য শর্তাবলী ১৩-০৭-২০২৩ থেকে ১৩-০৭-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২১: Premium rate, terms & conditions for IAR including MBD insurance. A/c. M/s. Anower Ispat Ltd.**

কর্তৃপক্ষ M/s. Anower Ispat Ltd এর বীমা অংক টাঃ ৪১৮,৪৫,০৮,৩০১/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত নেট প্রিমিয়াম হার লোডিং দিয়ে ০.১১% ও অন্যান্য শর্তাবলী ০৮-১০-২০২৩ থেকে ০৮-১০-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২২: Premium rate, terms & conditions for IAR insurance. A/c. M/s. GMS Textiles Ltd.**

কর্তৃপক্ষ M/s. GMS Textiles Limited এর বীমা অংক টাঃ ৬২০,৭৩,৫০,৩৯৯/- ফায়ার ইন্স্যুরেন্স এর বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত নেট

প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১১২৫% ও অন্যান্য শর্তাবলী ০৩-০২-২০২৩ থেকে ০৩-০২-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৩: Premium rate, terms & conditions of IAR insurance for CAP/HAT (Headwear) Manufacturing Industry.**

কর্তৃপক্ষ Cap/Hat Manufacturing Industry এর জন্য (১ম শ্রেণীর বিল্ডিং) IAR প্রিমিয়াম হার ০.৩০% অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৪: FEA discount প্রসঙ্গে। হিসাব ঃ M/s. Gazi pipes. Factory: Khadun, Rupshi, Rupganj, Narayanganj.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 17½% discount (i.e. 10% discount for Hydrants, For Mobile Fire Extinguisher 5% and For Internal Hydrants with small bore hose or hose reel 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ২৫: FEA discount প্রসঙ্গে। হিসাবঃ M/S. EUPHORIA APPARELS LTD.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 35% discount (i.e. Sprinkler 20%, 10% discount for Hydrants External and For Mobile Fire Extinguisher 5%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ২৬: FEA discount প্রসঙ্গে। হিসাবঃ M/s. Trust Knitwear Industries Ltd.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 47½% discount (i.e. Sprinkler 30%, 10% discount for Hydrants External and For Mobile Fire Extinguisher 5% and Internal Hydrants with small bore hose or hose reel 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ২৭: FEA discount প্রসঙ্গে। হিসাবঃ M/s. Evertobe (bd) ltd.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 17½% discount (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

আলোচ্যসূচি ২৮: **FEA discount প্রসঙ্গে। হিসাব ঃ M/s. (i) Arif Knit Spin Ltd. (ii) NRG Spinning mills Ltd. (iii) NRG composit yarn dying. Iv) A T&T Spinning mills Ltd. V) NRG hometex Ltd. Vi) Smart narrow fabrics vii) EJ paper & packaging Pvt Ltd. Viii) NRG Printing & Packaging Ltd. Sister concern of NR group.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 17½% discount (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

আলোচ্যসূচি ২৯: **FEA discount প্রসঙ্গে। হিসাব ঃ M/s. Transcom Electronics Limited.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 17½% discount (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

আলোচ্যসূচি ৩০: **FEA discount প্রসঙ্গে। হিসাব ঃ M/s. Akand Textile Mills.**

কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন বিবেচনা পূর্বক নিম্নোক্ত শর্তে FEA discount অনুমোদন করে:

The committee recommended for approval by Central Rating Committee 17½% discount (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

উপরোক্ত শর্তাবলী ও নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

১৬.০১.২০২৪

**মোঃ জাহাঙ্গীর আলম,** উপসচিব
পরিচালক (নন-লাইফ) ও
সদস্য সচিব, সি.আর.সি.

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন।
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানী

অনুলিপি:

৫) চেয়ারম্যান মহোদয়ের ষ্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৬) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন|
৭) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৮) অফিস কপি।

**সার্কুলার নম্বর: জিএডি ১৭-২০২৪ (পরিশোধিত মূলধন ও বিনিয়োগের এফডিআর বিষয়ে নির্দেশনা) (প্রকাশের তারিখঃ ১৬-১-২০২৪)**

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩. ১৫২

তারিখঃ ০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

**জিএডি সার্কুলার নম্বর- ১৭/২০২৪**

**বিষয়ঃ পরিশোধিত মূলধন ও বিনিয়োগের এফডিআর বিষয়ে নির্দেশনা।**

বীমা আইন, ২০১০ এর ২১(২) ধারা অনুযায়ী বীমাকারীর নিবন্ধনকালে পরিশোধিত মূলধন তফসিলি ব্যাংকে দায়মুক্তভাবে রাখার বিধান রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কিছু বীমা কোম্পানি বীমা আইনের ২১(১) ধারা ও সংশ্লিষ্ট তফসিল-১ এ বিধৃত পরিশোধিত মূলধনের উপর দায় সৃষ্টিপূর্বক ঋণ গ্রহণ করছেন যা বীমা আইনের সুস্পষ্ট লঙ্ঘন। এছাড়া অনেক ক্ষেত্রে তফসিলি ব্যাংকে পরিশোধিত মূলধনের অর্থ জমা রাখার পর দায়বিহীনভাবে জমা রাখার বিষয়ে ব্যাংকের প্রত্যয়নপত্র কর্তৃপক্ষ বরাবর দাখিল করা হচ্ছে না।

২. অন্যদিকে বীমা কোম্পানিসমূহ সাম্প্রতিক সময়ে বিনিয়োগকৃত এফডিআর (FDR) এর বিপরীতে ঋণ গ্রহণ করছে মর্মে পরিদর্শনকালে তথ্য পাওয়া যাচ্ছে। বীমাদাবি পরিশোধের উদ্দেশ্যে এসব ঋণ গ্রহণ করা হচ্ছে মর্মে বিভিন্ন বীমা কোম্পানি দাবি করছে। বিনিয়োগ সংক্রান্ত প্রবিধান অনুযায়ী দায়ের বিপরীতে বিনিয়োগ করতে হয়। ফলে, বিনিয়োগের বিপরীতে ঋণ গ্রহণের মাধ্যমে দায় সৃষ্টি বিনিয়োগের উদ্দেশ্য ব্যাহত করে এবং তা বিনিয়োগ সংশ্লিষ্ট প্রবিধানের লঙ্ঘন। কারণ, বিনিয়োগের বিপরীতে দায় সৃষ্টি করা হলে তা প্রকৃতভাবে বিনিয়োগ থাকেনা। এক্ষেত্রে, বীমা দাবি পরিশোধে বা অন্য কোন কারণে বীমাকারীর অর্থের প্রয়োজন হলে এফডিআর (FDR) নগদায়ন করা যেতে পারে।

৩. এমতাবস্থায়,

(ক) বীমা আইনের ২১(১) ধারা মোতাবেক পরিশোধিত মূলধনের অর্থ তফসিলি ব্যাংকে কোম্পানির নামে দায়মুক্তভাবে জমা রাখতে হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক হতে এ মর্মে প্রত্যয়নপত্র কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

(খ) তাছাড়া বীমা কোম্পানির বিনিয়োগের এফডিআর (FDR) সমূহ আবশ্যিকভাবে দায়মুক্তরূপে ব্যাংকে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো এবং সংশ্লিষ্ট ব্যাংক-কে বীমা কোম্পানির ক্ষেত্রে এ নির্দেশনাটি পরিপালনে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হলো।

৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ সার্কুলার জারী করা হলো।

১৬.০১.২০২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**বিতরণ (কার্যার্থে):**

১. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি (সকল)
২. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, তফসিলি ব্যাংক (সকল)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক (সকল ব্যাংককে অবহিত ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৩. চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৮. অফিস কপি

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
অনুবিভাগ শাখা
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০২০.২৫০

তারিখ: ১২-০২-২০২৪

**সার্কুলার নং-নন-লাইফ ৯৯/২০২৪**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২১-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল রেটিং কমিটির ১৮০তম সভার সুপারিশের আলোকে নিম্নলিখিত বিষয়সমূহ গত ১১-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৬৭ তম সভায় অনুমোদন করা হয়ঃ-

**আলোচ্যসূচি ১:** Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance. A/c. M/s. Mosharaf Composite Textile Mills Limited.

কর্তৃপক্ষ M/s. Mosharaf Composite Textile Mills Limited এর বীমা অংক টাঃ ৫,৪৮৭,১৯৪,৫৪১/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১০৫% ও অন্যান্য শর্তাবলী ১১-০৯-২০২৩ থেকে ১১-০৯-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২:** Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance. A/c. M/s. Marico Bangladesh Ltd.

কর্তৃপক্ষ M/s. Marico Bangladesh Limited এর বীমা অংক টাঃ ১৫,৩০৩,১০০,০০০/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত Flat Premium of BDT. 19,000,000 on TSI, যা রেট এ Convert করলে প্রিমিয়াম হার দাঁড়ায় ০.১২৪% ও অন্যান্য শর্তাবলী ০১-০৫-২০২৩ থেকে ৩০-০৪-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩:** Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance. A/c. M/s. AA Yarn Mills Ltd.

কর্তৃপক্ষ M/s. AA Yarn Mills Limited এর বীমা অংক টাঃ ১২,৯৭৩,২৮৪,১২৭/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১৩% ও অন্যান্য শর্তাবলী ০৫-০৯-২০২৩ থেকে ০৫-০৯-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৪:** Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance including MBD. A/c. M/s. BRB Cable industries Limited.

কর্তৃপক্ষ M/s. BRB Cable Industries Ltd. এর বীমা অংক টাঃ ৪,৬৬৬,১৫২,০০০/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.১১% ও অন্যান্য শর্তাবলী ৩০-০৮-২০২৩ থেকে ৩০-০৮-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৫:** **Premium rate, terms & conditions for Industrial All Risks Insurance. A/c. M/s. BSRM Steels Ltd. (unit-2).**

কর্তৃপক্ষ M/s. BSRM Steels Ltd. (Unit – 2) এর বীমা অংক টাঃ ৮,৯১৪,৯২২,৮২১/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারী Waica Re (রেটিং মান B+ এর নীচে হওয়ায়) এর নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার অনুমোদন করেনি।

**আলোচ্যসূচি ৬:** **Premium rate, terms & conditions for Industrial All Risks insurance. A/c. M/s. Baraka shikalbaha power ltd.**

কর্তৃপক্ষ M/s. Baraka Shikalbaha Power Ltd এর বীমা অংক টাঃ ৬,৮৫৫,০০০,০০০/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.২০% ও অন্যান্য শর্তাবলী ১৩-০৭-২০২৩ থেকে ১৩-০৭-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৭:** **Premium rate, terms & conditions for Industrial All Risks insurance. A/c. M/s. Samin Food & Beverage Industries & Textile Mills Ltd.**

কর্তৃপক্ষ টপ লোকেশনের ভিত্তিতে পলিসি করার কারণে M/s. Samin Food & Beverage Inds. & Textile Mills Ltd এর বীমা অংক টাঃ ৪,০২০,৬০৬,২৮৫/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার অনুমোদন করেনি।

**আলোচ্যসূচি ৮:** **Premium rate, terms & conditions for Industrial All Risks insurance. A/c. M/s. MAF Shoes Ltd.**

কর্তৃপক্ষ M/s. MAF Shoes Limited এর বীমা অংক টাঃ ৪,২৩৭,৮৮৭,৬১৪/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত গ্রস প্রিমিয়াম হার ০.০৯৫% ও অন্যান্য শর্তাবলী ৩১-০৫-২০২৩ থেকে ৩১-০৫-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৯:** **Premium rate, terms & conditions for Industrial All Risks insurance. A/c. M/s. Salek Textile Ltd. (Fabric Unit).**

কর্তৃপক্ষ M/s. Salek Textile Ltd.(Fabric Unit) এর বীমা অংক টাঃ ৪,০১২,৫৬৯,৮৪১/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারী Waica Re (রেটিং মান B+ এর নীচে হওয়ায়) এর নিকট থেকে সংগৃহীত গ্রস প্রিমিয়াম হার অনুমোদন করেনি।

**আলোচ্যসূচি ১০:** **Premium rate, terms & conditions for Industrial All Risks insurance. A/c. M/s. Humaira Composite Textile Mills Ltd.**

কর্তৃপক্ষ M/s. Humaira Composite Textile Mills Ltd এর বীমা অংক টাঃ ৪,০০৬,৯০৮,৭৯৫/- বিবেচনায় নিয়ে ফায়ার ইন্স্যুরেন্সের বর্তমান কান্ট্রি লিমিট টাঃ ৪০০ (চারশত) কোটি অতিক্রম করায় বিদেশী পুন:বীমাকারীদের

নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম হার লোডিং দিয়ে গ্রস প্রিমিয়াম হার ০.০৮১২৫% ও অন্যান্য শর্তাবলী ২৪-০৭-২০২৩ থেকে ২৪-০৭-২০২৪ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১১:** **FEA discount। হিসাব ঃ M/s. Akota Composite Mills Ltd.**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানের জন্য **FEA discount** অনুমোদন করে:

A total 17½% discount (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১২:** **FEA discount। হিসাব ঃ M/s. Ingenitex (Bd.) Ltd.**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানের জন্য **FEA discount** অনুমোদন করে:

A total 20% discount (i.e. 10% discount for Hydrants, For Mobile Fire Extinguisher 5%, For Buckets Water/Sand 2½% and For Portable Manual Fire Pumps 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১৩:** **FEA discount। হিসাব ঃ M/s. Whitex Garments (Bd.) Ltd.**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানের জন্য **FEA discount** অনুমোদন করে:

Recommendation For Building 01 (Sum Insured : $1,06,77,500) :-

A total 47½% discount for Building No.1 (i.e. Sprinkler 30%, 10% discount for Hydrants External and For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

Recommendation For Building 02 (Sum Insured : $21,72,500) :-

A total 17½% discount for Building No.2 (i.e. 10% discount for Hydrants External, For Mobile Fire Extinguisher 5% and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the next renewal date of the policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১৪:** **FEA discount। হিসাব ঃ i) M/s. M/s. Hazrat Amanat Shah Spinning Mills Ltd (Unit-2), ii) M/s. Hazrat Amanat Shah Fabrics Ltd (Woven composite), iii) M/s. Hazrat Amanat Shah Spinning Mills Ltd (Godown-1), iv) M/s. Hazrat Amanat Shah Spinning Mills Ltd (Godown-2), v) M/s. Hazrat Amanat Shah Spinning Mills Ltd (Unit-1).**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য **FEA discount** অনুমোদন করে:

A total 52½% discount for Hazarat Amanat Shah Group (i.e. Sprinkler 35%, 10% discount for Hydrants External and For Mobile Fire Extinguisher 5% and Internal Hydrants with small

bore hose or hose reel 2½%) on fire premium only effective from the existing policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১৫:** **FEA discount। হিসাবঃ M/s. i) Kadena Sportswear Ltd & ii) Fenix Sportswear Ltd.**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানের জন্য **FEA discount** অনুমোদন করে:

A total 25% discount (i.e. 10% discount for Hydrants, For Mobile Fire Extinguisher 5%, For Internal Hydrants with small bore hose or hose reel 2½%, Excess Installation of extinguishers 2½%, For 2½% discount Portable Manual Fire Pumps and Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the existing policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১৬:** **FEA discount। হিসাব ঃ M/s. Industrial Hand Protection Ltd.**

কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে উপরোক্ত প্রতিষ্ঠানের জন্য **FEA discount** অনুমোদন করে:

A total 45% discount (i.e. Sprinkler 30%, 10% discount for Hydrants External and Extra Installation of Extinguishers 2½%, For Buckets Water/Sand 2½%) on fire premium only effective from the existing policy subject to FEA warranty clause.

**আলোচ্যসূচি ১৭:** বাংলাদেশ শ্রম আইন ২০০৬ **এর ধারা পরিবর্তনের ফলে ট্যারিফে পরিবর্তন আনা প্রসঙ্গে।**

কর্তৃপক্ষ, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর ৫৫ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ফায়ার ট্যারিফের যেসকল জায়গায় ২২৫০ স্কয়ার ফিটে ১টি করে ফায়ার এক্সটিনগুইশার রাখার বিধান আছে সে সকল জায়গায় ২২৫০ স্কয়ার ফিটের পরিবর্তে ৯৬৯ স্কয়ার ফিটে পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করে।

**আলোচ্যসূচি ১৮:** **Flat Premium, terms & condition for Site Pollution Liability Insurance. A/c. M/s. Coca-cola Bangladesh Beverages Limited.**

কর্তৃপক্ষ **Site Pollution Liability** নামক নতুন ধরনের পলিসিটির বীমাঅংক ৫১.১০ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ২০,৪৭৫ ইউএস ডলার ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ১৯:** **Vetting of Flat Premium, terms & condition for Contaminated Product Insurance. A/c. M/s. Coca-cola Bangladesh Beverages Limited.**

কর্তৃপক্ষ **Contaminated Product Insurance** নামক নতুন ধরনের পলিসিটির বীমাঅংক ২০.৪৪ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ৪৮,৮৯১ ইউএস ডলার ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২০:** Vetting of Flat Premium, terms & condition for Commercial Crime Insurance. A/c. M/s. Coca-cola Bangladesh Beverages Limited.

কর্তৃপক্ষ Commercial Crime Insurance নামক নতুন ধরনের পলিসিটির বীমাঅংক ১০.২২ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ৮,৪০০ ইউএস ডলার ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২১।** Vetting of Flat Premium, terms & condition for Officers liability insurance. A/c. M/s. Coca-cola Bangladesh Beverages Limited.

কর্তৃপক্ষ Officers liability insurance নামক নতুন ধরনের পলিসিটির বীমাঅংক ১০.২২ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ৫,৫৬৫ ইউএস ডলার ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২২।** Vetting of Flat Premium, terms & condition for Commercial General liability insurance. A/c. M/s. Coca-cola Bangladesh Beverages Limited.

কর্তৃপক্ষ Commercial General liability নামক নতুন ধরনের পলিসিটির বীমাঅংক ১০.২২ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ১৭,১৯৩ ইউএস ডলার ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৩:** Premium rate, terms and conditions of MBD Policy, Sum Insured =Tk. 75,00,000/- only. Insured: M/s Moriom Cement Sheet Mills Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার জন্য প্রিমিয়াম হার ১.৫৫% এবং ডিডাক্টিবল 10% of claim amount but minimum Tk.2.50,000 E.E.L. ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৪:** Premium rate, terms and conditions of MBD Policy. Insured: M/s. Confidence Cement Ltd.

কর্তৃপক্ষ Electrical Hydraulic Equilibrium Crane এর জন্য Lift Insurance Policy সবচেয়ে সঠিক পলিসি বলে মনে করে। তবে এক্ষেত্রে উপরোক্ত বীমাগ্রহীতার জন্য প্রিমিয়াম হার ১.২৬% এবং ডিডাক্টিবল 10% of claim amount but minimum Tk.3.00,000 E.E.L. ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৫।** Product Liability insurance policy এর প্রিমিয়াম রেট ভেটিং প্রসঙ্গে। বীমাগ্রহীতা: M/s. Raida Collections Ltd.

কর্তৃপক্ষ পলিসিটির বীমাঅংক ২০,০০০ ইউএস ডলার (২০,০০০ * ১০৮ = ২১,৬০,০০০ টাকা) বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত লামসাম প্রিমিয়াম ৫,০০০ ইউএস ডলার (৫০০০ * ১০৮ = ৫,৪০,০০০ টাকা) ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৬:** Premium rate, terms and conditions of MBD insurance. Insured: M/s. Anraj Fish Products Industries Limited.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার জন্য প্রিমিয়াম হার ১.৩৬% এবং ডিডাক্টিবল 10% of claim amount but minimum Tk.2.50,000 E.E.L. ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৭।** Bankers Blanket Bond insurance এর প্রিমিয়াম রেট ভেটিং প্রসঙ্গে। বীমাগ্রহীতা: M/s. Brac Bank Ltd.

কর্তৃপক্ষ পলিসিটির বীমাঅংক (লিমিট অব লায়বিলিটি) ১০২.৭৪ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম 0.77% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৮:** Premium rate, terms and conditions of MBD insurance. Insured: M/s. Tamishna Dyeing Industries Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার জন্য প্রিমিয়াম হার ১.১০% এবং ডিডাক্টিবল 10% of claim amount but minimum Tk.2.50,000 E.E.L. ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ২৯:** Premium rate, terms and conditions of MBD insurance on various Machinery, Sub-Station & Generator only. A/c. Stark Bag Industries ltd

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার জন্য প্রিমিয়াম হার ১.১০% এবং ডিডাক্টিবল 10% of claim amount but minimum Tk.2.50,000 E.E.L. ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৪।** Bankers Blanket Bond insurance এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: M/s. Dhaka Bank Ltd.

কর্তৃপক্ষ পলিসিটির বীমাঅংক ৩০ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে সংগৃহীত নেট লামসাম প্রিমিয়াম লোডিং দিয়ে ৪২,৪৮,০১৪ টাকা ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৫।** Erection All Risks (EAR) insurance policy এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: M/s. BSRM Ltd.

কর্তৃপক্ষ পলিসিটির বীমাঅংক ১১৮৮ কোটি টাকা বিবেচনায় নিয়ে বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে সংগৃহীত প্রিমিয়াম 0.12% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৬।** Product Liability insurance policy এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: Habitus Fashion Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার টেরিটোরিয়াল লিমিট ওয়ার্ল্ডওয়াইড বিবেচনায় নিয়ে প্রিমিয়াম ০.৪৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৭।** **Public and Product Liability insurance policy** এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: Esquire Knit Composite Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার টেরিটোরিয়াল লিমিট ইউরোপ (ফ্রান্স) বিবেচনায় নিয়ে প্রিমিয়াম ০.৪৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৮।** **Product Liability insurance** এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: Arkay Knit Dyeing Mills Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার টেরিটোরিয়াল লিমিট ইউরোপ (ফ্রান্স) বিবেচনায় নিয়ে প্রিমিয়াম ০.৪৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৩৯।** **Product Liability insurance policy** এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: Habitus Fashion Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার টেরিটোরিয়াল লিমিট ইউরোপ (ফ্রান্স) বিবেচনায় নিয়ে প্রিমিয়াম ০.৪৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৪০।** **Product Liability insurance policy** এর প্রিমিয়াম রেট। বীমাগ্রহীতা: Masihata Sweaters Ltd.

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার টেরিটোরিয়াল লিমিট ইউরোপ (ফ্রান্স) বিবেচনায় নিয়ে প্রিমিয়াম ০.৪৪% ও অন্যান্য শর্তাবলী অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৪১।** **Public Liability insurance** এর **wording and** প্রিমিয়াম রেট। বীমাকারী: ইষ্টার্ণ ব্যাংক লিমিটেড।

কর্তৃপক্ষ উপরোক্ত বীমাগ্রহীতার Public Liability Insurance এর প্রিমিয়াম ০.৪০% এবং Any one accident এর ক্ষেত্রে নিম্নোক্ত liability limit অনুমোদন করে: -

i) Bodily injury per person/per event: BDT. 50 lac and Annual aggregate liability is 1 crore.

ii) Third party property Damage per occurrance: BDT. 50 lac and Annual aggregate liability is 1 crore.

**আলোচ্যসূচি ৪২।** **বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে দুর্ঘটনা ও বিবিধ রেটিং উপ-কমিটির অধীন কোন পলিসির নেট প্রিমিয়াম লোডিং।**

বিদেশী পুন:বীমাকারীর নিকট থেকে দুর্ঘটনা ও বিবিধ রেটিং উপ-কমিটির অধীন কোন পলিসির জন্য নেট প্রিমিয়াম আনা হলে তার সাথে ১০% লোডিং দিয়ে গ্রোস প্রিমিয়াম করার সিদ্ধান্ত অনুমোদন করে।

**আলোচ্যসূচি ৪৩।** **নন-লাইফ সার্কুলার নং ৯৮/২০২৪ এর আলোচ্যসূচি ১ এর অধীন ২০২৩ -২০২৪ সনের সাধারণ বীমা কর্পোরেশনের ট্রিটি রিটেনশন এবং কান্ট্রি লিমিটে সংশোধনী প্রসঙ্গে।**

সাধারণ বীমা কর্পোরেশনের ২০২৩-২০২৪ সনের Marine Hull surplus এ Retention (BDT) 1,00,00,000 এর স্থলে ভুলবশত: 7,00,00,000 ছাপা হয়েছে, যা BDT 1,00,00,000 পড়তে হবে।

২২.০২.২০২৪

**মোঃ জাহাঙ্গীর আলম,** উপসচিব
পরিচালক (নন-লাইফ) ও
সদস্য সচিব, সি.আর.সি.

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন।
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানী

অনুলিপি:

১) চেয়ারম্যান মহোদয়ের ষ্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন|
৩) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪) অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩.২৫৬

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

**জিএডি সার্কুলার নম্বর- ১৮/২০২৪**

**বিষয়ঃ বীমাকারীর ব্যবস্থাপনা ব্যয় সীমিতকরণের নির্দেশনা।**

'বীমা আইন, ২০১০' ও এর অধীন প্রণীত 'লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০২০' ও 'নন-লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০১৮' অনুযায়ী বীমাকারী ব্যবস্থাপনাসহ আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করে থাকে।

২. কিন্তু কোনো কোনো বীমাকারী কর্তৃক নির্ধারিত ব্যবস্থাপনা ব্যয়ের সীমা লঙ্ঘন করে অতিরিক্ত অর্থ ব্যয় করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। বীমাকারীর পরিচালকগণ ও অন্যান্য কর্মকর্তাদের দেশে ও বিদেশে কনফারেন্স/সেমিনার /সিম্পোজিয়ামে অংশগ্রহণের মাধ্যমে বিপুল অর্থ ব্যয় পরিলক্ষিত হচ্ছে। এরূপ ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধির মাধ্যমে বীমাকারীর আর্থিক সক্ষমতার উপর বিরূপ প্রভাব ফেলছে যা বীমা গ্রাহকের স্বার্থের সাথে সংগতিপূর্ণ নয়।

৩. এমতাবস্থায়, বীমা আইনের সংশ্লিষ্ট ধারা ও বিধিমালা অনুযায়ী প্রত্যেক বীমাকারী প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা ব্যয় নির্ধারিত সীমার মধ্যে সংকুচিত রেখে প্রয়োজনীয় ব্যয় সংকোচনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। এখন থেকে প্রত্যেক বীমাকারী প্রতিষ্ঠানের পরিচালকসহ সকল কর্মকর্তাগণের বীমাকারীর অর্থায়নে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্য প্রেরণ করে 'কর্তৃপক্ষ'এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে:

| নাম ও পদবী | ভ্রমণের দেশের নাম ও ভ্রমণের উদ্দেশ্য | ভ্রমণের সময়কাল | বিদেশ ভ্রমণের মাধ্যমে বীমাকারী কিভাবে উপকৃত হবে তার সংক্ষিপ্ত বর্ণনা | সম্ভাব্য ব্যয় | বিগত ৫ (পাঁচ) বছরে বিদেশ ভ্রমণ সংক্রান্ত সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ সার্কুলার জারী করা হলো।

১৯.২.২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**বিতরণ (কার্যার্থে):**

১. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি (সকল)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৩. চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬. চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৮. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৯. অফিস কপি

**সার্কুলার নম্বর: নন-লাইফ ১০০-২০২৪ (ব্যাংকাসুরেন্স ব্যবস্থায় যুক্ত নন-লাইফ বীমাকোম্পানীর ব্যাংক হিসাব পরিচালনা)**
**(প্রকাশের তারিখঃ ১৪-৩-২০২৪)**

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩.২৬৯

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪৩০ বঃ / ১৪ মার্চ ২০২৪ খ্রিঃ

**সার্কুলার নম্বর- নন-লাইফ ১০০/২০২৪**

**বিষয়ঃ ব্যাংকাসুরেন্স ব্যবস্থায় যুক্ত নন-লাইফ বীমা কোম্পানীর ব্যাংক হিসাব পরিচালনা।**

নন-লাইফ বীমা কোম্পানিসমূহের আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সার্কুলার নম্বর নন-লাইফ ৬৪/২০১৯ ও নন-লাইফ ৬৮/২০১৯ এর মাধ্যমে নন-লাইফ বীমাকারীর সর্বোচ্চ ৩ (তিন)টি ব্যাংক হিসাবের মাধ্যমে প্রিমিয়াম গ্রহণ করার সুযোগ সীমিত রয়েছে। সম্প্রতি সরকার কর্তৃক ব্যাংকাসুরেন্স চালু করা হয়েছে। কোনো কোনো বীমাকারী ব্যাংকাসুরেন্স এর আওতায় যে সকল ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে সে সকল ব্যাংকে সংশ্লিষ্ট বীমাকারীর প্রিমিয়াম গ্রহণের ব্যাংক হিসাব নাও থাকতে পারে। এমতাবস্থায়, ব্যাংকাসুরেন্স এর আওতায় চুক্তিবদ্ধ ব্যাংকে বীমাকারীর প্রিমিয়াম গ্রহণের ব্যাংক হিসাব না থাকলে নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যাংকে বীমা প্রিমিয়াম গ্রহণের জন্য বীমাকারী নির্দিষ্ট ০৩ (তিন)টির অতিরিক্ত একটি ব্যাংক হিসাব চালু করতে পারবে।

(ক) ব্যাংকাসুরেন্স এর চুক্তিবদ্ধ ব্যাংকে শুধুমাত্র চুক্তিকালীন সময়ের জন্য বীমা প্রিমিয়াম গ্রহণের জন্য একটি মাত্র ব্যাংক হিসাব চালু করা যাবে এবং এরূপে চালুকৃত হিসাব নম্বর 'কর্তৃপক্ষ'কে অবহিত করতে হবে;

(খ) ব্যাংকের সাথে ব্যাংকাসুরেন্স চুক্তি সমাপ্ত হলে বা নবায়ন না হলে অনতিবিলম্বে ব্যাংক হিসাবটি বন্ধ করে হিসাবে রক্ষিত অর্থ বীমাকারীর মূল প্রিমিয়াম গ্রহণের ব্যাংক হিসাবে আবশ্যিকভাবে স্থানান্তর করতে হবে;

(গ) শুধুমাত্র প্রিমিয়াম গ্রহণের জন্য এ ব্যাংক হিসাব ব্যবহার করা যাবে। অন্য কোনো উদ্দেশ্যে এ হিসাব হতে কোন প্রকার লেনদেন করা যাবেনা। তবে, হিসাবটিতে জমাকৃত প্রিমিয়াম যদি ব্যাংকাসুরেন্স গ্রাহককে ফেরত দিতে হয়, সেক্ষেত্রে উক্ত হিসাব হতে বীমা গ্রাহকের ব্যাংক হিসাবে ট্রান্সফারের মাধ্যমে ফেরত প্রদান করা যাবে;

(ঘ) ব্যাংক হিসাবটিতে জমাকৃত প্রিমিয়ামের অর্থ একটি নির্দিষ্ট সময় (একমাসের অধিক নয়) অন্তর অন্তর ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বীমাকারীর বীমা প্রিমিয়াম গ্রহণের মূল ব্যাংক হিসাবের যেকোনো একটিতে স্থানান্তর করতে হবে;

(ঙ) 'কর্তৃপক্ষ' যেকোনো সময় এরূপ ব্যাংক হিসাব বন্ধের নির্দেশনা প্রদান করতে পারবে। সেক্ষেত্রে ব্যাংক হিসাবটি অনতিবিলম্বে বীমা কোম্পানী কর্তৃক বন্ধ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ সার্কুলার জারী করা হলো।

১৪.৩.২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**বিতরণ (কার্যার্থে):**

১. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, তফসিলি ব্যাংক (সকল)
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, নন-লাইফ বীমা কোম্পানি (সকল)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক (সকল ব্যাংককে অবহিত ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৩. চেয়ারম্যান, সকল নন-লাইফ বীমা কোম্পানি
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৮. অফিস কপি

**সার্কুলার নং: লাইফ ১৪-২০২৪ (বীমাদাবি দ্রুত ও সহজীকরণের বিষয়ে দলিল পত্রাদির চেকলিষ্ট সংক্রান্ত) (প্রকাশের তারিখঃ ৩০-৫-২০২৪)**

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩.১৭৪

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ মে ২০২৪ খ্রিঃ

লাইফ সার্কুলার নং: ১৪/২০২৪

**বিষয়: বীমাদাবি দ্রুত ও সহজীকরণের বিষয়ে দলিল পত্রাদির চেকলিষ্ট।**

বীমাদাবি দ্রুত ও সহজে পরিশোধ করার নিমিত্ত এবং বীমায় জনগণের আস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বীমাদাবি পরিশোধের জন্য গ্রাহকের নিকট চাহিতব্য দলিল পত্রাদির তালিকা নিম্নে উল্লেখ করা হল। এখানে উল্লেখ্য, যে সকল দলিল পত্রাদি, তথ্য বীমাকারীর নিকট রক্ষিত কিংবা বীমা করার সময়ে জমা প্রদান করা হয়েছে তা পুনরায় বীমা গ্রাহকের নিকট বীমাকারী দাবি করতে পারবে না।

**১। মেয়াদোত্তীর্ণ বীমাদাবি নিষ্পত্তির ক্ষেত্রে দলিল পত্রাদির চেকলিষ্ট:**
(ক) আবেদনের কপি,
(খ) মূল বীমা দলিল বা পাশ বই,
(গ) গ্রাহকের ব্যাংক হিসাব নম্বর।

**২। পলিসি সমর্পণ (Surrender Value) নিষ্পত্তির ক্ষেত্রে দলিল পত্রাদির চেকলিষ্ট:**
(ক) আবেদনের কপি,
(খ) মূল বীমা দলিল বা পাশ বই,
(ঘ) গ্রাহকের ব্যাংক হিসাব নম্বর।

**৩। মৃত্যুদাবি নিষ্পত্তির ক্ষেত্রে দলিল পত্রাদির চেকলিষ্ট:**
(ক) আবেদনের কপি,
(খ) মূল বীমা দলিল বা পাশ বই,
(গ) মৃত্যুর আইনানুগ সনদপত্র,
(ঘ) উত্তরাধিকারী নির্ধারণ সনদ,
(ঙ) নমিনী/ উত্তরাধিকারীগণের ব্যাংক হিসাব নম্বর।

**৪। রিভাইভ (Revive) পলিসি নিষ্পত্তির ক্ষেত্রে দলিল পত্রাদির চেকলিষ্ট:**
(ক) আবেদনের কপি,
(খ) মূল বীমা দলিল বা পাশ বই,
(গ) মেডিকেল রির্পোট।

**৫। জীবিত অবস্থায় প্রাপ্ত সুবিধা বিষয়ক বীমাদাবি নিষ্পত্তির (Survival Benefit) ক্ষেত্রে দলিল পত্রাদির চেকলিষ্ট:**
(ক) আবেদনের কপি,
(খ) মূল বীমা দলিল বা পাশ বই,
(গ) গ্রাহকের ব্যাংক হিসাব নম্বর।

প্রত্যেক লাইফ বীমাকারী কোম্পানিসমূহকে বীমাদাবি দ্রুত ও সহজে পরিশোধ করার জন্য উপর্যুক্ত চেকলিষ্ট অনুসরণ করে বীমা আইন-২০১০ এর নির্ধারিত সময়সীমার মধ্যে বীমা দাবী পরিশোধ করতে হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৩০.৫.২০২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

বিতরণ (কার্যার্থে):
১। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ বীমাকারী কোম্পানি (সকল)।

অনুলিপি: (সদয় অবগতির জন্য, জোষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ লাইফ বীমাকারী কোম্পানি/ কর্পোরেশন (সকল);
২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৫। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। নেটওয়ার্ক এ্যাডমিনিষ্টেটর, (কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৭। সদস্যগণের সহকারী (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৮। অফিস কপি।

**সার্কুলার নম্বর: জিএডি ১৯-২০২৪ (বীমা শিল্পে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা)**
**(প্রকাশের তারিখঃ ৪-৬-২০২৪)**

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩. ২৭৮

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিঃ

**জিএডি সার্কুলার নম্বর-১৯/২০২৪**

**বিষয়ঃ বীমা শিল্পে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা।**

কর্তৃপক্ষের অনুমোদিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক বীমা এজেন্টদের বাধ্যতামূলক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও মান নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

(ক) এজেন্ট লাইসেন্সের ক্ষেত্রে প্রশিক্ষণটি ৭২ (বাহাত্তর) ঘন্টা হতে হবে [প্রতিদিন ৮ (আট) ঘন্টার বেশি নয়, তন্মধ্যে ১৬ (ষোল) ঘন্টা শ্রেণিকক্ষে ও ৫৬ (ছাপ্পান্ন) ঘন্টা ব্যবহারিক/মাঠ পর্যায়ে];

(খ) বীমা বিষয়ে অভিজ্ঞ এবং দক্ষ যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(গ) প্রশিক্ষক তালিকা সংরক্ষণ করতে হবে;

(ঘ) প্রশিক্ষণ শুরুর ন্যূনতম ০৭ (সাত) কার্যদিবস পূর্বে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান আবশ্যিকভাবে UMP এর ALO Module এর 'এজেন্ট প্রশিক্ষণ' পোর্টাল এর মাধ্যমে প্রশিক্ষণের যাবতীয় তথ্য 'কর্তৃপক্ষ'কে প্রদান করবে;

(ঙ) বীমা কোম্পানির সাথে স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান থেকে উক্ত বীমা কোম্পানির এজেন্টদের প্রশিক্ষণ প্রদান করা যাবে না;

(চ) প্রশিক্ষণ ভেন্যু ও অন্যান্য সুযোগ সুবিধা মানসম্পন্ন হতে হবে;

(ছ) কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিরেকে এজেন্ট প্রশিক্ষণ পরিচালনা করা হলে তা কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য হবে না;

(জ) প্রত্যেক প্রশিক্ষণার্থীর ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি সংরক্ষণ করা বাধ্যতামূলক;

(ঝ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মডিউলের (সংযুক্তি- ১-২) ওপর প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(ঞ) শ্রেণিকক্ষে প্রশিক্ষণের পাশাপাশি মাঠ পর্যায়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(ট) প্রশিক্ষণের যথাযথ মান নিশ্চিত করে প্রশিক্ষণ ফি নির্ধারণ করতে হবে যা ২০০০/- টাকা থেকে ৩০০০/- টাকার মধ্যে সীমিত রাখতে হবে;

(ঠ) এজেন্ট লাইসেন্স নবায়নের ক্ষেত্রে পুনরায় এজেন্টকে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে প্রশিক্ষণটি ৩৬ (ছত্রিশ) ঘন্টা ব্যাপী হবে [প্রতিদিন ৮ (আট) ঘন্টার বেশি নয়, তন্মধ্যে ৮ (আট) ঘন্টা শ্রেণিকক্ষে ও ২৮ (আটাশ) ঘন্টা ব্যবহারিক/মাঠ পর্যায়ে];

(ড) প্রশিক্ষণ ব্যতিরেকে সনদ প্রদান অপরাধ হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বীমা কোম্পানি এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় আনা হবে;

(ঢ) অনলাইনে এজেন্ট প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রশিক্ষণের লিংক, আইডি ও পাসওয়ার্ড প্রশিক্ষণ শুরুর ৪৮ ঘন্টা পূর্বে কর্তৃপক্ষে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণের সময় সকল প্রশিক্ষণার্থীকে একই সাথে শ্রেণিকক্ষে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষক অনলাইনে সংযুক্ত হয়ে প্রশিক্ষণ পরিচালনা করবেন;

(ণ) প্রতি তিন মাস অন্তর অন্তর নিম্নোক্ত ছকে প্রশিক্ষণ বিবরণী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবেঃ

১

**ফরম-ক (বীমাকারী কর্তৃক পূরণীয়)**

| ক্রমিক | প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

**ফরম-খ (প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)**

| ক্রমিক | প্রশিক্ষণার্থীর নাম | বয়স | শিক্ষাগত যোগ্যতা | জাতীয় পরিচয়পত্র নম্বর | বীমাকারীর নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

২.০ এজেন্ট প্রশিক্ষণ সংক্রান্ত কর্তৃপক্ষের নিম্নবর্ণিত নির্দেশনাসমূহসহ ইতোপূর্বেকার সকল নির্দেশনা এতদ্বারা বাতিল মর্মে গণ্য হবে:

(১) ২৩ আগস্ট ২০২৩ তারিখের জিএডি সার্কুলার- ১৪/২০২৩ (স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০০৭.২০২৩. ২১০);

(২) অনলাইনে এজেন্ট প্রশিক্ষণ সংক্রান্ত ২২ সেপ্টেম্বর ২০২০ তারিখের নং:- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০.২২ স্মারক;

(৩) ২১ জুলাই ২০১৯ তারিখের সার্কুলার নম্বর: জিএডি- ৩/২০১৯ (স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮. ১৮৩) এবং

(৪) ০৭ ডিসেম্বর ২০১৪ তারিখের জিএডি সার্কুলার- ১২/২০১৪ (সূত্র: বী:উ:নি:ক:/জিএডি/১০০৩(৫)/২০১১-১৫৫১)।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে (১ ফর্দ)।**

০৪.০৬.২০২৪

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**বিতরণ (কার্যার্থে):**

১. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি (সকল)
২. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, কর্তৃপক্ষের অনুমোদিত বীমা এজেন্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান (সকল)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
২. চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি
৩. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৫. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৬. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সদস্যগণের সদয় অবগতির জন্য)
৮. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৯. অফিস কপি

সংযুক্তি-২

**এজেন্ট লাইসেন্স নবায়নের ক্ষেত্রে প্রশিক্ষণের নির্ধারিত মডিউল (৩৬ ঘন্টা)**

| ক্রমিক নম্বর | বিষয় | সময় | প্রশিক্ষক |
|---|---|---|---|
| | **(ক) লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স এজেন্টের ক্ষেত্রে- ৮ ঘন্টা (শ্রেণিকক্ষে)** | | |
| ১. | পেশা হিসেবে বীমা, বীমা বিক্রয়ে নীতি ও নৈতিকতা, এজেন্টের দায়িত্ব ও কর্তব্য | | |
| ২. | এজেন্টের আচরণ ও কমিশন সংক্রান্ত আইন ও বিধি-বিধানসমূহ | | |
| ৩. | অবলিখন সম্পর্কে আলোচনা (মেডিকেল এবং নন-মেডিকেল), সম্ভাব্য ক্রেতা অনুসন্ধান ও নির্বাচন। | | |
